Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

স্কন্দ - পুরাণম্

স্কন্দ পুরাণম্।

সপ্তখণ্ডাত্মকম্।

শ্রীমন্মহর্ষি-কৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস-বিরচিতম্।

বঙ্গানুবাদসমেতম্।

পণ্ডিতপ্রবর-

শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন-সম্পাদিতম্।

Q23:226
157E1

কলিকাতা,

৭।১।১ ভবানীচরণ দত্তের ষ্ট্রীট, বঙ্গবাসী-ইলেকট্রো-মেসিন-প্রেসে

শ্রীনটবর চক্রবর্ত্তী দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত।

সন ১৩১৮ সাল।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

Q23:226 8350
157E1
Panchanan Tarka-
ratna, Ed.
Skanda puran

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

স্কন্দ পুরাণম্।

সপ্তখণ্ডাত্মকম্।

শ্রীমন্মহর্ষি-কৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস-বিরচিতম্।

বঙ্গানুবাদসমেতম্।

পণ্ডিতপ্রবর-

শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন-সম্পাদিতম্।

[illegible]
YEAR [illegible]

কলিকাতা, ... [illegible]

৭৮।২ নং ভবানীচরণ দত্তের ষ্ট্রীট, "বঙ্গবাসী-ইলেকট্রো-মেসিন-প্রেসে"

শ্রীনটবর চক্রবর্ত্তী দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত।

সন ১৩১৮ সাল।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

Q23:226
157 E1

SRI JANGAMWADI VIDYAPEETHA
JANGAMWADI, JANGAMWADI
LIBRARY
Jangamwadi Math, Varanasi
ACC No. 8350

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

ভূমিকা।

মহর্ষি বেদব্যাস জগতের উপকারার্থ যে অষ্টাদশ মহাপুরাণ রচনা করেন—স্কন্দপুরাণ তাহারই অন্তর্গত। কোন কোন পুরাণসম্বন্ধে মতভেদ থাকিলেও স্কন্দপুরাণ যে অষ্টাদশ মহাপুরাণের অন্তর্গত, এ বিষয়ে মত-ভেদ নাই।

সমগ্র অষ্টাদশ পুরাণের শ্লোকসংখ্যা ৪ লক্ষ। তন্মধ্যে এক স্কন্দপুরাণেই ৮১ হাজার এক শত শ্লোক। সমগ্র অষ্টাদশ পুরাণের একপঞ্চমাংশ অপেক্ষা এই পুরাণ অধিক। এত অধিক শ্লোক আর কোন পুরাণেই নাই।

ভগবান্ বেদব্যাসের সমগ্র গ্রন্থের মধ্যে মহাভারত প্রথম, এবং স্কন্দ-পুরাণ দ্বিতীয়। এক মহাভারত ব্যতীত স্কন্দপুরাণের সঙ্গে তুলনা দিবার গ্রন্থ আর জগতে নাই। এত উপাখ্যান, এত তীর্থমাহাত্ম্য, এত ভক্তিতত্ত্ব, এত উপাসনা তত্ত্ব আর কোন গ্রন্থেই উপদিষ্ট হয় নাই।

মহাভারত বহু স্থানে মুদ্রিত ও প্রচারিত, কিন্তু মহাভারতসদৃশ স্কন্দ-পুরাণ আর কোথাও মুদ্রিত হয় নাই—সরল অনুবাদ সহ সমগ্র স্কন্দপুরাণ—এক বিস্ময়াবহ অপূর্ব্ব গ্রন্থ। আমি রোগশয্যায় শয়ান, সম্পাদকের গুরুভার আমার প্রতি ন্যস্ত থাকিলেও আমি কিছুই করি নাই। যোগ্য পণ্ডিতবর্গ ইহার অনুবাদ করিয়াছেন। তবে, আমার সম্পাদিত ও পরিদৃষ্ট পূর্ব্ব-প্রচারিত কাশীখণ্ড ও উৎকলখণ্ড অনুবাদের সহিত এই স্কন্দপুরাণ মধ্যেই আছে। উৎকলখণ্ডের নামান্তর পুরুষোত্তম ক্ষেত্রমাহাত্ম্য। আমিই যখন সম্পাদক, তখন আমিই বলিতেছি—পাঠকগণ এই মহাপুরাণ আদ্যন্ত পাঠ করুন, তাঁহারা তৃপ্ত হইলে আমি কৃতার্থ হইব। ইতি

শ্রীপঞ্চানন তর্করত্ন।

ভট্টপল্লী।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

অনুবাদকের বিজ্ঞাপন।

স্কন্দপুরাণ মহাপুরাণ। শুধু যদি মহাপুরাণ বলি, মাত্র ঐ বিশেষণটী দিয়াই ক্ষান্ত হই, ইহার বিশেষত্ব-বিজ্ঞাপক আর যদি কিছু না বলি, তাহা হইলেই এ মহাপুরাণের মহত্ত্ব-গুরুত্ব সমীচীনরূপে পরিব্যক্ত হইয়া পড়িবে, গ্রন্থগৌরবের গণনায়,—বিষয়-বৈশিষ্ট্যের আলোচনায়,—তথা কথা-কদম্বের অভিনব অভিব্যঞ্জনার নিদর্শনায় সেরূপ কখনই মনে হয় না; তাই এ স্থানে পুরাণের বিষয়, বিশেষতঃ এই মহাপুরাণের মহনীয়তার বিষয় কিঞ্চিৎ বিস্তৃতরূপে বলিলে, ব্যর্থ বাগাড়ম্বরের পরিচয় বলিয়া কেহই বোধ হয় মনে করিবেন না।

পুরাণ ভগবৎপ্রবর্ত্তিত, বেদ-সম্মিত; তাই হিন্দুর নিত্য-পূজ্য, ভক্তি-পাঠ্য। পুরাতন বিশ্ববৃত্তান্ত বিদিত হইবার পক্ষে পুরাণই একমাত্র সহায়। পুরাণ-সম্বন্ধে বিদেশী বিধর্ম্মী যেরূপ মত প্রকাশ করিয়া আত্মপ্রসাদ লাভ করিতে হয়, করুক; ক্ষোভ নাই, দুঃখ নাই; কিন্তু দুঃখের বিষয়, বিদেশীর আদর্শে অনেক স্বদেশী, দেখিয়াছি মাঝে মাঝে বলিয়া থাকেন—পুরাণবর্ণিত বিষয়গুলি রূপক—উহা কিছুই নহে, ব্যক্তিবিশেষের কল্পনামাত্র। সুখের বিষয়, তাঁহাদের সেই নাস্তিকতাজুষ্ট কথায় শাস্ত্রসেবী হিন্দু কখনই কর্ণপাত করে না এবং করিবেও না। বেদবিশ্বাসী হিন্দু জানে, বেদ—নিখিল বাঙ্ময়ের আদি-বীজভূত; ভগবৎস্বরূপ; সেই বেদের উপবৃংহণ ইতিহাস পুরাণ হইতেই হয়। সাক্ষাৎ ভগবান্ বিষ্ণুরূপী স্বয়ম্ভু নিখিল বেদ-উপবেদ-ইতিহাস-পুরাণ-বার্ত্তা-দণ্ডনীতি-আন্বীক্ষিকী-প্রভৃতি স্বোৎপন্ন জ্ঞানবিভূতির সহিত নিত্যই বিরাজমান।

শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধে উক্ত হইয়াছে,—

"ঋগ্‌যজুঃসামাথর্ব্বাখ্যান্ বেদাদীন্ মুখতোঽসৃজৎ।
শাস্ত্রমিজ্যাং স্তুতিস্তোমং প্রায়শ্চিত্তং ব্যধ্যাৎ ক্রমাৎ॥
আয়ুর্ব্বেদং ধনুর্ব্বেদং গান্ধর্ব্বং বেদমাত্মনঃ।
স্থাপত্যং চাসৃজদ্‌বেদং ক্রমাৎ পূর্ব্বাদিভির্ম্মুখৈঃ॥
ইতিহাসপুরাণানি পঞ্চমং বেদমীশ্বরঃ।
সর্ব্বেভ্য এব বক্ত্রেভ্যঃ সসৃজে সর্ব্বদর্শনঃ॥"

অর্থাৎ ব্রহ্মার পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব, এই বেদচতুষ্টয় আবির্ভূত হয়। আর তিনি হোতৃকর্ম্ম শাস্ত্র—অপ্রগীত মন্ত্র স্তোত্র, অধ্বর্য্যুর কর্ম্ম—ইজ্যা, ও উদ্‌গাতার কর্ত্তব্য স্তুতিস্তোম—সঙ্গীতস্বরূপ স্তোত্রার্থকৃত ঋক্ সকল এবং ব্রহ্মকর্ম্ম প্রায়শ্চিত্ত ইত্যাদি কর্ম্মও যথাক্রমে বিধান করিলেন। এতদ্ভিন্ন আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ববেদ এবং স্থাপত্যবেদ ইত্যাদি উপবেদসকলও তদীয় পূর্ব্বাদি মুখ হইতে যথাক্রমে উদ্ভূত হইল। অপর পঞ্চমবেদ ইতিহাস ও পুরাণ এ সকল তাঁহার বদন হইতে সৃষ্ট হইল।

ভাগবত-গ্রন্থের এই মৈত্রেয়োক্তি দ্বারা পুরাণ সকল ভগবৎপ্রবর্ত্তিত বলিয়াই প্রতিপন্ন হয়।

বৃহদারণ্যকশ্রুতিতে পুরাণ পুরম পুরুষের নিশ্বসিত বলিয়া বিবৃত হইয়াছে; শ্রুতি যথা—"ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকাঃ সূত্রাণি ব্যাখ্যানান্যনুব্যাখ্যানান্যস্যৈব নিশ্বসিতানি।"

অথর্ব্ব বেদ বলিয়াছেন,—"ঋচঃ সামানি ছন্দাংসি পুরাণং যজুষাসহ, উচ্ছিষ্টাজ্জজ্ঞিরে দিবশ্চিতাঃ।" [illegible] ...ম্নাতাথর্ব্বিতম্।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

ছান্দোগ্য উপনিষদে উল্লিখিত হইয়াছে,—"স হো বাচ ঋগ্‌বেদং ভগবোঽধ্যেমি যজুর্ব্বেদং সামবেদাথর্ব্বণং চতুর্থমিতিহাসং পুরাণং পঞ্চমং বেদানাং বেদমিতি।"

সামবেদীয় গোপথব্রাহ্মণে পূর্ব্বভাগে বলা হইয়াছে,—"এবমিমে সর্ব্বে বেদা নির্ম্মিতাঃ সকল্পাঃ সরহস্যাঃ সব্রাহ্মণাঃ সোপনিষৎকাঃ সেতিহাসাঃ সাম্বয়াঃ খ্যাতাঃ সপুরাণাঃ সস্বরাঃ।"

শতপথ ব্রাহ্মণে বর্ণিত আছে—"এবং বিদ্বান্ বাকো বাক্যমিতিহাসঃ পুরাণমিত্যহরহঃ স্বাধ্যায়মধীতে ত এনং তৃপ্তাস্তর্পয়ন্তি সর্ব্বৈঃ কামৈঃ সর্ব্বৈর্ভোগৈঃ।"

এইরূপে পুরাণোপপত্তির প্রমাণ ভূরি ভূরি আছে। বেদে উপনিষদাদিতে সর্ব্বত্রই পুরাণের উপপত্তি। তাই ইহা বেদশাসিত হিন্দুর নিকট বেদবৎ সমাদৃত ও পূজ্য। অনেক অদূরদর্শী পুরাণটা কিছুই নহে বলিয়া উড়াইয়া দিতে চাহেন; মুখে বলেন—বেদোক্তি মানি; পুরাণ বেদসম্মত নহে, কল্পনার বস্তু; তাঁহারা জানিয়া রাখিবেন যে, পুরাণ একটা যা'তা জিনিস নয়; যে সে ইহার প্রণেতা নয়; পুরাণ ভগবৎপ্রবর্ত্তিত বেদসম্মিত যুগপরম্পরাগত বস্তু। পুরাণবর্ণনা অলীক নহে; নিত্য-সিদ্ধ বেদে তাহার হুবহু প্রমাণ পাওয়া যায়।

পুরাণে ভগবানের সগুণাবতার বর্ণিত হইয়াছে, বেদমন্ত্রাদিতেও অনাগতাখ্যানরূপে অনেকত্র তাহার উল্লেখ লক্ষিত হইয়া থাকে। সুতরাং পুরাণ-বর্ণিত অবতারগুলিও কল্পিত বলিয়া উপেক্ষ্য নহে। এই স্থানে দুই একটী বেদ-বচনের উল্লেখ করিতেছি।

ঋগ্‌বেদ বলিয়াছেন,—"বিষ্ণুর্নু কং বীর্য্যাণি প্রবোচং যঃ পার্থিবাণি বিমমে রজাংসি। যো অস্কভায়দুত্তরং সধস্থং বিচক্রমাণস্ত্রেধোরুগায়ঃ। প্রতদ্বিষ্ণুস্তব তে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ। যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিপয়ন্তি ভুবনানি বিশ্বাঃ।"

এই ঋক্‌সূক্তে ভগবানের বামনাবতারের স্পষ্ট উল্লেখ দৃষ্ট হয়।

তৈত্তিরীয়সংহিতায় দেখা যায়, "আপো বা ইদমগ্রে সলিলমাসীৎ তস্মিন্ প্রজাপতির্বায়ুর্ভূত্বা চরৎ স ইমামপশ্যত্তং বারাহো ভূত্বাহরৎ।"

তৈত্তিরীয় ব্রাহ্মণে আছে,—"সবরাহোরূপং কৃত্বোপন্যমজ্জত স পৃথিবীমধ আর্চ্ছৎ।" এই সকল উক্তি দ্বারা ভগবানের বরাহাবতারেরই প্রমাণ পাওয়া যায়।

ঐতরেয় ব্রাহ্মণের—"প্রোবাচ রামো ভার্গবেয়ো বিশ্বান্তরায়ঃ।" এই উক্তি এবং ছান্দোগ্যোপনিষদের "কৃষ্ণায় দেবকীপুত্রায়।" ইত্যাদি উক্তি দ্বারা ভগবানের পরশুরাম ও কৃষ্ণাবতারেরই উল্লেখ হইয়াছে।

এতাবতা বেশ বুঝা যাইতেছে যে, পুরাণ প্রামাণ্য; পুরাণ প্রস্তাব ধ্রুব সত্য।

ব্রহ্মাণ্ডপুরাণের প্রক্রিয়াপাদে পুরাণশব্দের নিরুক্তি এইরূপ উক্ত হইয়াছে,—

"যো বিদ্যাচ্চতুরো বেদান্ সাঙ্গোপনিষদো দ্বিজঃ।
নচেৎ পুরাণং সাম্বদ্যান্নৈব স স্যাদ্বিচক্ষণঃ॥
ইতিহাসপুরাণাভ্যাং বেদং সমুপবৃংহয়েৎ।
বিভেত্যল্পশ্রুতাদ্ বেদো মাময়ং প্রহরিষ্যতি॥
যস্মাৎ পুরা হ্যনক্তীদং পুরাণং তেন তৎস্মৃতম্।
নিরুক্তমস্য যো বেদ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥"

অর্থাৎ অঙ্গ ও উপনিষদ্ সহ বেদচতুষ্টয় অধ্যয়ন করিয়াও পুরাণ অজ্ঞাত থাকিলে দ্বিজ বিচক্ষণ হইতে পারেন না; কেননা ইতিহাস পুরাণই বেদের পরিপোষক। অধিক কি, পুরাণজ্ঞান-হীন অল্পজ্ঞ ব্যক্তিকে বেদ ভয় করিয়া থাকেন। কারণ, তথাবিধ ব্যক্তি কর্ত্তৃকই বেদের অবমাননা হইয়া থাকে। ইহা অতি প্রাচীন বলিয়া এবং ইহা বেদের পূরক বলিয়া ইহার নাম হইয়াছে পুরাণ। পুরাণের এই নিরুক্তি যাঁহার বিদিত, তিনি পাপসমূহ হইতে মুক্ত হইয়া থাকেন।

[illegible]ণের বশিষ্ঠাগ্নি-সংবাদে এবং মৎস্যপুরাণে পুরাণ, বেদেরও আদি বলিয়া উল্লিখিত হই-

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

"পুরাণং সর্ব্বশাস্ত্রাণাং প্রথমং ব্রহ্মণা স্মৃতম্।
অনন্তরঞ্চ বক্ত্রেভ্যো বেদাস্তস্য বিনির্গতাঃ॥"

অর্থাৎ ব্রহ্মা সর্ব্বশাস্ত্র প্রকাশের প্রথমেই পুরাণ স্মরণ করেন। অনন্তর তাঁহার বদনচতুষ্টয় হইতে বেদ সকল বিনির্গত হয়।

এমন সমস্ত জলন্ত প্রমাণ সত্ত্বেও যাঁহারা পুরাণটাকে উড়াইয়া দিতে চাহেন, তাঁহারা নিতান্তই জ্ঞানদরিদ্র। যাউক, সে কথা; এখন দেখা যাউক, এই পুরাণ কি প্রথম হইতেই মৎস্য-কূর্ম্মাদি নানা নামে নানা ভাগে বিভক্ত হইয়াছিল? অথবা একই পুরাণ ছিল?

বহু পুরাণপ্রস্তাবনায় দেখিতে পাওয়া যায়, পুরাণ প্রথমে একই মাত্র ছিল। ইহার শ্লোকসংখ্যা ছিল একশত কোটি। এ সম্বন্ধে মৎস্য পুরাণে লিখিত হইয়াছে,—

"পুরাণমেকমেবাসীৎ তদা কল্পান্তরেঽনঘ।
ত্রিবর্গসাধনং পুণ্যং শতকোটিপ্রবিস্তরম্॥
নির্দ্দগ্ধেষু চ লোকেষু বাজিরূপেণ বৈ ময়া।
অঙ্গানি চতুরো বেদান্ পুরাণং ন্যায়বিস্তরম্॥
মীমাংসা ধর্ম্মশাস্ত্রঞ্চ পরিগৃহ্য ময়াকৃতম্।
মৎস্যরূপেণ চ পুনঃ কল্পাদাবুদকার্ণবে॥
অশেষমেতৎ কথিতমুদকান্তর্গতেন চ।
শ্রুত্বা জগাদ স মুনীন্ প্রতি দেবান্ চতুর্ম্মুখঃ॥"

অর্থাৎ তখন কল্পান্তরে মাত্র একখানি পুরাণ ছিল। ঐ পুরাণ ত্রিবর্গের সাধন, পাবন ও শতকোটি শ্লোকে পরিপূর্ণ। লোক সকল দগ্ধ হইয়া গেলে আমি বাজিরূপ ধারণ করিয়া বেদাঙ্গ সকল, বেদচতুষ্টয়, ন্যায়বিস্তার, মীমাংসা ও ধর্ম্মশাস্ত্র প্রভৃতি পরিগ্রহপূর্ব্বক সম্পাদিত করিয়াছিলাম। তৎপরে মৎস্যরূপ ধারণ করিয়া কল্পারম্ভে পুনরায় আমি একার্ণবজলের অভ্যন্তরে অবস্থানপূর্ব্বক ঐ সকল অশেষরূপে কীর্ত্তন করিলাম। অনন্তর চতুরানন তৎসমস্ত শ্রবণ করিয়া দেব ও মুনিগণের নিকট প্রকাশ করিলেন।"

এই কথার পরই উক্ত পুরাণে মৎস্যদেব বলিতেছেন,—

"কালেনাগ্রহণং দৃষ্ট্বা পুরাণস্য ততো নৃপ।
ব্যাসরূপমহং কৃত্বা সংহরামি যুগে যুগে॥
চতুর্লক্ষপ্রমাণেন দ্বাপরে দ্বাপরে সদা।
তথাষ্টাদশধা কৃত্বা ভূর্লোকেঽস্মিন্ প্রকাশ্যতে।
অদ্যাপি দেবলোকেঽস্মিন্ শতকোটিপ্রবিস্তরম্॥"
তদর্থোঽত্র চতুর্লক্ষং সংক্ষেপেণ নিবেশিতম্।
পুরাণানি দশাষ্টৌ চ সাম্প্রতং তদিহোচ্যতে॥"

এই মৎস্যোক্তি দ্বারা বুঝা যায়, পুরাণ পূর্ব্বে শতকোটি শ্লোকসমন্বিত ছিল। কালক্রমে বহু বিস্তৃত অনন্ত পুরাণশাস্ত্র পাঠে লোকে বিরত হইয়াছিল। তাই ভগবান্ ব্যাসরূপ ধারণ করিয়া উহা সংক্ষেপতঃ পরিবর্ত্তিত করেন। প্রতি দ্বাপরযুগেই এইরূপ পরিবর্ত্তন হইয়া আসিতেছে। শত কোটি শ্লোকের সংক্ষেপে চারি লক্ষ শ্লোক দ্বারা ভিন্ন ভিন্ন নামে অষ্টাদশ মহাপুরাণ কীর্ত্তিত হয়। আর সেই শতকোটি-শ্লোকাত্মক পুরাণ এখনও দেবলোকে প্রচলিত।

বৃহন্নারদীয় পুরাণে মরীচির প্রতি ব্রহ্মোক্তি দ্বারাও উপরি উদ্ধৃত মৎস্যপুরাণোক্তির সমর্থন দেখা যায়। ফলে প্রতি দ্বাপরযুগেই স্বয়ং ভগবান ব্যাসরূপে আবির্ভূত হইয়া দেবলোক-প্রচলিত একই শত কোটি-শ্লোকাত্মক পুরাণের সারাংশ চতুর্লক্ষ শ্লোক দ্বারা বর্ণন করেন। [illegible] ভূলোকে প্রচলিত হয়। ঐ অষ্টাদশধা-বিভক্ত পুরাণই [illegible] [illegible]তাধিকারিতম্।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

পুরাণের সাধারণ লক্ষণ পাঁচটী ; যথা—সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত ; এই পঞ্চ লক্ষণান্বিত গ্রন্থই পুরাণ-পদবাচ্য। মহাপুরাণ সম্বন্ধে ক্বচিৎ দশ লক্ষণের উল্লেখ দেখা যায়, যথা—সর্গ, প্রতিসর্গ, বৃত্তি, রক্ষা, অন্তর, বংশ, বংশানুচরিত, সংস্থা, হেতু ও অপাশ্রয়।

মহাপুরাণসমূহের নাম ও শ্লোকসংখ্যা নির্দ্দেশ শ্রীমদ্ভাগবতের দ্বাদশস্কন্ধে এইরূপ আছে।—প্রথম ব্রাহ্ম মহাপুরাণ ; ইহার শ্লোক সংখ্যা দশ সহস্র ; দ্বিতীয় পাদ্ম,—শ্লোক সংখ্যা পঞ্চপঞ্চাশৎ সহস্র ; তৃতীয় বৈষ্ণব—শ্লোক সংখ্যা ত্রয়োবিংশতি সহস্র ; চতুর্থ শৈব—শ্লোকসংখ্যা. চতুর্ব্বিংশতি সহস্র ; পঞ্চম ভাগবত—শ্লোকসংখ্যা অষ্টাদশ সহস্র ; ষষ্ঠ নারদীয়,—শ্লোক সংখ্যা পঞ্চবিংশতি সহস্র ; সপ্তম মার্কণ্ডেয়—শ্লোকসংখ্যা নব সহস্র ; অষ্টম আগ্নেয়,—শ্লোকসংখ্যা পঞ্চদশ সহস্র চারি শত ; নবম ভবিষ্য,—শ্লোকসংখ্যা,—চতুর্দ্দশ সহস্র পঞ্চশত ; দশম ব্রহ্মবৈবর্ত্ত,—শ্লোকসংখ্যা অষ্টাদশ সহস্র ; একাদশ লৈঙ্গ,—শ্লোকসংখ্যা একাদশ সহস্র ; দ্বাদশ বারাহ—শ্লোকসংখ্যা চতুর্ব্বিংশতি সহস্র ; ত্রয়োদশ স্কন্দ,—শ্লোকসংখ্যা একাশীতি সহস্র এক শত ; চতুর্দ্দশ বামন—শ্লোকসংখ্যা দশ সহস্র ; পঞ্চদশ কৌর্ম্ম,—শ্লোকসংখ্যা সপ্তদশ সহস্র ; ষোড়শ মাৎস্য—শ্লোকসংখ্যা চতুর্দ্দশ সহস্র ; সপ্তদশ গারুড়—শ্লোকসংখ্যা ঊনবিংশতি সহস্র ; অষ্টাদশ ব্রহ্মাণ্ড—শ্লোকসংখ্যা দ্বাদশ সহস্র। এই অষ্টাদশ মহাপুরাণের সমুদায়ে শ্লোকসংখ্যা চারি লক্ষ।

এই সকল মহাপুরাণের মধ্যে কতিপয় সাত্ত্বিক, কতিপয় রাজস এবং কতিপয় তামস পুরাণ বলিয়া উল্লিখিত হইয়াছে। এ সম্বন্ধে পাদ্মোত্তরখণ্ডের বচন ; যথা—

"মাৎস্যং কৌর্ম্মং তথা লৈঙ্গং শৈবং স্কান্দং তথৈবচ।
আগ্নেয়ং চ ষড়েতানি তামসানি নিবোধত॥
বৈষ্ণবং নারদীয়ঞ্চ তথা ভাগবতং শুভম্।
গারুড়ঞ্চ তথা পাদ্মং বারাহং শুভদর্শনে।
সাত্ত্বিকানি পুরাণানি বিজ্ঞেয়ানি শুভানি বৈ॥
ব্রহ্মাণ্ডং ব্রহ্মবৈবর্ত্তং মার্কণ্ডেয়ং তথৈব চ।
ভবিষ্যং বামনং ব্রাহ্মং রাজসানি নিবোধত।"

আমাদের আলোচ্য স্কন্দ মহাপুরাণ তামস পুরাণমধ্যে পরিগণিত। তামস বলিয়া কেহ যেন ইহার মাহাত্ম্যের অল্পতা না বুঝেন। তামসাদি সংজ্ঞা মাত্র ; এ সকল সংজ্ঞায় গূঢ় রহস্য আছে। পূর্ব্বে বলা হইয়াছে, এই পুরাণ শতাধিক একাশীতিসহস্র শ্লোকে পূর্ণাঙ্গ। ইহা আকারে প্রকারে ভাবে বৈভবে, গৌরবেগাম্ভীর্য্যে মহাভারতকল্প। ইহাতে প্রধানতঃ শিবমাহাত্ম্যই পরিব্যক্ত।

শিবরহস্যের সম্ভবকাণ্ডে উল্লিখিত হইয়াছে—শৈব, ভবিষ্য, মার্কণ্ডেয়, লৈঙ্গ, বারাহ, স্কান্দ, মাৎস্য, কৌর্ম্ম, বামন ও ব্রহ্মাণ্ড, এই দশখানি মহাপুরাণ শিবমাহাত্ম্যেরই প্রকাশক।

আলোচ্য স্কন্দ মহাপুরাণ যে কত অতীত যুগের অনন্ত কাহিনী বক্ষে ধরিয়া,—কত নদ-নদী-সরিৎ-সাগর-শৈলাদির বিবরণ লইয়া—কত পুণ্যতীর্থ, পুণ্যাশ্রম, পুণ্যায়তন ও কত শত পূত ঋষি-মহর্ষি-চরিতাখ্যানে সমলঙ্কৃত হইয়া অদ্যাপি হিন্দুর শ্রদ্ধা ভক্তির ভাজন হইয়া আছে, তাহা সহজে সংক্ষেপে বর্ণিবার নহে।

এই মহাপুরাণ সাতটী বৃহৎখণ্ডে বিভক্ত, যথা—মাহেশ্বরখণ্ড, বৈষ্ণবখণ্ড, ব্রাহ্মখণ্ড, কাশীখণ্ড, আবন্ত্য-খণ্ড, নাগরখণ্ড ও প্রভাসখণ্ড। এই সকল বৃহৎখণ্ডের অন্তর্গত আরও অনেক খণ্ড ও মাহাত্ম্য গ্রন্থ আছে। সেই সকল গ্রন্থের নাম, যথা ; মাহেশ্বরখণ্ডে—কেদারখণ্ড, কুমারিকাখণ্ড, অরুণাচল-মাহাত্ম্য—পূর্ব্বার্দ্ধ এবং উত্তরার্দ্ধ। বিষ্ণুখণ্ডে—বেঙ্কটাচলমাহাত্ম্য, পুরুষোত্তমক্ষেত্র-মাহাত্ম্য, বদরিকাশ্রম-মাহাত্ম্য, কার্ত্তিক মাস-মাহাত্ম্য, ভাগবত মাহাত্ম্য, বৈশাখ মাস মাহাত্ম্য এবং অযোধ্যা মাহাত্ম্য। ব্রহ্মখণ্ডে—সেতুমাহাত্ম্য, ধর্ম্মারণ্যখণ্ড, ব্রহ্মোত্তরখণ্ড। কাশীখণ্ডে—পূর্ব্বার্দ্ধ ও উত্তরার্দ্ধ। আবন্ত্যখণ্ডে—অবন্তীক্ষেত্রমাহাত্ম্য, অবন্তীস্থ চতুরশীতি লিঙ্গমাহাত্ম্য, ও রেবাখণ্ড। প্রভাসখণ্ডে—[illegible] বস্ত্রাপথক্ষেত্রমাহাত্ম্য, অর্ব্বুদখণ্ড, ও দ্বারকা মাহাত্ম্য। এই সকল খণ্ড-বর্ণিত [illegible]ধ্যায় উদ্ধৃত করিয়া বলা যাইতেছে।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

অষ্টাদশ মহাপুরাণের ন্যায় অষ্টাদশ উপপুরাণও উপনিবদ্ধ আছে। সেই সকল উপপুরাণের মধ্যেও স্কন্দনামক একখানি পুরাণের উল্লেখ দেখা যায়। আমাদের প্রকাশিত এই স্কন্দপুরাণ সেই উপপুরাণ কি না, এইরূপ সংশয় হয়তো অনেকেরই হইতে পারে। সেই সংশয়-নিরাসার্থ নারদীয় মহাপুরাণোল্লিখিত স্কন্দমহাপুরাণের বিষয়োপক্রমণিকাধ্যায়টী অবিকল উদ্ধৃত করিয়া দিলাম। পাঠক ইহা দ্বারা আমাদের প্রকাশিত এই পুরাণকেই 'স্কন্দমহাপুরাণ' বলিয়া বুঝিবেন; অধিকন্তু এই স্কন্দমহাপুরাণের পরপর-বর্ণিত বিষয়গুলিও জানিতে পারিবেন।

নারদীয় পুরাণের সেই অধ্যায়টি এই ;—

ব্রহ্মোবাচ।

"শৃণু বৎস প্রবক্ষ্যামি পুরাণং স্কান্দসংজ্ঞকম্। যস্মিন্ প্রতিপদং সাক্ষান্মহাদেবো ব্যবস্থিতঃ।
পুরাণে শতকোটৌ তু যচ্ছৈবং বর্ণিতং ময়া। লক্ষিতস্যার্থজাতস্য সারো ব্যাসেন কীর্ত্তিতঃ।
স্কান্দাহ্বয়স্তত্র খণ্ডাঃ সপ্তৈব পরিকল্পিতাঃ। একাশীতিসহস্রন্তু স্কান্দং সর্ব্বাঘকৃন্তনম্॥
যঃ শৃণোতি পঠেদ্বাপি স তু সাক্ষাচ্ছিবঃ স্থিতঃ। যত্র মাহেশ্বরা ধর্ম্মাঃ ষণ্মুখেন প্রকাশিতাঃ।
কল্পে তৎপুরুষে বৃত্তাঃ সর্ব্বসিদ্ধিবিধায়কাঃ। তস্য মাহেশ্বরশ্চাদ্যঃ খণ্ডঃ পাপপ্রণাশনঃ।
কিঞ্চিন্ন্যূনার্কসাহস্রো বহুপুণ্যো বৃহৎকথঃ। সুচরিত্রশতৈর্যুক্তঃ স্কন্দমাহাত্ম্যসূচকঃ।
যত্র কেদারমাহাত্ম্যে পুরাণোপক্রমঃ পুরা। দক্ষযজ্ঞকথা পশ্চাচ্ছিবলিঙ্গার্চ্চনে ফলম্।
সমুদ্রমন্থনাখ্যানং দেবেন্দ্রচরিতং মহৎ। পার্ব্বত্যাঃ সমুপাখ্যানং বিবাহস্তদনন্তরম্॥
কুমারোৎপত্তিকথনং ততস্তারকসঙ্গরঃ। ততঃ পাশুপতাখ্যানং চণ্ডাখ্যানসমন্বিতম্।
দ্যূতপ্রবর্ত্তনাখ্যানং নারদেন সমাগমঃ। ততঃ কুমারমাহাত্ম্যে পঞ্চতীর্থকথানকম্।
ধর্ম্মবর্ম্মনৃপাখ্যানং মহীসাগরকীর্ত্তনম্। ইন্দ্রদ্যুম্নকথা পশ্চান্নাড়ীজঙ্ঘকথান্বিতাঃ।
প্রাদুর্ভাবস্ততো মহ্যাঃ কথা দমনকস্য চ। মহীসাগরসংযোগঃ কুমারেশকথা ততঃ।
ততস্তারকযুদ্ধঞ্চ নানাখ্যানসমন্বিতম্। বধশ্চ তারকস্যাথ পঞ্চলিঙ্গনিবেশনম্।
দ্বীপাখ্যানং ততঃ পুণ্যমূর্দ্ধলোকব্যবস্থিতিঃ। ব্রহ্মাণ্ডস্থিতিমানঞ্চ বর্করেশকথানকম্।
মহাকালসমুদ্ভূতিঃ কথা চাস্য মহাদ্ভুতা। বাসুদেবস্য মাহাত্ম্যং কোটিতীর্থং ততঃ পরম্।
নানাতীর্থসমাখ্যানং গুপ্তক্ষেত্রে প্রকীর্ত্তিতম্। পাণ্ডবানাং কথা পুণ্যা মহাবিদ্যাপ্রসাধনম্।
তীর্থযাত্রাসমাপ্তিশ্চ কৌমারমিদমদ্ভুতম্। অরুণাচলমাহাত্ম্যং সনকব্রহ্মসঙ্কথা॥
গৌরীতপঃসমাখ্যানং তত্তত্তীর্থনিরূপণম্। মহিষাসুরমাখ্যানং বধশ্চাস্য মহাদ্ভুতঃ।
দ্রোণাচলে শিবাস্থানং নিত্যদা পরিকীর্ত্তিতম্। ইত্যেষ কথিতঃ স্কান্দে খণ্ডো মাহেশ্বরোঽদ্ভুতঃ।
দ্বিতীয়ো বৈষ্ণবঃ খণ্ডস্তস্যাখ্যানানি মে শৃণু। প্রথমং ভূমিবারাহসমাখ্যানং প্রকীর্ত্তিতম্।
যত্র বেঙ্কটকুধ্রস্য মাহাত্ম্যং পাপনাশনম্। কমলায়াঃ কথা পুণ্যা শ্রীনিবাসস্থিতিস্ততঃ।
কুলালাখ্যানকঞ্চাত্র সুবর্ণমুখরীকথা। নানাখ্যানসমাযুক্তা ভরদ্বাজকথাদ্ভুতা।
মতঙ্গাঞ্জনসংবাদঃ কীর্ত্তিতঃ পাপনাশনঃ। পুরুষোত্তমমাহাত্ম্যং কীর্ত্তিতং চোৎকলে ততঃ॥
মার্কণ্ডেয়সমাখ্যানমম্বরীষস্য ভূপতেঃ। ইন্দ্রদ্যুম্নস্য মাহাত্ম্যং বিদ্যাপতিকথা ততঃ।
জৈমিনেঃ সমুপাস্থানং নারদস্যাপি বাড়ব। নীলকণ্ঠসমাখ্যানং নরসিংহোপবর্ণনম্॥
অশ্বমেধকথা রাজ্ঞো ব্রহ্মলোকগতিস্তথা। রথযাত্রাবিধিঃ পশ্চাজ্জন্মস্থানবিধিস্তথা।
দক্ষিণামূর্ত্ত্যুপাখ্যানং গুণ্ডিচাখ্যানকং ততঃ। রথরক্ষাবিধানং চ শয়নোৎসবকীর্ত্তনম্।
শ্বেতোপাখ্যানমত্রোক্তং পৃথূৎসবনিরূপণম্। দোলোৎসবো ভগবতো ব্রতং সাংবৎসরাভিধম্।
পূজা চাকামিকা বিষ্ণোরুদ্দালকনিয়োগতঃ। যোগসাধনমত্রোক্তং নানাযোগনিরূপণম্।
দশাবতারকথনং স্নানাদিপরিকীর্ত্তনম্। ততো বদারিকায়াশ্চ মাহাত্ম্যং পাপনাশনম্।
অগ্ন্যাদিতীর্থমাহাত্ম্যং বৈনতেয়শিলাভবম্। কারণং ভগবদ্বাসে তীর্থং কাপালমোচনম্।
পঞ্চধারাভিধং তীর্থং মেরুসংস্থাপনং তথা। ততঃ কার্ত্তিকমাহাত্ম্যে মাহাত্ম্যং মদনালসম্॥
ধূম্রকেশসমাখ্যানং দিনকৃত্যানি কার্ত্তিকে। পঞ্চভীষ্মব্রতাখ্যানং কীর্ত্তিতং ভুক্তি[illegible]
ততো মার্গস্য মাহাত্ম্যে বিধানং স্নানজং তথা। পুণ্ড্রাদিকীর্ত্তনং [illegible]তাখ্যকান্বিতম্।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

পঞ্চামৃতস্নানপুণ্যং ঘণ্টানাদাদিজং ফলম্। নানাপুষ্পার্চ্চনফলম্ তুলসীদলজং ফলম্।
নৈবেদ্যস্য চ মাহাত্ম্যং হরিবাসরকীর্ত্তনম্। অথৈকাদশীপুণ্যং তথা জাগরণস্য চ।
যাত্রোৎসববিধানং চ নামমাহাত্ম্যকীর্ত্তনম্। ধ্যানাদিপুণ্যকথনং মাহাত্ম্যং মথুরাভবম্।
মথুরাতীর্থমাহাত্ম্যং পৃথগুক্তং ততঃ পরম্। বনানাং দ্বাদশানাং চ মাহাত্ম্যং কীর্ত্তিতং ততঃ।
শ্রীমদ্ভাগবতস্যাত্র মাহাত্ম্যং কীর্ত্তিতং পরম্। বজ্রশাণ্ডিল্যসংবাদো হ্যন্তর্লোলাপ্রকাশকম্।
ততো মাঘস্য মাহাত্ম্যং স্নানদানজপোদ্ভবম্। নানাখ্যানসমাযুক্তং দশাধ্যায়ৈর্নিরূপিতম্।
ততো বৈষ্ণবমাহাত্ম্যে শয্যাদানাদিজং ফলম্। জলদানাদিবিধয়ঃ কামাখ্যানমতঃ পরম্।
শ্রুতদেবস্য চরিতং ব্যাধোপাখ্যানমদ্ভুতম্। তথাক্ষয্যতৃতীয়াদের্বিশেষাৎ পুণ্যকীর্ত্তনম্।
ততস্ত্বযোধ্যামাহাত্ম্যে চক্রব্রহ্মাস্ত্রতীর্থকে। সুরাপাপবিমোক্ষাখ্যে তথাধারসহস্রকম্।
স্বর্গদ্বারং চন্দ্রহরির্ধর্ম্মহর্ব্যুপবর্ণনম্। স্বর্ণবৃষ্টেরুপাখ্যানং তিলোদাসরযূযুতিঃ।
সীতাকুণ্ডং গুপ্তহরিঃ সরযূঘর্ঘরাদয়ঃ। গোপ্রতারং চ দুগ্ধোদং গুরুকুণ্ডাদিপঞ্চকম্।
সোমার্কাদীনি তীর্থানি ত্রয়োদশ ততঃ পরম্। গয়াকূপস্য মাহাত্ম্যং সর্ব্বাঘবিনিবর্ত্তকম্।
মাণ্ডব্যাশ্রমপূর্ব্বাণি তীর্থানি তদনন্তরম্। অজিতাদিমানসাদিতীর্থানি গদিতানি চ।

ইত্যেষ বৈষ্ণবঃ খণ্ডো দ্বিতীয়ঃ পরিকীর্ত্তিতঃ।

অতঃপরং ব্রাহ্মখণ্ডং মরীচে শৃণু পুত্রক।

যত্র বৈ সেতুমাহাত্ম্যে ফলং স্নানেক্ষণোদ্ভবম্। গালবস্য তপশ্চর্য্যা রাক্ষসাখ্যানকং ততঃ।
চক্রতীর্থাদিমাহাত্ম্যং দেবীপত্তনসংযুতম্। বেতালতীর্থমহিমা পাপনাশাদিকীর্ত্তনম্।
মঙ্গলাদিকমাহাত্ম্যং ব্রহ্মকুণ্ডাদিবর্ণনম্। হনুমৎকুণ্ডমহিমাগস্ত্যতীর্থভবং ফলম্।
রামতীর্থাদিকথনং লক্ষ্মীতীর্থনিরূপণম্। সংখ্যাদিতীর্থমহিমা তথা সাধ্যামৃতাদিজঃ।
ধনুষ্কোট্যাদিমাহাত্ম্যং ক্ষীরকুণ্ডাদিজং তথা। গায়ত্র্যাদিকতীর্থানাং মাহাত্ম্যং চাত্র কীর্ত্তিতম্।
রামনাথস্য মহিমা তত্ত্বজ্ঞানোপদেশনম্। যাত্রাবিধানকথনং সেতৌ মুক্তিপ্রদং নৃণাম্।
ধর্ম্মারণ্যস্য মাহাত্ম্যং ততঃ পরমুদীরিতম্। স্থাণুঃ স্কন্দায় ভগবান্ যত্র তত্ত্বমুপাদিশৎ।
ধর্ম্মারণ্যসুসম্ভূতিস্তৎপুণ্যপরিকীর্ত্তনম্। কর্ম্মসিদ্ধেঃ সমাখ্যানমৃষিবংশানিরূপণম্।
অপ্সরস্তীর্থমুখ্যানাং মাহাত্ম্যং যত্র কীর্ত্তিতম্। বর্ণানামাশ্রমাণাঞ্চ ধর্ম্মতত্ত্বনিরূপণম্।
দেবস্থানবিভাগশ্চ বহুলার্ককথা শুভা। ছত্রানন্দা তথা শান্তা শ্রীমাতা চ মতঙ্গিনী।
পুণ্যদা চ সমাখ্যাতা যত্র দেব্যঃ সমাস্থিতাঃ। ইন্দ্রেশ্বরাদিমাহাত্ম্যং দ্বারকাদিনিরূপণম্।
লোহাসুরসমাখ্যানং গঙ্গাকূপনিরূপণম্। শ্রীরামচরিতঞ্চৈব সত্যমন্দিরবর্ণনম্।
জীর্ণোদ্ধারস্য কথনমাসনপ্রতিপাদনম্। জাতিভেদপ্রকথনং স্মৃতিধর্ম্মনিরূপণম্।
ততস্তু বৈষ্ণবা ধর্ম্মা নানাখ্যানৈরুদীরিতাঃ। চাতুর্ম্মাস্যে ততঃ পুণ্যে সর্ব্বধর্ম্মনিরূপণম্।
দাহপ্রশংসা তৎপশ্চাদ্ব্রতস্য মহিমা ততঃ। তপসশ্চৈব পূজায়াঃ সচ্ছিদ্রকথনং ততঃ।
তদ্বৃত্তীনাং ভিদাখ্যানং শালিগ্রামনিরূপণম্। তারকস্য বধোপায়ো বৃক্ষার্চ্চামহিমা তথা।
বিষ্ণোঃ শাপশ্চ বৃক্ষত্বং পার্ব্বত্যনুতপস্ততঃ। হরস্য তাণ্ডবং নৃত্যং রামনামনিরূপণম্।
হরস্য লিঙ্গকথনং কথা পৈজবনস্য চ। পার্ব্বতীজন্মচরিতং তারকস্য বধোদ্ভূতঃ।
প্রণবৈশ্বর্য্যকথনং তারকাচরিতং পুনঃ। দক্ষযজ্ঞসমাপ্তিশ্চ দ্বাদশাক্ষরভূষণম্।
জ্ঞানযোগসমাখ্যানং মহিমা দ্বাদশাক্ষরঃ। শ্রবণাদিকমাহাত্ম্যং কীর্ত্তিতং শর্ম্মদং নৃণাম্।
ততো ব্রাহ্মোত্তরে ভাগে শিবস্য মহিমাদ্ভুতঃ। পঞ্চাক্ষরস্য মহিমা গোকর্ণমহিমা ততঃ।
শিবরাত্রেশ্চ মাহাত্ম্যং প্রদোষব্রতকীর্ত্তনম্। সোমবারব্রতং চাপি সীমন্তিন্যাঃ কথানকম্।
ভদ্রায়ুৎপত্তিকথনং সদাচারনিরূপণম্। শিববর্ম্মসমুদ্দেশো ভদ্রায়ুদ্বাহবর্ণনম্।
ভদ্রায়ুমহিমা চাপি ভস্মমাহাত্ম্যকীর্ত্তনম্। শবরাখ্যানকং চৈবাথোমামাহেশ্বরং ব্রতম্।
রুদ্রাক্ষস্য চ মাহাত্ম্যং রুদ্রাধ্যায়স্য পুণ্যদম্। শ্রবণাদিকপুণ্যঞ্চ ব্রাহ্মখণ্ডোঽয়মীরিতঃ।
অতঃ পরং চতুর্থন্তু কাশীখণ্ডমনুত্তমম্। বিন্ধ্যনারদয়োর্যত্র সংবাদঃ পরিকীর্ত্তিতঃ।
[illegible]বাসে সুরাগমঃ। পতিব্রতাচরিত্রঞ্চ তীর্থযাত্রাপ্রশংসনম্।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

ততশ্চ সপ্তপুর্য্যাখ্যাঃ সংযমিন্যা নিরূপণম্। বুধস্য চ তথেন্দ্রাগ্ন্যোর্লোকাপ্তিঃ শিবশর্ম্মণঃ॥
অগ্নেঃ সমুদ্ভবশ্চৈব ক্রব্যাদ্বরুণসম্ভবঃ। গন্ধবত্যলকাপুর্য্যোরীশ্বর্য্যাশ্চ সমুদ্ভবঃ॥
চন্দ্রার্কবুধলোকানাং কুজেজ্যার্কভুবাং ক্রমাৎ। মম বিষ্ণোর্ধ্রুবস্যাপি তপোলোকস্য বর্ণনম্॥
ধ্রুবলোককথা পুণ্যা সত্যলোকনিরীক্ষণম্। স্কন্দাগস্ত্যসমালাপো মণিকর্ণীসমুদ্ভবঃ॥
প্রভাবশ্চাপি গঙ্গায়া গঙ্গানামসহস্রকম্। বারাণসীপ্রশংসা চ ভৈরবাবির্ভবস্ততঃ॥
দণ্ডপাণিজ্ঞানবাপ্যোরুদ্ভবঃ সমনন্তরম্। ততঃ কলাবত্যাখ্যানং সদাচার নিরূপণম্॥
ব্রহ্মচারিসমাখ্যানং ততঃ স্ত্রীলক্ষণানি চ। কৃত্যাকৃত্যবিনির্দ্দেশো হ্যবিমুক্তেশবর্ণনম্॥
গৃহস্থযোগিনো ধর্ম্মাঃ কালজ্ঞানং ততঃপরম্। দিবোদাসকথা পুণ্যা কাশিকাবর্ণনং ততঃ॥
মায়াগণপতেশ্চাথ ভুবি প্রাদুর্ভবস্ততঃ। বিষ্ণুমায়াপ্রপঞ্চোঽথ দিবোদাসবিমোক্ষণম্॥
ততঃ পঞ্চনদোৎপত্তির্বিন্দুমাধবসম্ভবঃ। ততো বৈষ্ণবতীর্থাখ্যা শূলিনঃ কাশিকাগমঃ॥
জৈগীষব্যেণ সংবাদো জ্যেষ্ঠেশাখ্যা মহেশিতুঃ। ক্ষেত্রাখ্যানং কন্দুকেশো ব্যাঘ্রেশ্বরসমুদ্ভবঃ॥
শৈলেশরত্নেশ্বরয়োঃ কৃত্তিবাসস্য চোদ্ভবঃ। দেবতানামধিষ্ঠানং দুর্গাসুরপরাক্রমঃ॥
দুর্গায়া বিজয়শ্চাথ ওঙ্কারেশস্য বর্ণনম্। পুনরোঙ্কারমাহাত্ম্যং ত্রিলোচনসমুদ্ভবঃ॥
কেদারাখ্যা চ ধর্ম্মেশকথা বিষ্ণুসমুদ্ভবা। বীরেশ্বরসমাখ্যানং গঙ্গামাহাত্ম্যকীর্ত্তনম্॥
বিশ্বকর্ম্মেশমহিমা দক্ষযজ্ঞোদ্ভবস্তথা। সতীশস্যামৃতেশাদের্ভূঙ্গস্তম্ভঃ পরাশরে॥
ক্ষেত্রতীর্থকদম্বশ্চ মুক্তিমণ্ডপসঙ্কথা। বিশ্বেশবিভবশ্চাথ ততো যাত্রাপরিক্রমঃ॥
অতঃপরং ত্বন্ত্যাখ্যং শৃণু খণ্ডঞ্চ পঞ্চমম্। মহাকালবনাখ্যানং ব্রহ্মশীর্ষচ্ছিদা ততঃ॥
প্রায়শ্চিত্তবিধিশ্চাগ্নেরুৎপত্তিশ্চ সুরাগমঃ। দেবদীক্ষা শিবস্তোত্রং নানাপাতকনাশনম্॥
কপালমোচনাখ্যানং মহাকালবনস্থিতিঃ। তীর্থং কনখলেশস্য সর্ব্বপাপপ্রণাশনম্॥
কুণ্ডমপ্সরসংজ্ঞং চ সরো রুদ্রস্য পুণ্যদম্। কুণ্ডবেশং চ বিদ্যাধ্রং মর্কটেশ্বরতীর্থকম্॥
স্বর্গদ্বারং চতুঃসিন্ধুতীর্থং শঙ্করবাপিকা। শঙ্করার্কং গন্ধবতীতীর্থং পাপপ্রণাশনম্॥
দশাশ্বমেধকানংশাতীর্থেশহরসিদ্ধিদম্। পিশাচকাদিযাত্রা চ হনুমৎকেশ্বরং সরঃ॥
মহাকালেশযাত্রা চ বাল্মীকেশ্বরতীর্থকম্। শুক্রেশ্বরাদিমাহাত্ম্যং কুশস্থল্যাঃ প্রদক্ষিণা॥
অক্রূরসংজ্ঞকং ত্বেকপাদং চন্দ্রার্কবৈভবম্। করভেশাখ্যতীর্থং চ লটুকেশাদিতীর্থকম্॥
মার্কণ্ডেশং যজ্ঞবাপীসোমেশনরকান্তকম্। কেদারেশ্বররামেশসৌভাগ্যেশনরার্ককম্॥
কেশবার্কং শক্তিভেদং স্বর্ণসারমুখানি চ। ওঙ্কারেশাদিতীর্থাণি অন্ধকশ্রুতিকীর্ত্তনম্॥
কালারণ্যে লিঙ্গসঙ্খ্যা স্বর্ণশৃঙ্গাভিধানকম্। কু স্থল্যা অবন্ত্যাশ্চোজ্জয়িন্যা অভিধানকম্॥
পদ্মাবতীকুমুদ্বত্যমরাবতিকনামকম্। বিশালাপ্রতিকল্পাভিধানং চ জরশান্তিকম্॥
শিবনামাদিকফলং নাগোদ্গীতা শিবস্তুতিঃ। হিরণ্যাক্ষবধাখ্যানং তীর্থং সুন্দরকুণ্ডকম্॥
নীলগঙ্গাপুষ্করাখ্যং বিন্ধ্যবাসনতীর্থকম্। পুরুষোত্তমাভিধানং তু তত্তীর্থং চাঘনাশনম্॥
গোমতী বামনং কুণ্ডং বিষ্ণোর্নামসহস্রকম্। বীরেশ্বরঃ রস কালভৈরবস্য চ তীর্থকম্॥
মহিমা নাগপঞ্চম্যা নৃসিংহস্য জয়ন্তিকা। কুটুম্বেশ্বরযাত্রা চ দেবসাধনকীর্ত্তনম্॥
কর্করাজাখ্যতীর্থং চ বিঘ্নেশাদিসুরোহনম্। রুদ্রকুণ্ডপ্রভৃতিষু বহুতীর্থনিরূপণম্॥
যাত্রাষ্টতীর্থজা পুণ্যা রেবামাহাত্ম্যমুচ্যতে। ধর্ম্মপুত্রস্য বৈরাগ্যান্মার্কণ্ডেয়েন সঙ্গতঃ॥
প্রাগ্রীয়ানুভবাখ্যানমমৃতাপরিকীর্ত্তনম্। কল্পেকল্পে পৃথগ্ নাম নর্ম্মদায়াঃ প্রকীর্ত্তিতম্॥
স্তবমাষং নার্ম্মদং চ কালরাত্রিকথা ততঃ। মহাদেবস্তুতিঃ পশ্চাৎ পৃথক্কল্পকথাদ্ভুতা॥
বিশল্যাখ্যানকং পশ্চাজ্জালেশ্বরকথা তথা। গৌরীব্রতসমাখ্যানং ত্রিপুরজ্বালনং তথা॥
দেহপাতবিধানং চ কাবেরীসঙ্গমস্ততঃ। দারুতীর্থং ব্রহ্মাবর্ত্তং যজ্ঞেশ্বরকথানকম্॥
অগ্নিতীর্থং রবিতীর্থং মেঘনাদাদিদারুকম্। দেবতীর্থং নর্ম্মদেশ কপিলাখ্যং করঞ্জকম্॥
কুণ্ডলেশং পিপ্পলাদং বিমলেশং চ শূলভিৎ। শচীহরণমাখ্যানমন্ধকস্য বধস্তথা॥
শূলভেদোদ্ভবো যত্র দানধর্ম্মাঃ পৃথগ্বিধাঃ। আখ্যানং দীর্ঘতপসঋষ্যশৃঙ্গকথা ততঃ॥
চিত্রসেনকথা পুণ্যা কাশীরাজস্য লক্ষণম্। ততো দেবশিলাখ্যানং শবরীতীর্থকীর্ত্তিতম্।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

ব্যাধাখ্যানং ততঃ পুণ্যং পুষ্করিণ্যর্কতীর্থকম্। আদিত্যেশ্বরতীর্থঞ্চ শক্রতীর্থং করোটিকম্।
কুমারেশমগস্ত্যেশমানন্দেশঞ্চ মাতৃজম্। লোকেশং ধনদেশঞ্চ মঙ্গলেশঞ্চ কামজম্॥
নাগেশং চাপি গোপারং গৌতমং শঙ্খচূড়কম্। নারদেশং নন্দিকেশং বরুণেশ্বরতীর্থকম্।
দধিস্কন্দাদিতীর্থানি হনূমন্তেশ্বরং ততঃ। রামেশ্বরাদিতীর্থানি সোমেশং পিঙ্গলেশ্বরম্॥
ঋণমোক্ষং কপিলেশং পূতিকেশং জলেশয়ম্। চণ্ডার্কং যমতীর্থঞ্চ কল্লোড়ীশং বনাদিকম্।
নারায়ণঞ্চ কোটীশং ব্যাসতীর্থং প্রভাসকম্। নাগেশসঙ্কর্ষণকং প্রশ্রয়েশ্বরতীর্থকম্॥
এরণ্ডীসঙ্গমং পুণ্যং সুবর্ণশিলতীর্থকম্। করঞ্জং কামহং তীর্থং ভাণ্ডীরো রোহিণীভবম্॥
চক্রতীর্থং ধৌতপাপং স্কান্দমাঙ্গিরসাহ্বয়ম্। কোটিতীর্থমযোন্যাখ্যমঙ্গারাখ্যং ত্রিলোচনম্॥
ইন্দ্রেশং কম্বুকেশঞ্চ সোমেশং কোহলাংশকম্। নার্ম্মদং চার্কমাগ্নেয়ং ভার্গবেশ্বরমুত্তমম্॥
ব্রাহ্মং দৈবঞ্চ মার্গেশমাদিবারাহকেশবম্। রামেশমথ সিদ্ধেশমাহল্যং কঙ্কটেশ্বরম্॥
শাক্রং সৌম্যঞ্চ নাদেশং তোয়েশং রুক্মিণীভবম্। যোজনেশং বরাহেশং দ্বাদশীশিবতীর্থকম্।
সিদ্ধেশং মঙ্গলেশঞ্চ লিঙ্গবারাহতীর্থকম্। কুণ্ডেশং শ্বেতবারাহং গর্ভাবেশং রবীশ্বরম্।
শুক্রাদীনি চ তীর্থানি হুঙ্কারস্বামিতীর্থকম্। সঙ্গমেশং নারকেশং মোক্ষণং পঞ্চগোপকম্।
নাগশাবঞ্চ সিদ্ধেশং মার্কণ্ডাক্রূরতীর্থকে। কামোদশূলারোপাখ্যে মাণ্ডব্যং গোপকেশ্বরম্।
কপিলেশং পিঙ্গলেশং ভূতেশং গাঙ্গগৌতমে॥
অশ্বমেধং ভৃগুকচ্ছং কেদারেশঞ্চ পাপনুৎ। কল্কলেশঞ্চ জালেশং শালিগ্রামং বরাহকম্॥
চন্দ্রহাস্যং তথাদিত্যং শ্রীপত্যাখ্যঞ্চ হংসকম্। মূলস্থানঞ্চ শূলেশমাশ্বিনং চিত্রদেবকম্॥
শিখীশং কোটিতীর্থঞ্চ তীর্থং পৈতামহং পরম্। তথৈব কুর্কুরীতীর্থং দশকন্যং সুবর্ণকম্।
ঋণমোক্ষং ভারভূতিং পুঞ্জিলং মুণ্ডিডিণ্ডিমম্।
আমলেশং কপালেশং শৃঙ্গেরণ্ডীভবং ততঃ। কোটিতীর্থং লোটনেশং ফলস্তুতিরতঃ পরম্।
কৃমিজাঙ্গলমাহাত্ম্যে রোহিতাশ্বকথা ততঃ। ধুন্ধুমারসমাখ্যানং বধোপায়স্ততোঽস্য চ।
বধো ধুন্ধোস্ততঃ পশ্চাত্তপশ্চিত্রবহোদ্ভবঃ। সহেভাস্যা ততশ্চণ্ডী সপ্রভাবো রতীশ্বরঃ।
কেদারেশো লক্ষতীর্থং ততো বিষ্ণুপদীভবম্। মুখারং চ্যবনাদ্ধাখ্যং ব্রহ্মণশ্চ সরস্ততঃ॥
চক্রাখ্যং ললিতাখ্যানং তীর্থঞ্চ বহুগোময়ম্। রুদ্রাবর্ত্তঞ্চ মার্কণ্ডং তীর্থং পাপপ্রণাশনম্।
শ্রবণেশং শুদ্ধপুটং দেবাদ্ধপ্রেততীর্থকম্। জিহ্বোদতীর্থসম্ভূতিঃ শিবোদ্ভেদং ফলস্তুতিঃ।
এষ খণ্ডো হ্যবন্ত্যাখ্যঃ শৃণ্বতাং পাপনাশনঃ। অতঃ পরং নাগরাখ্যঃ খণ্ডঃ ষষ্ঠোঽভিধীয়তে।
লিঙ্গোৎপত্তিসমাখ্যানং হরিশ্চন্দ্রকথা শুভা বিশ্বামিত্রস্য মাহাত্ম্যং ত্রিশঙ্কুস্বর্গতিস্তথা।
হাটকেশ্বরমাহাত্ম্যে বৃত্রাসুরবধস্তথা। নাগবিলং শঙ্খতীর্থমচলেশ্বরবর্ণনম্।
চমৎকারপুরাখ্যানং চমৎকারকরং পরম্। গয়াশীর্ষং বালশাখ্যং বালমণ্ডং মৃগাহ্বয়ম্।
বিষ্ণুপাদঞ্চ গোকর্ণং যুগরূপং সমাশ্রয়ঃ। সিদ্ধেশ্বরং নাগসরঃ সপ্তার্ষেয়মগস্ত্যকম্।
ভ্রূণগর্ত্তং নলেশঞ্চ ভৈম্যং বৈদূরমর্ককম্। শার্ম্মিষ্ঠং সোমনাথঞ্চ দৌর্গমানর্ত্তকেশ্বরম্।
জমদগ্নিবধাখ্যানং নৈঃক্ষত্রিয়কথানকম্। রামহ্রদং নাগপরং ষড়্লিঙ্গং চৈব যজ্ঞভূঃ॥
মুণ্ডীরাদিত্রিকার্কঞ্চ সতীপরিণয়ার্বাহ্বয়ম্। রুদ্রনীর্ষঞ্চ যাগেশং বালখিল্যঞ্চ গারুড়ম্॥
লক্ষ্মীশাপঃ সাপ্তবিংশং সোমপ্রাসাদমেব চ। অম্বাবৃদ্ধং পাণ্ডুকাখ্যমাগ্নেয়ং ব্রহ্মকুণ্ডকম্।
গোমুখং লোহযষ্ট্যাখ্যমজাপালেশ্বরী তথা। শানৈশ্বরং রাজবাপী রামেশো লক্ষ্মণেশ্বরঃ॥
কুশেশাখ্যং লবেশাখ্যং লিঙ্গং সর্ব্বোত্তমোত্তমম্। অষ্টষষ্টিসমাখ্যানং দময়ন্ত্যাস্ত্রিজাতকম্॥
ততোদ্বারেঽবতীবাপী ভক্তিকাতীর্থসম্ভবঃ। ক্ষেমঙ্করী চ কেদারং শুক্রতীর্থমুখারকম্।
সত্যসন্ধেশ্বরাখ্যানং তথা কর্ণোৎপলাকথা। অটেশ্বরং যাজ্ঞবল্ক্যং গৌর্য্যং গাণেশমেব চ।
ততো বাস্তুপদাখ্যানমজাগৃহকথানকম্। সৌভাগ্যাঙ্কুশ শূলেশং ধর্ম্মরাজকথানকম্।
মিষ্টান্নদেশ্বরাখ্যানং গাণপত্যত্রয়ং ততঃ। জাবালিচরিতং চৈব মকরেশকথা ততঃ।
কালেশ্বর্য্যন্ধকাখ্যান- কুণ্ডমাপ্সরসং তথা। পুষ্পাদিত্যং রোহিতাশ্বং নাগরোৎপত্তিকীর্ত্তনম্।
ভার্গবং চরিতং চৈব বৈশ্বামিত্রং তত. পরম্। সারস্বতং পৈপ্পলাদং কংসারীশঞ্চ পিণ্ডকম্।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

ব্রহ্মণো যজ্ঞচরিতং সাবিত্র্যাখ্যানসংযুতম্। রৈবতং ভর্ত্তৃযজ্ঞাখ্যং মুখ্যতীর্থনিরীক্ষণম্।
কৌরবং হাটকেশাখ্যং প্রভাসং ক্ষেত্রকত্রয়ম্। পৌষ্করং নৈমিষং ধার্ম্মমরণ্যত্রিতয়ং স্মৃতম্।
বারাণসী দ্বারকাখ্যং মন্ত্রাখ্যোতি পুরীত্রয়ম্। বৃন্দাবনং খাণ্ডবাখ্যমদ্বৈতাখ্যং বনত্রয়ম্॥
কল্পঃ শালস্তথা নন্দিগ্রামত্রয়মনুত্তমম্। অসিশুক্লপিতৃসংজ্ঞং তীর্থত্রয়মুদাহৃতম্।
শ্রার্ব্বুদো রৈবতশ্চৈব পর্ব্বতত্রয়মুত্তমম্। নদীনাং ত্রিতয়ং গঙ্গা নর্ম্মদা চ সরস্বতী।
সার্দ্ধকোটিত্রয়ফলমেকং চৈষু প্রকীর্ত্তিতম্। কূপিকা শঙ্খতীর্থং চামরকং বালমণ্ডনম্॥
হাটকেশক্ষেত্রফলপ্রদং প্রোক্তং চতুষ্টয়ম্। শ্রাদ্ধাদিত্যং শ্রাদ্ধকল্পং যৌধিষ্ঠিরমথাদ্ধকম্।
জলশায়ি চতুর্ম্মাসমশূন্যশয়নব্রতম্। মঙ্কনেশং শিবরাত্রিস্তলাপুরুষদানকম্॥
পৃথ্বীদানং বানকেশং কপালমোচনেশ্বরম্। পাপপিণ্ডং মাসলিঙ্গং যুগমানাদিকীর্ত্তনম্।
নিম্বেশশাকম্ভর্য্যাখ্যা রুদ্রৈকাদশকীর্ত্তনম্। দানমাহাত্ম্যকথনং দ্বাদশাদিত্যকীর্ত্তনম্।
ইত্যেষ নাগরঃ খণ্ডঃ প্রভাসাখ্যোঽধুনোচ্যতে। সোমেশো যত্র বিশ্বেশোঽর্কস্থলং পুণ্যদং মহৎ।
সিদ্ধেশ্বরাদিকাখ্যানং পৃথগত্র প্রকীর্ত্তিতম্। অগ্নিতীর্থং কপর্দ্দীশং কেদারেশং গণিপ্রদম্।
ভীমভৈরবচণ্ডীশভাস্করাঙ্গারকেশ্বরাঃ। বুধেজ্যভৃগুসৌরাণ্ডশিখীশা হরবিগ্রহাঃ॥
সিদ্ধেশ্বরাদ্যাঃ পঞ্চাশ্যে রুদ্রাস্তত্র ব্যবস্থিতাঃ। বরারোহা হ্যজাপালা মঙ্গলা ললিতেশ্বরী।
লক্ষ্মীশো বাড়বেশশ্চোর্ব্বীশ কামেশ্বরস্তথা। গৌরীশবরুণেশাখ্যং দুর্বাসেশং গণেশ্বরম্।
কুমারেশং চণ্ডকল্পং শকুলীশ্বরসংজ্ঞকম্। ততঃ শ্রোক্তাথ কোটীশবালব্রহ্মাদিসৎকথা।
নরকেশসদর্ত্তেশনদীশ্বরকথা ততঃ। বলভদ্রেশ্বরস্যাথ গঙ্গায়া গণপস্য চ॥
জাম্ববত্যাখ্যসরিতঃ পাণ্ডুকূপস্য সৎকথা। শতমেধলক্ষমেধকোটিমেধকথা তথা॥
দুর্বাসার্কঘটস্থানহিরণ্যাসঙ্গমোৎকথা। নগরার্কস্য কৃষ্ণস্য সঙ্কর্ষণসমুদ্রয়োঃ।
কুমার্য্যাঃ ক্ষেত্রপালস্য ব্রহ্মেশস্য কথা পৃথক্। পিঙ্গলাসঙ্গমেশস্য শঙ্করার্কঘটেশয়োঃ।
ঋষিতীর্থস্য নন্দার্কত্রিতকূপস্য কীর্ত্তনম্। শশাপানস্য পর্ণার্কন্যঙ্কুমত্যোঃ কথাদ্ভুতা।
বারাহস্বামিবৃত্তান্তং ছায়ালিঙ্গাখ্যগুল্ফয়োঃ। কণ্ঠা কনকনন্দায়াঃ কুন্তীগঙ্গেশয়োস্তথা।
চমসোদ্ভেদবিদুরত্রিলোকেশকথা ততঃ। মঙ্কনেশত্রৈপুরেশবগুতীর্থকথাস্তথা।
সূর্য্যপ্রাচীক্ষণয়োরুমানাথকথা তথা। ভৃঙ্গারশূলস্থলয়োশ্চ বনার্কেশয়োস্তথা।
অজপালেশবালার্ককুবেরস্থলজা কথা। ঋষিতোয়াকথা পুণ্যা সঙ্গালেশ্বরকীর্ত্তনম্।
নারদাদিত্যকথনং নারায়ণনিরূপণম্। তপ্তকুণ্ডস্য মাহাত্ম্যং মূলচণ্ডীশবর্ণনম্।
চতুর্ব্বক্ত্রগণাধ্যক্ষকলম্বেশ্বরয়োস্তথা। গোপালবকুলস্বামিনোর্ম্মরুতাং কথা॥
ক্ষেমার্কে নতবিঘ্নেশজলস্থ মিকথা ততঃ। কালমেঘস্য কাঞ্চন্যা দুর্বাসেশ্বরভদ্রয়োঃ॥
শঙ্খাবর্ত্তমোক্ষতীর্থগোষ্পদাচ্যুতসদ্মনাম্। জালেশ্বরস্য হুঙ্কারেশ্বরচণ্ডীশয়োঃ কথা।
আশাপুরস্থবিঘ্নেশকলাকুণ্ডকথাদ্ভুতা। কপিলেশস্য চ কথা জরদ্গবশিবস্য চ।
নলকর্কোটেশ্বরয়োর্হাটকেশ্বরজা কথা। নারদেশযন্ত্রভূষাদুর্গকূটগণেশজাঃ।
সুবর্ণেলাখ্যভৈরব্যোর্ভল্লতীর্থভবা কথা। কীর্ত্তনং কর্দ্দমালস্য গুপ্তসোমেশ্বরস্য চ।
বহ্বর্ণেশশৃঙ্গেশকোটীশ্বরকথা ততঃ। মার্কণ্ডেশ্বরকোটীশদামোদরগৃহোত্যকা।
স্বর্ণরেখা ব্রহ্মকুণ্ডং কুন্তীভীমেশ্বরৌ তথা। মৃগীকুণ্ডঞ্চ সর্ব্বস্বং ক্ষেত্রে বস্ত্রাপথে স্মৃতম্।
দুর্গাভল্লেশগঙ্গেশরৈবতানাং কথাদ্ভুতা। ততোঽর্ব্বুদেশ্বরকথা অচলেশ্বরকীর্ত্তনম্।
নাগতীর্থস্য চ কথা বসিষ্ঠাশ্রমবর্ণনম্। ভদ্রকর্ণস্য মাহাত্ম্যং ত্রিনেত্রস্য ততঃ পরম্।
কেদারস্য চ মাহাত্ম্যং তীর্থাগমনকীর্ত্তনম্। কোটীশ্বররূপতীর্থহৃষীকেশকথাস্ততঃ।
সিদ্ধেশশুকেশ্বরয়োর্ম্মণিকর্ণীশকীর্ত্তনম্। পঙ্গুতীর্থযমতীর্থবারাহতীর্থবর্ণনম্।
ত্রিপ্রভাসাপিণ্ডোদশ্রীমাতাশুক্লতীর্থজম্। কাত্যায়ন্যাশ্চ মাহাত্ম্যং ততঃ পিণ্ডারকস্য চ॥
ততঃ কনখলস্যাথ চংক্রমানুষতীর্থয়োঃ। কপিলাগ্নিতীর্থকথা তথা রক্তানুবন্ধজা।
গণেশপার্থেশ্বরয়োর্যাত্রায়া মুজ্জ্বলস্য চ। চণ্ডীস্থাননাগোদ্ভবশিবকুণ্ডমহেশজাঃ॥
কামেশ্বরস্য মার্কণ্ডেয়োৎপত্তেশ্চ কথা ততঃ। উদ্দালকেশসিদ্ধেশগততীর্থকথাঃ পৃথক্॥

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

শ্রীদেবমাতোৎপত্তিশ্চ ব্যাসগৌতমতীর্থয়োঃ। কুলসন্তারমাহাত্ম্যং রামকোট্যাহ্বতীর্থয়োঃ।
চন্দ্রোদ্ভেদেশানশৃঙ্গব্রহ্মস্থানোদ্ভবোঽদ্ভুতঃ। ত্রিপুষ্করকুদ্রহ্রদগুহেশ্বরকথা শুভা॥
অবিমুক্তস্য মাহাত্ম্যমুমামহেশ্বরস্য চ। মহৌজসঃ প্রভাবশ্চ জম্বুতীর্থস্য বর্ণনম্॥
গঙ্গাধরমিশ্রকয়োঃ কথা চাথ কলস্তুতিঃ। দ্বারকায়াশ্চ মাহাত্ম্যে চন্দ্রশর্ম্মকথানকম্॥
জাগরাদ্যর্চ্চনাখ্যা ব্রতমেকাদশীভবম্। মহাদ্বাদশিকাখ্যানং প্রহ্লাদর্ষিসমাগমঃ॥
দুর্ব্বাসস উপাখ্যানং যাত্রোপক্রমকীর্ত্তনম্। গোমত্যুৎপত্তিকথনং তস্যাং স্নানাদিজং ফলম্।
চক্রতীর্থস্য মাহাত্ম্যং গোমত্যুদধিসঙ্গমঃ। সনকাদিহ্রদাখ্যানং নৃগতীর্থকথা ততঃ॥
গোপ্রচারকথা পুণ্যা গোপীনাং দ্বারকাগমঃ। গোপীসরঃসমাখ্যানং ব্রহ্মতীর্থাদিকীর্ত্তনম্॥
পঞ্চনদ্যাগমাখ্যানং নানাখ্যানসমন্বিতম্। শিবলিঙ্গগদাতীর্থকৃষ্ণপূজাদিকীর্ত্তনম্॥
ত্রিবিক্রমস্য মূর্ত্ত্যাখ্যা দুর্ব্বাসঃকৃষ্ণসঙ্কথা। কুশদৈত্যবধোচ্চারবিশেষার্চ্চনজং ফলম্॥
গোমত্যাং দ্বারকায়াঞ্চ তীর্থাগমনকীর্ত্তনম্। কৃষ্ণমন্দিরসম্প্রেক্ষা দ্বারবত্যভিষেচনম্॥
তত্র তীর্থাবাসকথা দ্বারকাপুণ্যকীর্ত্তনম্। ইত্যেষ সপ্তমঃ প্রোক্তঃ খণ্ডঃ প্রাভাসিকো দ্বিজাঃ।
স্কান্দে সর্ব্বোত্তরকথে শিবমাহাত্ম্যবর্ণনে। লিখিত্বৈতদ্ভুবো দদ্যাদ্ধেমশূলসমন্বিতম্॥
মাঘ্যাং সংকৃত্য বিপ্রায় স শৈবে মোদতে পদে।"

কিরূপে এই স্কন্দপুরাণ প্রচারিত হইল এবং এই পুরাণপাঠে কিরূপ ফল প্রাপ্ত হওয়া যায় তাহা পুরাণবক্তা সূতের মুখেই পরিব্যক্ত। সূত বলিয়াছেন,—

"পূর্ব্বে স্কন্দ এই সমগ্র পুরাণ ব্রহ্মপুত্র ভৃগুকে বলেন। তারপর ভৃগু হইতে অঙ্গিরা, অঙ্গিরা হইতে চ্যবন, এবং তাঁহা হইতে ঋচীক প্রাপ্ত হন। এইরূপ পরম্পরাক্রমে এই সমগ্র পুরাণ সমগ্র ত্রিভুবনে বিস্তৃত হইয়াছে। এই স্কন্দপুরাণ পূর্ব্বে কুমার উদ্ধার করিয়াছিলেন। যে ইহা শ্রবণ করে, সে পাপমুক্ত হয়। এই পুরাণ আয়ুষ্য ও চতুর্ব্বর্গফলপ্রদ। মহাত্মা ষণ্মুখ নিয়তভাবে ইহা প্রণয়ন করিয়াছেন। এই আখ্যান আপনাদের নিকট আমি কীর্ত্তন করিলাম, আপনাদের মঙ্গল হউক। সপ্তখণ্ডমণ্ডিত এই স্কন্দপুরাণ যে নর শ্রবণ করে, কেহই তাহার পুণ্যের ইয়ত্তা করিতে পারে না। এই ধর্ম্মমাহাত্ম্য যে ব্রাহ্মণকে প্রদান করে, সে পুরাণাক্ষর-সমসংখ্যক কাল স্বর্গলোকে বাস করিয়া থাকে। যেমন বর্ষাকালে বৃষ্টিধারা—গগনে তারকা—ও গঙ্গায় সিকতার সংখ্যা করা যায় না, তদ্রূপ এই পুরাণাক্ষরের ইয়ত্তা করাও দুঃসাধ্য। যে নর ভক্তিপূর্ব্বক কতিপয় দিন মাত্রও এই পুরাণ পাঠ করে, তাহার সর্ব্বার্থসিদ্ধি হয়। মানব পুত্রার্থী হইয়া এই পুরাণ পাঠ করিলে ধন প্রাপ্ত হয়। কন্যা পতিকামনা করিয়া যদি এই পুরাণ পাঠ করে, তাহা হইলে সে মনোমত পতি লাভ করে। বান্ধব, বন্ধুসমাগমবাসনায় ইহা পাঠ করিলে প্রবাসী বন্ধুর সহিত তাহার মিলন হয়। এমন কি এই স্কন্দপুরাণ শ্রবণ বা পাঠ করিয়া মানব সকল বাঞ্ছিতই লাভ করিয়া থাকে। যে ইহা শ্রবণ বা পাঠ করে, তাহার সম্বন্ধে ইহা সর্ব্বকামপ্রদ হয়। এই পুণ্য পুরাণ শ্রবণ করিলে দীর্ঘায়ু লাভ হয়। রাজা শত্রুজয় করিয়া মহী অধিকার করেন,—বিপ্র বেদবিৎ হন,—ক্ষত্রিয় রাজ্য পান,—বৈশ্য ধনধান্যের অধিকারী হন এবং শূদ্র সুখ লাভ করে। এই পুরাণের এক অধ্যায়ও অন্ততঃ শ্রবণ করিতে হয়; অধিক আর কি বলিব?—ইহার একটী সম্পূর্ণ শ্লোক—শ্লোকার্দ্ধ—বা তদর্দ্ধ অর্থাৎ শ্লোকের চতুর্থাংশও পাঠ বা শ্রবণ করিলে মানব বিষ্ণু-লোকে প্রয়াণ করিয়া থাকে।"

ভগবৎকৃপায় বহু চেষ্টার ফলে এত দিনে এই স্কন্দ মহাপুরাণ মূল ও বঙ্গানুবাদ সহ মুদ্রিত ও প্রকাশিত হইল। বঙ্গদেশে এমনভাবে স্কন্দমহাপুরাণের প্রচার ইহাই প্রথম। ইতিপূর্ব্বে এই বহু বিস্তৃত পুরাণ গ্রন্থের মুদ্রণ বঙ্গে আর কখন হয় নাই! তবে বঙ্গের ক্বচিৎ কোথাও এই মহাপুরাণ হস্তলিখিতাকারে এখনও অংশতঃ দেখিতে পাওয়া যায়। এইরূপ হস্তলিখিত পুথি আমাদেরও সংগৃহীত হইয়াছিল। আমরা বঙ্গদেশের, বোম্বাই অঞ্চলের, অধিক সমগ্র ভারতের নানা পুথি আদর্শ করিয়া এই মহাপুরাণের অনুবাদকার্য্য করিয়াছি। পুস্তকবিশেষের পাঠাধিক্য আমরা পরিবর্জ্জন করি নাই। এ স্থলে একটা দৃষ্টান্ত দেখাই,—বঙ্গদেশীয় পুস্তকের মতে স্কন্দপুরাণান্তর্গত রেবাখণ্ডের চারিটী অধ্যায়ে সত্যনারায়ণ ব্রত কথা নিবদ্ধ আছে। কিন্তু বোম্বাই অঞ্চলের সংগৃহীত পুস্তকে সত্যনারায়ণ ব্রত

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

কথার কোনই উল্লেখ নাই। এ ক্ষেত্রে আমরা উক্ত চারিটী অধ্যায় সন্নিবেশিত করিয়া দিয়াছি। এইরূপ উৎকল খণ্ডে এবং অন্যান্য খণ্ডেও অনেক পাঠান্তর যোজনা করা হইয়াছে।

এই বৃহদ্‌গ্রন্থের অনুবাদকার্য্যের ভার প্রধানতঃ আমারই উপর অর্পিত হইয়াছিল। আমি এই পুরাণান্তর্গত মাহেশ্বর খণ্ডের পূর্ব্বাংশ এবং অন্যান্য খণ্ডের বিশেষ বিশেষ কতিপয় অংশ অনুবাদ করিয়াছি। কাশীখণ্ড ও বিষ্ণুখণ্ডান্তর্গত পুরুষোত্তমক্ষেত্র মাহাত্ম্য পূর্ব্বেই অনূদিত হইয়াছিল। অন্যান্য খণ্ড আমার সুযোগ্য সহযোগী পণ্ডিত শ্রীযুক্ত কৃষ্ণদাস শাস্ত্রী, শ্রীযুক্ত শ্রীরাম শাস্ত্রী ও শ্রীযুক্ত কুড়ারাম কাব্যরত্ন প্রভৃতি অনুবাদ করিয়াছেন।

উপসংহারে বক্তব্য—একাশীতিসহস্র-শ্লোকময় স্কন্দ মহাপুরাণ অতীব বৃহৎ গ্রন্থ ; ইহার অনুবাদে ক্বচিৎ কোথাও ত্রুটিবিচ্যুতি থাকা অসম্ভব নহে। যদি কোথাও কিঞ্চিৎ বিচ্যুতি ঘটিয়া থাকে, গুণগ্রাহী পাঠক কার্য্যের গুরুত্ব বুঝিয়া নিজ গুণে তাহা মার্জ্জনা করিয়া লইবেন। ইতি—

বঙ্গবাসী কার্য্যালয়,
কলিকাতা,—আশ্বিন, ১৩১৮ সাল।

শ্রীতারাকান্ত দেবশর্ম্মা কাব্যতীর্থ
অনুবাদক।

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

স্কন্দপুরাণের সূচী পত্র।

মাহেশ্বর খণ্ড।

বিষয়। পৃষ্ঠা।

কেদার খণ্ড।

১ম অধ্যায়।—মঙ্গলাচরণ, নৈমিষারণ্যে দীর্ঘকালসাধ্য সত্রযাগরত শৌনকাদি মহর্ষিগণের সন্দর্শনার্থ ব্যাসশিষ্য লোমশনামক সূত-মহর্ষির আগমন, শৌনকাদি মহর্ষিগণের লোমশের নিকট শ্রীশিবমাহাত্ম্য বিষয়ক প্রশ্ন, লোমশ-মহর্ষি কর্ত্তৃক পুরাণোপক্রমসহ শিবমাহাত্ম্যবর্ণনোপক্রম,—দক্ষযজ্ঞধ্বংসবর্ণনারম্ভ, দক্ষ প্রজাপতি কর্ত্তৃক শিবনিন্দাপূর্ব্বক শিবের ও তদীয় সেবকবর্গের প্রতি শাপ-প্রদান, নন্দী কর্ত্তৃক শিব ও শিবসেবক-দ্বেষী দক্ষাদি ব্রাহ্মণগণের প্রতি শাপপ্রদান, শঙ্কর কর্ত্তৃক নন্দীর সান্ত্বনা, দক্ষের শঙ্কর ও শঙ্করসেবকগণের প্রতি বিদ্বেষ। ... ১

২য় অঃ। দক্ষের কনখল ক্ষেত্রে শিবহীন যজ্ঞারম্ভ, তদুপলক্ষে বসিষ্ঠাদি মহর্ষিগণের ও শিব ব্যতীত ব্রহ্মাদি দেবগণের যজ্ঞস্থলে সমাগম, দধীচি মহর্ষি কর্ত্তৃক দক্ষের প্রতি শঙ্করানয়ন বিষয়ক উপদেশ দান, দক্ষ কর্ত্তৃক শঙ্করের প্রতি অবজ্ঞা প্রদর্শন, দধীচি কর্ত্তৃক দক্ষের ভাবী অনিষ্টসূচনপূর্ব্বক যজ্ঞমণ্ডপ ত্যাগ, গন্ধমাদন গিরিস্থা সতী কর্ত্তৃক যজ্ঞোদ্দেশে প্রস্থিত রোহিণ্যাদি পত্নীগণসহ চন্দ্রের নিকট পিতৃযজ্ঞবিবরণ শ্রবণে শিবসমীপে যজ্ঞস্থলে গমন জন্য ঔৎসুক্য প্রকটন সহকারে আদেশ প্রার্থনা, শিব কর্ত্তৃক সতীর আগ্রহাতিশয্যে নন্দ্যাদিগণের সহিত তাঁহাকে দক্ষালয়ে প্রেরণ, সতীর দক্ষালয়ে যাত্রা। ৪

৩য় অঃ।—ভৃগু প্রভৃতি মহর্ষিগণের সাক্ষাতে সতী কর্ত্তৃক দক্ষের নিকট শিব নিমন্ত্রণ না করার কারণ জিজ্ঞাসা, তদুত্তরে দক্ষ কর্ত্তৃক শিবের নিন্দা, শিবনিন্দা শ্রবণে অপমানিতা সতীর অগ্নিতে প্রবেশ, সতীর অনুচর গণগণের ক্ষোভবশে শস্ত্রাস্ত্রপ্রহারে স্ব স্ব শরীর-ভেদাদি দ্বারা প্রাণত্যাগ, শঙ্করকর্ত্তৃক নারদমুখে এতদ্বৃত্তান্ত শ্রবণে ক্রোধবশে একটী জটা উৎপাটনপূর্ব্বক পর্ব্বতশিখরে আস্ফালন, সেই জটা হইতে বীরভদ্র, ভদ্রকালী ও কোটী কোটী ভূতের প্রাদুর্ভাব, রুদ্রদেবের নিশ্বাস হইতে শতসংখ্যক জ্বর, ও ত্রয়োদশসংখ্যক সন্নিপাতের উৎপত্তি, শঙ্করাদেশে বীরভদ্রাদির দক্ষ-যজ্ঞস্থলে আগমন, সেই রুদ্রসেনাসমাগম দর্শনে যজ্ঞস্থলস্থ দেবঋষিগণের পলায়নারম্ভ, ইন্দ্রাদির যুদ্ধোদ্যোগ, দক্ষ কর্ত্তৃক দেবগণসমীপে যজ্ঞত্রাণপ্রার্থনা, বিষ্ণুকর্ত্তৃক দক্ষের ভর্ৎসনা, ও শিবের কর্ম্মফলদাত্বাদি মাহাত্ম্য কীর্ত্তন। ৮

৪ অঃ।—বীরভদ্রাদির সহিত ইন্দ্রাদি দেবগণের যুদ্ধ, ইন্দ্রের বৃহস্পতিসমীপে জয়োপায় প্রশ্ন, বৃহস্পতি কর্ত্তৃক ইন্দ্রাদি দেবগণের ভর্ৎসনা, বীরভদ্রকর্ত্তৃক লোকপালগণের পরাজয়পূর্ব্বক যজ্ঞস্থলে আগমন, বিষ্ণু প্রভৃতির সহিত বীরভদ্রাদির দ্বন্দ্বযুদ্ধ, শিবগণগণের পরাজয় অসম্ভব বোধে বিষ্ণুর স্বধামে প্রস্থান। ... ১৩

৫ম অঃ।—বীরভদ্রাদিগণগণ কর্ত্তৃক সর্ব্বদেবগণের পরাজয় সাধন ও ভৃগুপ্রমুখ মহর্ষিগণের লাঞ্ছনান্তে দক্ষের শিরশ্ছেদপূর্ব্বক তদ্দ্বারা যজ্ঞাগ্নিতে হোমানুষ্ঠান, দেব ঋষি পিতৃ যক্ষ রাক্ষসাদির ভয়বশতঃ পলায়ন, পুত্রশোকসন্তপ্ত ব্রহ্মার কৈলাসশৈলে গমনান্তে শিবস্তুতি, স্তুতিপ্রসন্ন শঙ্করের সর্ব্বদেবগণ সহ দক্ষযজ্ঞস্থলে আগমন ও দক্ষের কবন্ধে ছাগমুণ্ড যোজনপূর্ব্বক দক্ষের জীবন দান, দক্ষ কর্ত্তৃক শিবের স্তব, স্তুতিতুষ্ট শঙ্কর কর্ত্তৃক দক্ষের প্রতি সদুপ-

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়।	পৃষ্ঠা।
দেশ দান, শিবব্রহ্মাদির স্ব স্ব লোকে গমন, লোমশ সূত কর্ত্তৃক শিবোপাসনা ও শিবব্রত-বিধিমাহাত্ম্য বর্ণন, শিবভক্তিমাহাত্ম্য বর্ণনপ্রসঙ্গে ইন্দ্রদ্যুম্নপুত্র ইন্দ্রসেন রাজার উপাখ্যান,—ইন্দ্রসেন বলপূর্ব্বক পরধনাদি গ্রহণ ও পরনিগ্রহ ব্যাপারে অনুচরগণকে "আহর প্রহর" শব্দোচ্চারণে নিয়োগ করিত, পরন্তু "আহর প্রহর" শব্দোচ্চারণে আনুষঙ্গিক ভাবে 'হর' শব্দ উচ্চারণ হইত বলিয়া মরণান্তে যমদূত কর্ত্তৃক যমলোকে নীত হইলে যম কর্ত্তৃক তাহার সসম্মানে সৎকার করণ, শিবদূতগণ সহ ইন্দ্রসেনের শিবলোকে গমন ও চণ্ড নামক গণত্ব-প্রাপ্তি, শিবনাম ভস্ম রুদ্রাক্ষ ও ত্রিপুণ্ড্রের মাহাত্ম্য, শিবপূজামাহাত্ম্য বর্ণনপ্রসঙ্গে নন্দি-বৈশ্য ও কিরাতের ইতিহাস বর্ণন,—নন্দি-বৈশ্য ও কিরাতের শিবারাধনাফলে নন্দিত্ব ও মহাকালত্ব লাভ, শিবভক্তি মাহাত্ম্য কীর্ত্তন।	১৭
৬ষ্ঠ অঃ।—"শিবের মূর্ত্তি পরিহার করিয়া লিঙ্গ পূজা করা হয়, কিজন্য?" শৌনকাদি মুনিগণকৃত এইরূপ প্রশ্নের উত্তরে লোমশ সূতকর্ত্তৃক লিঙ্গপূজাপ্রবৃত্তিবৃত্তান্ত কথন,—শঙ্করের নগ্নবেশে দারুবনে ভিক্ষার্থ ভ্রমণ, তদীয় দিগম্বর মনোহর মূর্ত্তি দর্শনে মোহিতা মুনিপত্নীগণের শঙ্করানুগমন, তদ্দর্শনে কুপিত মুনিগণ কর্ত্তৃক শাপদানে শঙ্করের লিঙ্গপাতন, পতিত লিঙ্গের চরাচর ব্রহ্মাণ্ড ব্যাপিয়া অবস্থান, তদ্দর্শনে ভীত দেবগণের ব্রহ্ম-বিষ্ণু-সমীপে তদ্বৃত্তান্ত বিজ্ঞাপন-পূর্ব্বক জগতের স্বাস্থ্য বিধানার্থ প্রার্থনা, সেই লিঙ্গের অন্তদর্শনার্থ বিষ্ণুর বরাহরূপে পাতালে ও ব্রহ্মার হংসারোহণে স্বর্গে গমন, মেরুগিরিতে ব্রহ্মার কেতকী ও সুরভি দর্শন, ব্রহ্মার প্রার্থনায় সুরভি ও কেতকী কর্ত্তৃক "ব্রহ্মা লিঙ্গমস্তক দেখিয়াছেন" এইরূপ মিথ্যাসাক্ষ্যদানে অঙ্গীকার, ব্রহ্মার পূর্ব্ব স্থানে প্রত্যাগমন ও "লিঙ্গমস্তক দেখিয়াছি" দেবগণসমক্ষে এইরূপ মিথ্যাকথন, সুরভি ও কেতকী কর্ত্তৃক মিথ্যাসাক্ষ্য দ্বারা ব্রহ্মবাক্যের সমর্থন, ভৃগুপ্রমুখ ঋষিগণেরও ব্রহ্মবাক্যে অনুমোদন, বিষ্ণুর পাতাল হইতে প্রত্যাবর্ত্তনপূর্ব্বক "লিঙ্গের অন্তদর্শন করি নাই" এইরূপ সত্যকথন, সুরভি, কেতকী ও ব্রহ্মার মিথ্যোক্তিতে কুপিত ভগবান্ শঙ্কর কর্ত্তৃক আকাশবাণী দ্বারা অভিশাপদানপূর্ব্বক সুরভিমুখের অশুচিত্ব, কেতকীর শিবার্চ্চনে অনর্হত্ব, ব্রহ্মার অপূজ্যত্ব ও মিথ্যোক্তিসমর্থক ভৃগু প্রভৃতির ক্লেশভাগিত্ববিধান, ব্রহ্মাদির লিঙ্গের শরণ গ্রহণ।	২৮
৭ম অঃ।—ব্রহ্মাদি দেবগণ কর্ত্তৃক বিবিধ নামক শঙ্করলিঙ্গ স্থাপন, শিবমন্দিরমার্জ্জনপুণ্যে পতঙ্গী নাম্নী কীটপক্ষিণীর কাশিরাজপুত্রীত্ব লাভ, উদ্দালক মহর্ষির কাশীরাজপুত্রীসহ কথোপকথন।	৩২
৮ম অঃ।—শিবভক্তিমাহাত্ম্যপ্রসঙ্গে শিবলিঙ্গমস্তকে আরোহণপূর্ব্বক ঘণ্টাপহারী চৌরের শিবলোক লাভ, নরগণের লিঙ্গযুক্তত্ব ও নারীগণের পীঠরূপত্ব, শিববিষ্ণুর অভেদত্ব, শিবারাধনফলে বিবিধ দেবদানবের উৎকর্ষ ও রাবণের প্রভাব, নন্দীর বানরমুখত্বের হেতু ও রাবণশাপে বানরমুখত্বলাভ, নন্দি কর্ত্তৃক রাবণের প্রতি নর-বানরের হস্তে মৃত্যু' বিষয়ক অভিশাপ, নন্দী প্রভৃতির সহিত দেবগণের বৈকুণ্ঠে যাইয়া বিষ্ণুসমীপে প্রার্থনা, তদনুসারে বিষ্ণু কর্ত্তৃক রাবণবধের জন্য অবতার গ্রহণে অঙ্গীকার, বিষ্ণুর আদেশে দেবগণের অংশাবতার, রামাবতার, রাবণবধ, রাবণের শিবসাযুজ্য লাভ, লিঙ্গার্চ্চনমাহাত্ম্যবর্ণন ...	৩৫
৯ম অঃ।—বৃহস্পতির অবমাননায় শক্রের রাজ্যনাশ, বলির ইন্দ্রত্বলাভ, দেবদানবগণের সম্মিলিত ভাবে সমুদ্রমন্থনোদ্যোগ, সমুদ্রমন্থনারম্ভ, হলাহলোৎপত্তি, ও তৎপ্রভাবে বৈকুণ্ঠ পর্য্যন্ত অষ্টলোকনাশ বর্ণন ...	৪৩
১০ম অঃ।—হলাহলতপ্ত হরি-ব্রহ্মাদির প্রার্থনায় শিবসমীপে হেরম্বের বিজ্ঞাপন, শিবশরীর হইতে জগৎকারণ-যোনিরূপা পরাশক্তির প্রাদুর্ভাব, হেরম্বোৎপত্তি বৃত্তান্ত, হেরম্বকৃত শক্তিযুক্ত-শিবস্তুতি, শিবের লিঙ্গরূপে হলাহলপান, দেবদানবাদিকৃত শিবস্তব, শিবের আবির্ভাব ও সর্ব্বকর্ম্মারম্ভে, হেরম্বার্চ্চনের কর্ত্তব্যতা কথন	৪৯
১১শ অঃ।—শিবোক্ত গণেশার্চ্চন-বিধান, পুনঃ সমুদ্রমন্থন, চন্দ্রোৎপত্তি, গর্গপ্রোক্ত মুহূর্ত্ত বৃত্তান্ত, কামধেনু রত্নাদির উৎপত্তি, লক্ষ্মীপ্রাদুর্ভাব, লক্ষ্মীকর্ত্তৃক বিষ্ণুকে পতিত্বে বরণ	৫৪

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

১২শ অঃ।—অমৃতার্থ পুনঃ সাগরমন্থন, ধন্বন্তরিপ্রাদুর্ভাব, ধন্বন্তরির হস্ত হইতে বৃষপর্ব্বা দানবের অমৃতকলস অপহরণ ও অপরাপর দৈত্যগণসহ পাতালে গমন, সুরগণের প্রার্থনায় বিষ্ণুর মোহিনীরূপ ধারণ, ও দেব-দানব উভয়দলকে বিভিন্ন পংক্তিতে উপবেশিত করিয়া দেবপংক্তিতে অমৃতবণ্টন, রাহুর দেবপংক্তিতে অমৃতপানার্থ উপবেশন ও চন্দ্র-সূর্য্য কর্ত্তৃক তদুল্লেখ, বিষ্ণু কর্ত্তৃক চক্র দ্বারা রাহুর শিরশ্ছেদ, অমৃতপানবঞ্চিত দানবদলের আক্রোশ। ৫১

১৩শ অঃ।—দেবদানবগণের দ্বন্দ্বযুদ্ধ, শঙ্করের রাহুমুণ্ড ধারণ, ও তৎপ্রসঙ্গে শিবভক্তি ভস্ম ত্রিপুণ্ড্রক রুদ্রাক্ষাদির মাহাত্ম্য, কালনেমি কর্ত্তৃক দেবগণের পরাজয়, দেবগণের বিষ্ণুস্তব, কালনেমিসহ সমরার্থ বিষ্ণুর রণস্থলে প্রাদুর্ভাব। ৬৩

১৪শ অঃ।—বিষ্ণু কর্ত্তৃক কালনেমি-বধ, বিষ্ণুর অন্তর্ধান, দৈত্যদলের পলায়ন, সুরসেনাসহ ইন্দ্রের অমরাবতী গমন, ইন্দ্রের বিজয়াভিষেক, পরাজিত হতাবশিষ্ট দৈত্যগণের শুক্রাচার্য্য-সমীপে গমন, দৈত্যগণের বিজয় সাধনার্থ শুক্রাচার্য্যের তপস্যা, ও মৃতদানবসঞ্জীবন। ৭০

৬০শ অঃ।—ইন্দ্রকর্ত্তৃক অপমানিত বৃহস্পতির প্রস্থান, বিশ্বকর্ম্মনন্দন বিশ্বরূপের ইন্দ্রপৌরোহিত্য করণ, ও দেবগণকে বঞ্চনা করিয়া দৈত্যগণকে হবিঃপ্রদান, বিদিতবৃত্তান্ত ইন্দ্র কর্ত্তৃক বজ্রদ্বারা বিশ্বরূপের শিরশ্ছেদ, ও তৎপাতকজা ব্রহ্মহত্যার আক্রমণে জলে মজ্জন, মিলিত দেবগণের বৃহস্পতিসমীপে গমনপূর্ব্বক ইন্দ্রকৃত ব্রহ্মহত্যা বৃত্তান্ত কথন, নারদের কথায় দেবগণের নহুষকে ইন্দ্রপদে প্রতিষ্ঠা বিষয়ক মন্ত্রণা, তদ্ভবণে ইন্দ্রাণীর দুঃখে অন্তঃপুরে প্রস্থান, নহুষের ইন্দ্রপদে অভিষেক, নহুষের ইন্দ্রাণীসম্ভোগ বিষয়ক অভিলাষ, ও তদনুসারে বৃহস্পতির ইন্দ্রাণীসমীপে গমন, ইন্দ্রাণী কর্ত্তৃক 'অবাহ্য যানে গমন করিব এইরূপ উত্তর দান, নহুষ কর্ত্তৃক শিবিকা বহনার্থ অগস্ত্যাদি ব্রাহ্মণগণের নিয়োগ, অগস্ত্য কর্ত্তৃক নহুষকে "সর্প হও" বলিয়া অভিশাপ প্রদান, নহুষের সর্পরূপে স্বর্গ হইতে পতন, দেবগণ কর্ত্তৃক ইন্দ্রপদে যযাতির প্রতিষ্ঠা, অনুষ্ঠিত সৎকর্ম্মের কীর্ত্তনহেতু পুণ্যক্ষয় বশতঃ যযাতির অধঃপতন, ইন্দ্রাভাবে দেবগণের চিন্তা। ... ৭২

১৬শ অঃ।—ইন্দ্রাণী শচী কর্ত্তৃক ইন্দ্রানয়নার্থ বৃহস্পতি প্রভৃতির প্রতি আদেশ, ও তদ্বিষয়ে অবহেলা দর্শনে বৃহস্পতির প্রতি শাপপ্রদান, শাপভীত বৃহস্পতির ইন্দ্রানয়নার্থ সরোবরতীরে গমন ও ইন্দ্রের আহ্বান, তীরস্থিতা ব্রহ্মহত্যার দেবগণসমীপে বাসস্থান প্রার্থনা, দেবগণের ব্রহ্মহত্যাকে চারিভাগে বিভক্ত হইয়া পৃথিবী, বৃক্ষ, জল ও নারী, এই চারিস্থানে বাস করিতে বর দান, ব্রহ্মহত্যার উক্ত চারিস্থানে অবস্থান, দেবগণের নিষ্পাপ ইন্দ্রকে লইয়া অমরাবতীগমন ও ইন্দ্রপদে প্রতিষ্ঠা, বিশ্বরূপবধকুপিত বিশ্বকর্ম্মার তপস্যা, ব্রহ্মার নিকট সুরভয়ঙ্কর পুত্র বরলাভ, বৃত্রাসুরোৎপত্তি, তদ্ভবণে অসুরগণের পাতাল হইতে আগমন, তদ্দর্শনে দেলগণের ভয় ও পরস্পর মন্ত্রণা, ব্রহ্মার আদেশে সুরগণের দধীচি মুনির নিকট যাইয়া বজ্রনির্ম্মাণার্থ তদীয় অস্থিপ্রার্থনা, তদর্থ দধীচির যোগবলে প্রাণত্যাগ, ... ৭৮

১৭শ অঃ।—সুরভি কর্ত্তৃক দধীচির গাত্রলেহন দ্বারা নির্ম্মাংস করণ, দধীচির অস্থি দ্বারা দেবগণের বজ্রাদি অস্ত্র নির্ম্মাণ, দধীচিপত্নী সুবর্চ্চার দেবগণের প্রতি অপুত্রত্ব অভিশাপ প্রদান, ও স্বপুত্র পিপ্পলাদকে অশ্বত্থতলে বিন্যস্ত করিয়া পতি-চিতারোহণ, সুরাসুরসমরারম্ভ,—বৃত্রাসুরের যুদ্ধ, বৃত্রাসুরবধার্থ বৃহস্পতির উপদেশে ইন্দ্রের শনিপ্রদোষব্রত সহকারে শিবারাধনা, শনিপ্রদোষব্রতবিধান, বৃত্রাসুরের জন্মান্তরবৃত্তান্ত,—চিত্ররথ গন্ধর্ব্বের শিবনিন্দা ও দেবীশাপে অসুরত্বপ্রাপ্তি, শনিপ্রদোষব্রতোদ্‌যাপন বিধান, শনিপ্রদোষব্রতপ্রভাবে ইন্দ্রের প্রভাব বৃদ্ধি ও দানবগণ সহ সংগ্রাম, রণস্থল হইতে পলায়মান দানবগণের প্রতি বৃত্রাসুরের যুদ্ধধর্ম্মোপদেশ, দেবদানবে তুমুল যুদ্ধ, বৃত্রের প্রহারে ইন্দ্রের মূর্চ্ছা ও সংজ্ঞালাভান্তে ব্রহ্মার উপদেশে বৃত্রবধার্থ শিবারাধনা, শিববাক্যে বৃত্রকে অজেয় জানিয়া তৎসহ মৈত্রীস্থাপনান্তে তদীয় ছিদ্রানুসন্ধানমানসে তৎসকাশে সহস্র বর্ষ অবস্থান, বৃত্রের

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়।	পৃষ্ঠা।
গর্ব্ব, ইন্দ্রের নর্ম্মদাতটে প্রদোষ ব্রতসহকারে ওঙ্কারেশ্বরের আরাধনা, প্রদোষকালে নিদ্রা-বশতঃ প্রদোষপূজা বাধা হওয়ায় তপোহানি হেতু বৃত্রের শ্রীহীনতা ও তজ্জন্য মনস্তাপ, ইন্দ্র সহ বৃত্রের যুদ্ধ, বৃত্র কর্ত্তৃক ইন্দ্রকে গ্রাস করণ, ব্রহ্মার প্রার্থনায় শঙ্কর কর্ত্তৃক আকাশ-বাণী দ্বারা ব্রহ্মার প্রতি প্রদোষব্রতকালে ইন্দ্রকৃত পীঠিকালঙ্ঘনপাতকহেতু শক্রগ্রাসে পতনবার্ত্তা-কথন ও ত্রৈকালিক লিঙ্গার্চ্চনবিধি বর্ণন, শঙ্করাদেশে দেবগণের যথাবিধি লিঙ্গার্চ্চনা ও তৎপ্রভাবে বৃত্রের উদরভেদ করিয়া ইন্দ্রের বহির্গমন, বৃত্রাসুরের মালবদেশে মস্তক ও গঙ্গা-যমুনার মধ্যভাগে অন্তর্ব্বেদীতে শরীর স্থাপনপূর্ব্বক পতন, সুরগণের ছয়মাস যাবৎ বৃত্রাসুরের শিরশ্ছেদন, ইন্দ্রের বিজয় লাভ, দৈত্যগণের বলিসমীপে বৃত্রনিধনবার্ত্তা নিবেদন, শুক্রাদেশে বলির যজ্ঞানুষ্ঠান দ্বারা রথলাভ, ও তাহাতে আরোহ পূর্ব্বক দৈত্য-সৈন্যসহ দেব জয়ার্থ অমরাবতীযাত্রা। ...	৮৪
১৮শ অঃ।—বলির আগমন শ্রবণে বৃহস্পতির উপদেশে ইন্দ্রাদি দেবগণের ময়ূরাদি পক্ষিরূপ ধারণপূর্ব্বক স্বর্গ হইতে পলায়ন ও কশ্যপাশ্রমে যাইয়া মাতা অদিতির নিকট দুঃখজ্ঞাপন, দেবগণত্রাণার্থ অদিতির প্রার্থনায় কশ্যপের তৎপ্রতি শ্রবণদ্বাদশীব্রত দ্বারা মাধবারাধনে উপদেশ, তদনুসারে অদিতির তদ্ব্রতানুষ্ঠান, বিষ্ণুর আবির্ভাব, অদিতির বিষ্ণু-স্তব, বিষ্ণু কর্ত্তৃক গদা ও চক্রের প্রতি বলি-দমনার্থ আদেশ, গদা ও চক্রের তদ্বিষয়ে অসামর্থ্য জ্ঞাপন, ভগবানের ভাবনা, শুক্র কর্ত্তৃক বলির ইন্দ্রপদে অভিষেক, বলি কর্ত্তৃক ব্রাহ্মণগণকে সমস্ত ইন্দ্র-সম্পত্তি দান, তৎপ্রসঙ্গে ইন্দ্রপদস্থ ব্যক্তিরও দানাভাবে পুণ্যক্ষয়ান্তে ইন্দ্রকৃমিত্বপ্রাপ্তি বর্ণন, বলির পূর্ব্বজন্মবৃত্তান্ত,—কোনও লম্পটের গণিকার নিমিত্ত পুষ্প-তাম্বূল লইয়া যাইতে যাইতে সহসা স্খলিত হওয়ায় তৎসমস্ত ভূমিতে পতিত হইলে "শিবার্পণমস্তু" বলিয়া শিবকে নিবেদন করায় সর্ব্বপাপমুক্তি, অনন্তর মরণান্তে যমের আদেশে সার্দ্ধঘটিকাত্রয় কাল ইন্দ্রত্বপ্রাপ্তি, তদবসরে অগস্ত্যাদি ব্রাহ্মণগণকে ঐরাবতাদি প্রদান, সার্দ্ধ-ঘটিকাত্রয়ান্তে পূর্ব্ব ইন্দ্রের ইন্দ্রত্ব লাভ, ও শচীর প্রতি ভর্ৎসনা, শচী কর্ত্তৃক ইন্দ্রের ভর্ৎসনা ও লম্পটের প্রশংসা, ইন্দ্রের লজ্জা, লম্পট কর্ত্তৃক ঐরাবতাদি নিজধন প্রদত্ত হওয়ায় ইন্দ্রের যমসমীপে যাইয়া উক্ত লম্পটের ভর্ৎসনা, যমের আদেশে চিত্রগুপ্ত কর্ত্তৃক শিবোদ্দেশে অনুষ্ঠিত দানপ্রভাবে লম্পটের নরকানর্হত্ব বর্ণন, তচ্ছ্রবণে লজ্জিত মনে ইন্দ্রের অমরাবতীপ্রস্থান, উক্ত লম্পটের প্রহ্লাদনন্দন বিরোচনের পত্নী সুরুচির গর্ভে প্রবেশ, ইন্দ্র কর্ত্তৃক ব্রাহ্মণবেশে আসিয়া বিরোচন-সকাশে তদীয় মস্তক প্রার্থনা, বিরোচন কর্ত্তৃক কপট বিপ্রবেশী শক্রকে নিজ মস্তক ছেদন-পূর্ব্বক প্রদান, বলির জন্ম, প্রসবের পরে বলি-মাতা সুরুচির পতিলোকে গমন, শুক্র কর্ত্তৃক বলির পিতৃরাজ্যে অভিষেক; ইন্দ্রাদির পলায়নের পর বলি কর্ত্তৃক স্বর্গরাজ্য অধিকার এবং শুক্রের উপদেশে স্বর্গে বাস অযোগ্য বোধে বলির সর্ব্বদৈত্য সহ শুক্রাচার্য্যকে লইয়া নর্ম্মদা-তীরে গুরুকুলাতীর্থে আগমনান্তে অশ্বমেধাদি বিবিধ যাগানুষ্ঠান, বলির সেই যজ্ঞানুষ্ঠান-কালে অদিতিকৃত ব্রতে সন্তুষ্ট হইয়া বিষ্ণুর বামনরূপে অবতার, বামনের উপনয়নাদি সংস্কারান্তে বলি-যজ্ঞস্থলে গমন, বলিকৃত বামনার্চ্চনপ্রক্রিয়া, বামনের বলিসমীপে ত্রিপাদ ভূমি প্রার্থনা, বলিকর্ত্তৃক তদ্দানে অঙ্গীকার, শুক্র কর্ত্তৃক বলিকে বামনের বিষ্ণুত্ব কথনপূর্ব্বক ভূমিদাননিষেধ,	০০
১৯শ অঃ।—বামনকে ভূমিদানে বলির আগ্রহাতিশয্য দর্শনে বলির প্রতি শুক্রের অভিশাপ, বলির সঙ্কল্প করিয়া বামন দেবকে ভূমিদান, বামনরূপী বিষ্ণুর বৃদ্ধি,—ত্রিবিক্রমমূর্ত্তি ধারণ, ও পদদ্বয়দ্বারা চরাচর ব্রহ্মাণ্ড ব্যাপ্ত করিয়া তৃতীয়-পদপরিমিত ভূমির নিমিত্ত বলির নিকট গরুড়ের নিয়োগ, বলিপত্নী বিন্ধ্যাবলির প্রহ্লাদকে লইয়া বামনসমীপে আগমন ও সপুত্রপত্নীক বলির মস্তকে তৃতীয় পদ স্থাপনার্থ স্তুতিপূর্ব্বক প্রার্থনা, সন্তুষ্ট ত্রিবিক্রমের বলির প্রতি সুতলে গমনার্থ আদেশ, বলির প্রার্থনায় বিষ্ণুর বলিসন্নিধানে নিয়তাবস্থিতি স্বীকার ও তদনুসারে বলিসহ পাতালে গমন ও স্থিতি, শিবভক্তিমাহাত্ম্য।	১১৩
২০শ অঃ।—শঙ্করের লিঙ্গরূপত্বপ্রাপ্তি বর্ণন প্রসঙ্গে সুরগণ সহ তারকাসুরের সমর, দেব-	

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

গণের পরাজয় ও ব্রহ্মলোকে গমন, সেখানে আকাশবাণী-প্রমুখাৎ শিবের পুত্র জন্মিলে তৎ-কর্ত্তৃক তারকাসুর হত হইবে, সুতরাং তদর্থে বিপত্নীক শিবের দারপরিগ্রহার্থ যত্ন করিতে আদেশ, আদেশ পাইয়া হিমালয়ে যাইয়া পুত্রোৎপাদনার্থ হিমালয়সমীপে প্রার্থনা, হিমালয়ের স্বীয় ভার্য্যা মেনার নিকট কন্যোৎপাদনার্থ দেবগণকৃত প্রার্থনা কথন, মেনার কন্যোৎপত্তিতে পিতামাতার দুঃখ বর্ণন, হিমালয় কর্ত্তৃক পরোপকারের আবশ্যকতা বোধে মেনাকে প্রবোধদান, মেনার কন্যোৎপাদনে সম্মতি ও হিমালয়ের সংসর্গে গর্ভধারণ, গর্ভে জগন্মাতার প্রবেশ ও জন্মগ্রহণ। ১১৭

২১শ অঃ।—হিমালয়ের পার্ব্বতীসহ শিব-সমীপে শিব দর্শনার্থ আগমন, স্বকীয় সেবাভিলাষি পর্ব্বতীর প্রতি শিবের সেবাকার্য্যে অনুমতি, পার্ব্বতীর শিবসেবা, তৎকালে দেবেন্দ্রপ্রেরিত মদন কর্ত্তৃক শঙ্করকে বাণাঘাত, বাণাহত শঙ্করের পার্ব্বতীদর্শনে মদনাতুরত্ব, বিবেক দ্বারা তৎকারণ বিচারণে প্রবৃত্ত হইয়া সজ্জ-ধনুর্দ্ধর মদনকে বিলোকনান্তে ক্রোধবশে তৃতীয়নেত্রাগ্নি দ্বারা ভস্মীকরণ, দেবগণের মদনজীবনার্থ স্তুতিবাদ সহ শঙ্করসমীপে প্রার্থনা, শিবের অন্তর্ধান, মদনপত্নী রতির মদনশোকে বিলাপ, পার্ব্বতীর রতিকে মদনের পুনর্জীবন বিষয়ক আশ্বাস প্রদান, রতির সেই স্থানে তপস্যা, তথায় নারদের আগমন ও রতিকে উপদেশ প্রদান, রতির নারদকে ভর্ৎসনা, নারদের শম্বরাসুরসমীপে গমন ও তাহাকে রতিহরণ বিষয়ক উপদেশ প্রদান, শম্বরাসুরের বলপূর্ব্বক রতিকে স্বীয়াবাসে লইয়া গিয়া রন্ধন-শালাধ্যক্ষতায় নিয়োগ, পার্ব্বতীর শিবপ্রাপ্তর্থ্য তপস্যা, তাহাতে সন্তপ্ত হইয়া ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণের শিব-বিবাহ বিষয়ক মন্ত্রণা। ১২২

২২শ অঃ।—ব্রহ্মাদি দেবগণের সমুদ্রের পর পারে যোগপীঠাসীন সমাধিমগ্ন শঙ্করসমীপে সমাগম, ও তদীয় স্তব, সন্তুষ্ট শঙ্করের দেবগণকে পার্ব্বতীকর্ত্তব্য মদনজীবনাদি বর্ণন সহ কামত্যাগোপদেশপূর্ব্বক পুনঃ সমাধিগ্রহণ, নন্দী কর্ত্তৃক দেবগণের বিদায় দান, শঙ্করের যোগাসনে স্বরূপানন্দানুভূতি, পার্ব্বতীতপঃপ্রভাবে

বিষয়। পৃষ্ঠা।

শিবের সমাধিচ্যুতি, শিবের বটুরূপে পার্ব্বতী-তপস্যাক্ষেত্রে আগমন ও পার্ব্বতীচিত্ত পরীক্ষার্থ শিবনিন্দা, ইহাতে অসহিষ্ণু পার্ব্বতীর সখি দ্বারা বটুকে বিদায়করণ, বটুরূপী শিবের অন্তর্ধান ও নিজরূপে আবির্ভাব, শিবীপার্ব্বতী সংবাদ, পার্ব্বতীর স্বীয় পরিণয়ার্থ শিবসমীপে প্রার্থনা, পার্ব্বতীকে বরদানপূর্ব্বক শঙ্করের স্বস্থানে গমন, পার্ব্বতীর তপঃসিদ্ধিদর্শনে হিমালয়ের ব্রহ্মাদি দেবগণ সহ মহা আড়ম্বরে পার্ব্বতীকে স্বভবনে আনয়ন। ১৩৩

২৩শ অঃ।—পার্ব্বতীসহ পরিণয় নিমিত্ত শিবের হিমালয়সমীপে সপ্তর্ষি-প্রেরণ, সপ্তর্ষি-গণসহ হিমালয়ের কথোপকথন ও বিবাহসম্বন্ধ-নির্ণয়, সপ্তর্ষিগণের শিবকে তদ্বার্ত্তা বিজ্ঞাপন, শিব কর্ত্তৃক বরযাত্রিত্ব নিমিত্ত ব্রহ্মাদি দেবগণের নিমন্ত্রণার্থ নারদকে প্রেরণ, ব্রহ্মাদির শিবসমীপে আগমন, শিবের মহা আড়ম্বরে গ্রহার্চ্চনাদি সমাধান, পরে সর্ব্বদেবগণ সহ বিবাহার্থ গিরিরাজপুরে যাত্রা। ... ১৪০

২৪শ অঃ।—হিমালয় কর্ত্তৃক কন্যার বিবাহ উপলক্ষে গর্গাচার্য্য পুরোহিতের অধ্যক্ষতায় বিশ্বকর্ম্মা দ্বারা উত্তম মণ্ডপাদি নির্ম্মাণ, নারদ-প্রমুখাৎ উক্ত মণ্ডপে সর্ব্বদেবপ্রতিকৃতিবিন্যাস-কৌশলবার্ত্তা শ্রবণে দেবগণের শঙ্কা, হিমালয় কর্ত্তৃক শঙ্করকে স্বপুরে আনয়ন ও বরযাত্রি-গণের যথাযোগ্য বাসস্থান প্রদান। ১৪৫

২৫শ অঃ।—হিমালয়প্রদত্ত পৃথক্ পৃথক্ প্রশস্ত বাসস্থানে দেবগণের নিবাস, মেনা কর্ত্তৃক শিবের নীরাজনা ও তাদৃশ জামাতার রূপ দর্শনে পরিতোষ, পার্ব্বতীর উত্তম বেশভূষান্তে বরণার্থ উৎকৃষ্ট হার-হস্তে মহেশ্বরের ধ্যানে অবস্থান, গর্গনির্দ্দিষ্ট শুভক্ষণে বিবাহার্থ মহা সমারোহে বিবাহমণ্ডপে শঙ্করকে আনয়ন, শিব-পার্ব্বতীর বিবাহ, অরুন্ধতী সাবিত্রী লক্ষ্মী প্রভৃতি সধবাগণের শিবনীরাজন, মেনাসহ গিরিরাজের কন্যাদান করিতে উপবেশন, সঙ্কল্পকালে শিবের নামগোত্র জিজ্ঞাসা, তদুপলক্ষে নারদ কর্ত্তৃক শঙ্করের পরমৈশ্বর্য্য বর্ণন। ১৫০

২৬শ অঃ।—হিমগিরির শঙ্করকরে পার্ব্বতী সম্প্রদান, শিবপার্ব্বতীর গৃহ্যাগ্নিহোমকালে পার্ব্বতীচরণদর্শনে ব্রহ্মার বীর্য্যস্খলন ও তাহা

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়।	পৃষ্ঠা।
হইতে ষষ্টিসহস্র অঙ্গুষ্ঠমাত্র বালখিল্য ঋষির উদ্ভব, হোম সমাপনান্তে হিমালয় কর্ত্তৃক বর-যাত্রীদিগের সকলের উত্তম সৎকার, বিবাহোৎসব বৃত্তান্ত।	১৫৫
২৭শ অঃ। বরপক্ষীয় বিষ্ণুকর্ত্তৃক কন্যাপক্ষীয় বিন্ধ্য সহ্য প্রভৃতি শৈলগণের যথাযোগ্য সৎকার, সমস্ত শৈলগণের শঙ্করসৎকার, বরযাত্রী দেবগণের স্ব স্ব স্থানে প্রত্যাগমন, শিবপার্ব্বতীর গন্ধমাদন পর্ব্বতে বিহার,—একান্তে রতিক্রীড়ায় প্রবৃত্তি, অত্যদ্ভুত রতিব্যাপারে ত্রাসান্বিত ব্রহ্মাদি দেবগণ কর্ত্তৃক রতিব্যাঘাত বিধানার্থ তাঁহাদিগের নিকট অগ্নিকে প্রেরণ, কপট ভিক্ষুকবেশে অগ্নির উক্ত রতিক্ষেত্রে গমন, অগ্নিদর্শনে রতিব্যাঘাত হেতু শিববীর্য্যের অস্থানে স্খলন, অগ্নির প্রতি পার্ব্বতীর অভিশাপ দান, শঙ্করের আদেশে অগ্নির উক্ত শিববীর্য্য ভক্ষণপূর্ব্বক দেবগণসমীপে প্রত্যাগমন, অগ্নিমুখোদ্গত বীর্য্যপ্রভাবে সমস্ত দেবগণের গর্ভোৎপত্তি ও তজ্জন্য বিষ্ণুর শরণ গ্রহণ, বিষ্ণুর উপদেশে দেবগণের শিবসমীপে প্রার্থনা, শিবের আদেশে দেবগণের মুখ হইতে শিববীর্য্যের স্খলন ও স্বর্ণাকারে পরিণতি, শিবের অগ্নির প্রতি যোনিতে বীর্য্যপাতকরণে উপদেশ, জাজ্জ্বল্যমান অগ্নির নিকট ষট্‌কৃত্তিকা—ষট্‌মুনি-পত্নীর শীতক্লেশ-বারণমানসে তাপগ্রহণার্থ আগমন, অগ্নির নিজ জ্বালা দ্বারা তাহাদিগের শরীরে শিববীর্য্যপ্রবেশনান্তে শান্তি লাভ, কৃত্তিকাগণের ব্যভিচারাশঙ্কায় হিমগিরিপৃষ্ঠে গঙ্গায় যুগপৎ সেই বীর্য্য বিসর্জ্জন, অবিলম্বে তাহা হইতে ষড়ানন বালকোৎপত্তি, বালকের জন্মকালে পার্ব্বতীর স্তন্য ক্ষারণ, তৎসমকালেই শিবপার্ব্বতীসমীপে নারদের আগমন ও কুমার-জন্ম বৃত্তান্ত কথন, অপরাপর দেবগণ সহ শিব-পার্ব্বতীর কুমার দর্শনার্থ গমন ও কুমারদর্শনে প্রীতিলাভ, কুমারাভ্যুদয় মহোৎসব। ...	১৬৮
২৮শ অঃ।—শিবের আদেশে কুমারকে অগ্রবর্ত্তী করিয়া দেবগণের তারকাসুরবিজয়ার্থ যুদ্ধযাত্রা, পথে বিজয়শংসিনী আকাশবাণী শ্রবণ, সেনা নাম্নী মৃত্যুকন্যার আগমন, ব্রহ্মার বাক্যে কুমার কর্ত্তৃক তাহার বরণ ও সেনাপতিত্ব লাভ, গঙ্গা গৌরী ও কৃত্তিকাগণ সকলেই কুমারের মাতৃত্ব অভিলাষ করিতে ছিলেন বুঝিয়া কুমার কর্ত্তৃক তাঁহাদের সকলেরই মাতৃত্বে স্থাপন, অতঃপর কুমারের সর্ব্বদেব সহ তারকাসুরের সহিত যুদ্ধার্থ অভিযান, উভয়-সৈন্যের সন্নিবেশ।	১৬৪
২৯শ অঃ।—সুরাসুরগণের পরস্পর সংগ্রাম, ক্রমে সমস্ত দেবতার পরাজয়, বিষ্ণু কর্ত্তৃক কুমারপ্রোৎসাহন, কুমারের তারকাসুর সহ সংগ্রামার্থ সেনাগ্রে অবস্থান, তারকাসুরের আত্ম-শ্লাঘা।	১৬৮
৩০শ অঃ।—তারকাসুর সহ দেবগণের সংগ্রাম, দেবগণের পরাজয়, তদ্দর্শনে কুমারের তারক সহ তুমুল দ্বন্দ্ব-যুদ্ধ, তাদৃশ যুদ্ধ দর্শনে রণ-দর্শনার্থ সমাগত হিমালয়াদির ত্রাস, কুমার কর্ত্তৃক তাহাদিগের সান্ত্বনা, ও তারকের শির-শ্ছেদন, তারকবধে বিজয়ী সুরগণের কুমারা-ভিনন্দন ও বিজয়োৎসব। ...	১৭০
৩১শ অঃ।—কুমারস্বামিমাহাত্ম্য, কুমার-দর্শনে পাপিগণেরও পবিত্রতা লাভ-হেতু যম-লোকের ব্যর্থতা বিবেচনায় যমের ব্রহ্মা বিষ্ণু-প্রমুখ দেবগণ সহ শিব সমীপে গমন ও তদীয় স্তুতিবাদান্তে তাঁহার নিকট কুমারদর্শনফলে নিখিল পাপিগণের স্বর্গলাভ-হেতু স্বীয় অধি-কারের ব্যর্থতা নিবেদন, শঙ্কর কর্ত্তৃক যমের প্রতি সংসারনিবৃত্তির উৎকর্ষ ও শুদ্ধ ধর্ম্ম উপদেশ, শঙ্করের উপদেশে যমের শান্তিলাভ, সমস্ত শৈল কর্ত্তৃক কুমারের স্তুতি, কুমার কর্ত্তৃক শৈলগণকে বর দান, কুমার সকাশে নন্দীর শিব-লিঙ্গার্চ্চন বিষয়ক প্রশ্ন, কুমার কর্ত্তৃক নন্দীর নিকট নার্ম্মদ ও রত্নলিঙ্গাদি বিবিধ শিব-লিঙ্গার্চ্চন-ফল কীর্ত্তন।	১৭৬
৩২শ অঃ। শিবসেবামাহাত্ম্য কীর্ত্তন প্রসঙ্গে শ্বেত-নৃপতি-চরিত্রকীর্ত্তন,—শ্বেত রাজার জন্মা-বধি শিবপরায়ণতা, অন্তকালেও শিবধ্যানে অবস্থানহেতু তদীয় সংহারে যমাদির অসা-মর্থ্য, পরে কালের আগমন ও খড়্গ দ্বারা শ্বেত রাজাকে হননোদ্যোগ, তদ্দর্শনে শঙ্কর কর্ত্তৃকললাটনেত্রদ্বারা কালের ভস্মী-করণ, অতঃপর শ্বেত রাজার সমাধিভঙ্গ, ও সম্মুখে কালকে দহ্যমান দর্শনে ব্যগ্র-ভাবে রুদ্রের স্তুতি, রুদ্র "তোমাকে হননো-দ্যত হইয়াছিল বলিয়া আমি কালকে দগ্ধ	

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

করিয়াছি" এই কথা কহিলে শ্বেত রাজার রুদ্র-সমীপে কালের পুনর্জীবন প্রার্থনা, শঙ্কর কর্ত্তৃক কালের জীবনদান, কালের শঙ্করস্তুতি ও শ্বেত রাজার প্রশংসান্তে যম প্রভৃতির সহিত শিব-প্রণামপূর্ব্বক স্বস্থানে গমন, যম কর্ত্তৃক ত্রিপুণ্ড্র জটা ভস্ম রুদ্রাক্ষাদি ধারণরূপ শিবধর্ম্মমাহাত্ম্য বর্ণনান্তে নিজ দূতগণের প্রতি শৈবদিগকে যম-লোকানয়নে নিষেধ, শ্বেত রাজার শিবসাযুজ্য-লাভ। ১৮২

৩৩শ অঃ।—শিবধর্ম্মমাহাত্ম্যপ্রসঙ্গে—চণ্ড নামক ব্যাধের উপাখ্যান,—চণ্ড ব্যাধের একদা মাঘকৃষ্ণচতুর্দ্দশী-শিবরাত্রিতে সমস্ত দিন বনে বনে মৃগাদি জন্তু অন্বেষণ করিয়া কোন জন্তু না পাওয়ায় রাত্রিকালে বনমধ্যস্থ কোনও বিল্ববৃক্ষে অবস্থান, অজ্ঞানবশে তদীয় গাত্রসংস্পর্শে বৃন্ত-চ্যুত বিল্বপত্রের ও গণ্ডূষজলের বৃক্ষমূলস্থ শিব-লিঙ্গোপরি পতনে শঙ্করের পূজাভিষেকজনিতা প্রীতি, ভক্ষ্যাভাবে চণ্ডের উপবাস, তদীয়াগমন-প্রতীক্ষায় তৎপত্নীরও উপবাস, পরদিনে তৎ-পত্নীকর্ত্তৃক পূর্ব্বদিনের প্রস্তুত অন্নব্যঞ্জন বিকৃত হওয়ায় নদীতীরে তৎসমস্ত পরিত্যাগ, কোনও কুক্কুরের তাহা ভক্ষণ, তজ্জন্য চণ্ডব্যাধের ব্রত-পরাহবিহিত অন্নদান-ফললাভ, অজ্ঞানতঃ কৃত হইলেও চণ্ড ব্যাধের এতৎসমস্ত কার্য্যে শঙ্করের শিবরাত্রিব্রতাচরণজনিত পরিতোষ. তাহার ফলে চণ্ড ব্যাধকে শিবলোকে লইয়া যাইবার নিমিত্ত শিবগণগণের বিমান আনয়ন, চণ্ডের বিমানা-রোহণে শিবলোকে গমন, শিবরাত্রিব্রতোৎ-পত্তি বৃত্তান্ত, শিবরাত্রিমাহাত্ম্য প্রসঙ্গে বীর-ভদ্রোপাখ্যান,—কোনও বিধবার গর্ভজাত চণ্ডা-লোৎপাদিত পুত্রের শিবরাত্রিব্রতপ্রভাবে মর-ণান্তে বীরভদ্র নামে প্রাদুর্ভাব, শিবরাত্রি ব্রতপ্রভাবে ভরতাদি নৃপতিগণের সিদ্ধিলাভ বৃত্তান্ত। ১৮৭

৩৪শ অঃ।—কৈলাসশৈলে বিলাসভবনে সুখাসীন শিব-শিবার দ্যূতক্রীড়া, শিবা কর্ত্তৃক শিবের যথাসর্ব্বস্ব বিজয়, শিবার নিকট যথা-সর্ব্বস্ব পরাজিত হইয়া শিবের তপোবনে গমন। ১৯৩

৩৫শ অঃ।—শিবের তপোবন গমনে বিরহাতুরা শিবার শবরীরূপে নির্জ্জনে সমাধিমগ্ন শিবসমীপে গমন, শবরীর দৃষ্টিমাত্রে শিবের সমাধিভঙ্গ, শিবের দৃষ্টিপাত মাত্রেই শবরীর অন্তর্ধান, ও তজ্জন্য শিবের বিরহ, শবরীর পুনরাবির্ভাব, শিবের কামবশে শবরীর নিকট নিজেকে পতিত্বে বরণ করিতে প্রার্থনা, শবরীর স্বীয় পিতার নিকট প্রার্থনা করিতে উপদেশ, ও তদর্থ শিবকে লইয়া হিমালয়সমীপে আগমন, শিবের হিমালয়সমীপে কন্যা প্রার্থনা, ইতিমধ্যে শিবসমীপে নারদের আগমন ও রহস্য ভেদ করণ, পার্ব্বতীকৃত নিজ বঞ্চনা বুঝিতে পারিয়া রোষ শিবের বশে পুনরায় বনান্তরে প্রস্থানোদ্যম, গিরিজার সহিত হিমালয়াদি গিরিবর্গের অনুনয় বিনয়ে রোষশান্তি ও গন্ধমাদন গিরিবরে অঙ্গিরা মহর্ষি কর্ত্তৃক শিবের অভিষেক, শিব-ধর্ম্মপ্রশংসা। ২০২

কেদার খণ্ড সমাপ্ত। ১—১।

কুমারিকা খণ্ড।

১ম অঃ।—সূত-শৌনক সংবাদ,—দক্ষিণ-সাগরতীরস্থ তীর্থনিচয়ের মাহাত্ম্য বর্ণন প্রসঙ্গে —পঞ্চাপ্সর-তীর্থমাহাত্ম্য বর্ণন প্রস্তাবে অর্জ্জু-নের তীর্থযাত্রা বৃত্তান্ত,—অর্জ্জুনের দক্ষিণসাগর-তীরস্থ তীর্থস্নানে প্রবৃত্তি, পঞ্চতীর্থে স্নানোদ্যত হইলে তত্রত্য মুনিগণ কর্ত্তৃক গ্রাহভয়ে অব-গাহনে নিবারণ, মুনিগণসমীপে অর্জ্জুনের ধর্ম্ম-কর্ম্মে ভয়ত্যাগের আবশ্যকতা কীর্ত্তন, অর্জ্জুনের ধর্ম্মবুদ্ধি দর্শনে মুনিগণের অর্জ্জুনকে বরদান, অর্জ্জুনের সৌভদ্র তীর্থে স্নানারম্ভ, গ্রাহগ্রাসে পতন, ও বলপূর্ব্বক সেই গ্রাহকে লইয়া তীরে উত্তরণ, গ্রাহের রমণীরূপ ধারণ, ও অর্জ্জুন-সমীপে আত্মপরিচয় প্রদানপূর্ব্বক গ্রাহত্বপ্রাপ্তি-হেতু কথন,—তৎপ্রসঙ্গে অপর সখীচতুষ্টয় সহ কোনও ব্রাহ্মণকে কামক্রীড়ার্থ প্রার্থনা করায় সেই ব্রাহ্মণের শাপে গ্রাহত্বপ্রাপ্তি ও নারদের উপ-দেশে পাঁচজনেরই উক্ত পঞ্চতীর্থে গ্রাহরূপে অবস্থান বৃত্তান্ত কথন, অর্জ্জুনের অপর চারিতীর্থে অবগাহন ও তত্রত্য গ্রাহচতুষ্টয়ের উদ্ধার দ্বারা গ্রাহত্ব মোচন, পরে গ্রাহত্ববিমুক্ত পঞ্চঅপ্সরার নিকট অর্জ্জুনের তীর্থসংরোধ করার কারণ

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়।	পৃষ্ঠা।
জিজ্ঞাসা, অপ্সরাদিগের "নারদের নিকট জিজ্ঞাসিবেন" বলিয়া নিজলোকে প্রস্থান।	২০৭
২য় অঃ।—অর্জ্জুনের নারদসাক্ষাৎকার লাভ, নারদপ্রমুখাৎ পাণ্ডবগণের কুশলবার্ত্তা শ্রবণান্তে নারদসমীপে অর্জ্জুনের তীর্থমাহাত্ম্য জিজ্ঞাসা, নারদের তদুত্তর দানপ্রসঙ্গে ব্রহ্মলোকবৃত্তান্ত কথনপ্রক্রমে সুশ্রবার কথিত কাত্যায়ন-সারস্বত সংবাদ বর্ণন,—সারস্বত মুনির কাত্যায়ন-মুনিসমীপে ধর্ম্মতত্ত্ব কীর্ত্তন,—দানমাহাত্ম্য বর্ণন, দানমাহাত্ম্য শ্রবণে নারদের দানকরণার্থ ঔৎসুক্য ও দানদ্রব্যোপার্জ্জনার্থ নানা দেশে বিচরণ।	২১২
৩য় অঃ।—পৃথিবী ভ্রমণ করিতে করিতে নারদের নর্ম্মদাতীরস্থ ভৃগুর আশ্রমে গমন, ভৃগুর নিকট স্বীয়াভিপ্রায় কথন, ভৃগু কর্ত্তৃক নারদকে দানযোগ্য পবিত্র ভূমি কথনপ্রসঙ্গে মহীসাগর-সঙ্গমস্থ স্তম্ভতীর্থমাহাত্ম্য কথন,—প্রাংশুদেব-শর্ম্মাখ্য দ্বিজের উপাখ্যান, দেবশর্ম্মা কর্ত্তৃক অমাবস্যা-নিমিত্তক শ্রাদ্ধ সম্পাদনার্থ স্তম্ভতীর্থ-তীরস্থ সুভদ্রাখ্য ব্রাহ্মণকে স্বীয় পুণ্যের চতুর্থাংশ প্রদানবৃত্তান্ত, ভৃগুপ্রমুখাৎ স্তম্ভতীর্থমাহাত্ম্য শ্রবণে নারদের মহীসাগর সঙ্গমে কিঞ্চিৎ ভূমি অর্জ্জনার্থ চিন্তা। ...	২১৯
৪র্থ অঃ।—নারদের মহীসাগরসঙ্গমে স্থান-প্রতিষ্ঠার্থ ধনার্জ্জনের আবশ্যকতাবোধে শুদ্ধ ভাবে ধনার্জ্জন বিষয়ক চিন্তা, মুনিগণের উপদেশে ধর্ম্মবর্ম্মা মহীপতির নিকট গমন, ধর্ম্মবর্ম্মা নৃপতি কর্ত্তৃক আকাশবাণীপ্রমুখাৎ শ্রুত 'দ্বিহেতু ষড়ধিষ্ঠান' ইত্যাদি শ্লোকের ব্যাখ্যাকর্ত্তার প্রতি পুরস্কার ঘোষণা, নারদ কর্ত্তৃক উক্ত শ্লোকের ব্যাখ্যাকরণ, ও ধর্ম্মবর্ম্মার নিকট অভীপ্সিত দান কার্য্য সম্পাদনার্থ সাহায্য প্রার্থনা, ও তৎপ্রাপ্তি।	১২৪
৫ম অঃ।—নারদের দানযোগ্য বিশুদ্ধ পাত্র অন্বেষণ ও তদলাভ-হেতু বিপ্রবেশে কলাপ গ্রামে গমন, ব্রাহ্মণপরীক্ষার্থ তত্রত্য বিপ্রগণের প্রতি শ্লোকরূপে নারদের প্রশ্ন, ব্রাহ্মণমণ্ডলীর মধ্য হইতে একটী অষ্টবর্ষীয় বালক কর্ত্তৃক নারদের অতি দুরূহ প্রশ্নের যথাযথ সদুত্তর প্রদান।	২২০
৬ষ্ঠ অঃ।—নারদের আত্মপরিচয় প্রদান, ও মহীসাগরসঙ্গমে জীবিকা দানপূর্ব্বক সেই ব্রাহ্মণগণের প্রতিষ্ঠা করিতে অভিপ্রায় বিজ্ঞাপন সহকারে তাঁহাদিগের সম্মতি প্রার্থনা এবং হারীতপ্রমুখ ব্রাহ্মণগণের সম্মতি অনুসারে তাঁহাদিগকে স্বকীয় দণ্ডাগ্রে স্থাপনপূর্ব্বক মহীসাগরসঙ্গমে আনয়ন, কলাপগ্রামাবধি মহীসাগর সঙ্গম পর্য্যন্ত পথ বর্ণনপ্রসঙ্গে—কলাপ-গ্রাম বর্ণন, নারদ কর্ত্তৃক হারীতাদি ব্রাহ্মণগণের পাদপ্রক্ষালনোদ্যোগ, তৎকালে কপিল মুনির আগমন ও নারদসমীপে তদানীত ব্রাহ্মণগণের মধ্য হইতে অষ্টসহস্র ব্রাহ্মণ প্রার্থনা, নারদ কর্ত্তৃক কপিল মুনিকে অষ্টসহস্র ব্রাহ্মণ সমর্পণ, পাদপ্রক্ষালনকালে হারীতাখ্য ব্রাহ্মণ প্রথমতঃ বামপাদ পুরোবিন্যাস করিলে নারদ কর্ত্তৃক তাঁহাদের সকলের প্রতি "তোমরা মূর্খ হইবে" বলিয়া অভিশাপ প্রদান, নারদের প্রতি ব্রাহ্মণগণের তাদৃশ অভিশাপদান, হারীত কর্ত্তৃক প্রথমতঃ বামপাদ বিন্যাসের কারণ বর্ণন, অতঃপর নারদের অনুতাপ ও চিরকারী ব্রাহ্মণের বৃত্তান্ত অলোচনা,—মেধাতিথি গৌতম-তনয় চিরকারীর প্রতি ব্যভিচারিণী মাতাকে হত্যা করিতে তদীয় পিতার আদেশ, চিরকারীর চিরকারিত্ব হেতু কর্ত্তব্যনির্দ্ধারণার্থ বিচারবাশে মাতৃহত্যায় বিলম্ব, ইতিমধ্যে ইন্দ্রের ব্রাহ্মণরূপে তদাশ্রমে আগমন ও গৌতমের প্রতি স্ত্রীজাতির নিয়ত পবিত্রতা বিষয়ক উপদেশ, ইন্দ্রের উপদেশে গৌতমের পত্নীহত্যা নিমিত্ত অনুতাপ ও হত্যার্থ সমাদিষ্ট চিরকারীর অনুসরণ, পিতার দর্শনে চিরকারীর ভূতলে অস্ত্রত্যাগান্তে পিতার নিকট ক্ষমা প্রার্থনা, পিতা গৌতম কর্ত্তৃক চিরকারীর প্রতি তদীয় চিরকারিত্ব গুণের প্রশংসাপূর্ব্বক আশীর্ব্বাদ ও পত্নী-পুত্রকে গৃহে আনয়ন, নারদ কর্ত্তৃক হারীতাদি ব্রাহ্মণগণের প্রতি "প্রদত্ত অভিশাপবাণী কলিকালেই ফলিবে" বলিয়া কিঞ্চিৎ অনুগ্রহ প্রদর্শন, ও মহীসাগর-সঙ্গম ক্ষেত্রে বিশ্বকর্ম্মা দ্বারা নগর নির্ম্মাণপূর্ব্বক গৃহ-গো-কাঞ্চন-ধনাদি প্রদান সহকারে হারীতাদি ব্রাহ্মণগণেরপ্রতিষ্ঠা।	২৩৭
৭ম অঃ।—অর্জ্জুনের নারদসমীপে সবিস্তরে মহীসাগরসঙ্গমমাহাত্ম্য শ্রবণেচ্ছা জ্ঞাপন, নারদের সবিস্তরে মহীসাগরসঙ্গম মাহাত্ম্য-বর্ণনারম্ভ,—ইন্দ্রদ্যুম্ন রাজার উপাখ্যান,—ইন্দ্রদ্যুম্ন রাজার সৎকর্ম্মফলে দীর্ঘকাল ব্রহ্মলোকে বাস,	

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা

দীর্ঘকালে ভূলোকে কীর্ত্তি লোপহেতু বিধি কর্ত্তৃক পুনঃ কীর্ত্তিপ্রকটনার্থ ইন্দ্রদ্যুম্নকে ভূলোকে প্রেরণ, ইন্দ্রদ্যুম্নের ভূলোকে আগমনান্তে দীর্ঘজীবীর অনুসন্ধান ও লোকমুখে মার্কণ্ডেয়কে সর্ব্বাপেক্ষা দীর্ঘজীবী জানিয়া তৎসমীপে গমনপূর্ব্বক নিজ বৃত্তান্তজ্ঞান বিষয়ক প্রশ্ন, মার্কণ্ডেয়মুখে "ইন্দ্রদ্যুম্নকে জানিনা" এইরূপ উত্তর শুনিয়া ইন্দ্রদ্যুম্নের অগ্নিপ্রবেশোদ্‌যোগ, মার্কণ্ডেয় কর্ত্তৃক তাহাতে নিষেধ এবং তাহাকে লইয়া আত্মাপেক্ষা দীর্ঘজীবী নাড়ীজঙ্ঘ নামক বকের নিকট গমনপূর্ব্বক ইন্দ্রদ্যুম্নবার্ত্তা জিজ্ঞাসা, নাড়ীজঙ্ঘকর্ত্তৃক "ইন্দ্রদ্যুম্নকে জানিনা" এইরূপ উত্তর দান, ইন্দ্রদ্যুম্ন কর্ত্তৃক নাড়ীজঙ্ঘকে তদীয় দীর্ঘজীবিত্বহেতু জিজ্ঞাসা, নাড়ীজঙ্ঘ কর্ত্তৃক স্বীয় দীর্ঘজীবিত্ব-হেতুকথন প্রসঙ্গে নিজ পূর্ব্বজন্ম বৃত্তান্ত বর্ণন ;—ঘৃতকম্বল মাহাত্ম্য ২৪৫

৮ম অঃ।—ইন্দ্রদ্যুম্নবার্ত্তা বিজ্ঞানার্থ নাড়ীজঙ্ঘ বকের আত্মাপেক্ষা দীর্ঘজীবী প্রাকারকর্ণ নামক উলুকের নিকট মার্কণ্ডেয় ও ইন্দ্রদ্যুম্নকে লইয়া গমন ও তৎসমীপে ইন্দ্রদ্যুম্নবার্ত্তা জিজ্ঞাসা, "প্রাকারকর্ণের 'ইন্দ্রদ্যুম্নকে জানিনা" এইরূপ উত্তর দান, ইন্দ্রদ্যুম্ন কর্ত্তৃক প্রাকারকর্ণেরনিকট তদীয় দীর্ঘজীবিত্ব-হেতু জিজ্ঞাসা, প্রাকারকর্ণের আত্ম-দীর্ঘজীবিত্ব-হেতু কথন,—বিল্বপত্র-মাহাত্ম্য। ২৫২

৯ম অঃ।—ইন্দ্রদ্যুম্নবার্ত্তা বিজ্ঞানার্থ প্রাকারকর্ণের আত্মাপেক্ষায় দীর্ঘজীবী গন্ধমাদনবাসী গৃধ্রের নিকট ইন্দ্রদ্যুম্ন-মার্কণ্ডেয়-নাড়ীজঙ্ঘকে লইয়া গমন, গৃধ্র কর্ত্তৃক ইন্দ্রদ্যুম্নবার্ত্তায় অনভিজ্ঞতা জ্ঞাপনান্তে স্বীয় তাদৃশ দীর্ঘজীবিত্ব-হেতু জিজ্ঞাসিত হইয়া ইন্দ্রদ্যুম্নাদিসমীপে তদ্বর্ণন প্রসঙ্গে আত্মবৃত্তান্ত কীর্ত্তন,—দমনকোৎসব-মাহাত্ম্য। ২৫৬

১০ম অঃ।—ইন্দ্রদ্যুম্নের অগ্নিপ্রবেশোদ্‌যোগ, তদ্দর্শনে প্রাকারকর্ণের অনুরোধে গৃধ্রকর্ত্তৃক স্বাপেক্ষায় দীর্ঘজীবী মানস-সরোবরবাসী কূর্ম্মের নিকট ইন্দ্রদ্যুম্ন-মার্কণ্ডেয়-নাড়ীজঙ্ঘ-প্রকারকর্ণকে লইয়া গমন, মানসসরোবরবাসী কূর্ম্ম কর্ত্তৃক সরোবরতীরে তাহাদিগের মধ্যে ইন্দ্রদ্যুম্নকে দেখিয়া ভয়বশে সহসা জলপ্রবেশ, গৃধ্র কর্ত্তৃক কূর্ম্মসমীপে 'সমাগত অতিথিদিগের সৎকার না করিয়াই তাদৃশভাবে সহসা জলপ্রবেশে'র কারণ জিজ্ঞাসা, কূর্ম্মকর্ত্তৃক ইন্দ্রদ্যুম্নের নির্দ্দেশপূর্ব্বক তদীয় পুরাকৃত যজ্ঞবৃত্তান্ত বর্ণন, তৎসমকালে ইন্দ্রদ্যুম্নের উপর পুষ্পবৃষ্টিপাত ও ইন্দ্রদ্যুম্নকে ব্রহ্মলোকে নয়নার্থ বিমানাগমন এবং দেবদূত কর্ত্তৃক ইন্দ্রদ্যুম্ন সমীপে ব্রহ্মলোক গমনার্থ অনুরোধ, ইন্দ্রদ্যুম্ন কর্ত্তৃক ব্রহ্মলোক গমনে অনিচ্ছাপ্রকাশপূর্ব্বক দেবদূতের প্রত্যাখ্যান ও কূর্ম্মসমীপে তদীয় দীর্ঘজীবিত্ব-হেতু জিজ্ঞাসা। ২৫৯

১১শ অঃ।—কূর্ম্ম কর্ত্তৃক স্বীয় পূর্ব্বজন্মবৃত্তান্ত বর্ণনাপ্রসঙ্গে—শিবমন্দিরমাহাত্ম্য বর্ণনান্তে ইন্দ্রদ্যুম্নাদির সৎকারাচরণ, ইন্দ্রদ্যুম্নাদি ছয় জনেরই কূর্ম্মোপদেশে তদপেক্ষায়ও দীর্ঘজীবী লোমশমুনির নিকট উপদেশগ্রহণার্থ প্রস্থান। ২৬২

১২শ অঃ।—ইন্দ্রদ্যুম্নাদি কর্ত্তৃক মধ্যাহ্ন কালে অনাবৃত স্থানে কুশমুষ্টি দ্বারা মস্তকোপরি ছায়া বিধানপূর্ব্বক উপবিষ্ট অতি দীর্ঘায়ু লোমশ মহর্ষির নিকট আশ্রম নির্ম্মাণ না করার কারণ জিজ্ঞাসা, লোমশ কর্ত্তৃক সংসারস্থিতি বর্ণন, ও স্বকীয় তাদৃশ দীর্ঘায়ু লাভের কারণ-কথন প্রসঙ্গে শিবলিঙ্গপূজা মাহাত্ম্য কীর্ত্তন। ২৬৫

১৩শ অঃ।—ইন্দ্রদ্যুম্নাদি সকলেরই শিবভক্তিপরায়ণতা হেতু লোমশসমীপে শিবদীক্ষা প্রার্থনা, লোমশ কর্ত্তৃক তাহাদিগকে শিবদীক্ষা প্রদানান্তে শিবপূজাবিষয়ক উপদেশ প্রদান, ইন্দ্রদ্যুম্নাদির ক্রিয়াযোগপূর্ব্বক তপস্যারম্ভ, ইন্দ্রদ্যুম্নাদিসমীপে নারদের আগমন, নারদসমীপে শাপভ্রষ্ট নাড়ীজঙ্ঘাদির স্বস্বমুক্ত্যর্থ উপায় জিজ্ঞাসা, নারদ কর্ত্তৃক বারাণসীনিবাসী সংবর্ত্তসমীপে গমনোপদেশ ও তাঁহার পরীক্ষার্থ উপদেশ, নাড়ীজঙ্ঘাদির বারাণসীতে গমন ও নারদোক্ত উপায়ে সংবর্ত্তের পরীক্ষা করণান্তে তৎসমীপে স্বস্বশাপমুক্তিকারণ জিজ্ঞাসা, সংবর্ত্ত কর্ত্তৃক নাড়ীজঙ্ঘাদির প্রতি শাপবিমুক্ত্যর্থ মহীসাগরসঙ্গমগমনোপদেশ-প্রসঙ্গে—মহীনদীর উৎপত্তি বৃত্তান্ত, মহীসাগর-সঙ্গমে যাজ্ঞবল্ক্যের অবস্থিতিহেতু কীর্ত্তন প্রসঙ্গে—যাজ্ঞবল্ক্যকৃত নকুলাবমানবৃত্তান্ত বর্ণন, ও মহীসাগরসঙ্গমের মাহাত্ম্য কীর্ত্তন, সংবর্ত্তপ্রমুখাৎ মহীসাগরসঙ্গমমাহাত্ম্য শ্রবণে বক, পেচক, গৃধ্র, কূর্ম্ম ও ইন্দ্রদ্যুম্নের মহীসাগরসঙ্গমে গমনান্তে শিবলিঙ্গ

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

স্থাপনপূর্ব্বক শিবসারূপ্য মুক্তি প্রাপ্তি, লোমশ-ও মার্কণ্ডেয়ের জীবন্মুক্তি বৃত্তান্ত, মহীসাগর সঙ্গমে ইন্দ্রদ্যুম্নপ্রতিষ্ঠিত ইন্দ্রদ্যুম্নেশ্বর লিঙ্গের মাহাত্ম্য, ও শতরুদ্রিয়াদি লিঙ্গমাহাত্ম্য। ২৬৯

১৪শ অঃ।—কুমারস্বামীর মাহাত্ম্য বর্ণন, কুমারচরিত কীর্ত্তনপ্রসঙ্গে দক্ষনন্দিনী দিতির গর্ভে বজ্রাঙ্গাসুরের জন্ম, মাতার আদেশে বজ্রাঙ্গের স্বর্গে যাইয়া দেবেন্দ্রকে বন্দী করিয়া মাতার নিকট আনয়ন, ব্রহ্মা ও কশ্যপের প্রার্থনায় ইন্দ্রের মোচন, ব্রহ্মার উপদেশে বজ্রাঙ্গের তপস্যা, বজ্রাঙ্গের তপস্যাকালে বরাঙ্গীনাম্নী তদীয়া পত্নীর পতিপরিচর্য্যা, ইন্দ্র কর্ত্তৃক বরাঙ্গীকে বিবিধ বিভীষিকা প্রদর্শনপূর্ব্বক লাঞ্ছনাপ্রদান, ব্রহ্মার নিকট বজ্রাঙ্গের বরলাভান্তে তপস্যা হইতে নিবৃত্তি, ও বরাঙ্গীকে তদীয় বিড়ম্বনাকারণ জিজ্ঞাসা। ২৮০

১৫শ অঃ।—বরাঙ্গী কর্ত্তৃক ইন্দ্রকৃত উৎপীড়ন বর্ণন, তৎশ্রবণে তপঃপ্রভাবে আসুর ভাবহীন বজ্রাঙ্গের পত্নীপ্রীতিসাধনার্থ ইন্দ্রের শাসনমানসে পুনরায় তপস্যা, তপঃপ্রভাবে ব্রহ্মার নিকট দেবদর্পহারী পুত্রবরপ্রাপ্তি ও তপস্যা হইতে নিবৃত্তি, বজ্রাঙ্গের ঔরসে বরাঙ্গী-গর্ভে তারকাসুরের জন্ম, সমস্ত দৈত গণ কর্ত্তৃক তারকাসুরের দৈত্যরাজ্যে অভিষেক, তারকাসুরের দেববিজয়ার্থ পারিযাত্রগিরিতে গমন ও তপশ্চরণ, তপস্যায় তুষ্ট হইয়া ব্রহ্মার আগমন ও তারককে সপ্তদিবসবয়স্ক বালক ব্যতীত অপর সকলের অবধ্যত্ব-বরদান, ব্রহ্ম-বরদৃপ্ত তারকাসুরের নিজরাজ্য শাসন। ২৮৬

১৬শ অঃ।—তারকাসুরের মন্ত্রিগণ সহ মন্ত্রণা ও সৈন্যসজ্জা সহকারে সর্ব্বদেববিজয়ার্থ স্বর্গে যাত্রা, বৃহস্পতির উপদেশে দেবেন্দ্রের দেব-সৈন্যসজ্জা, দেব-দানবে যুদ্ধারম্ভ। ... ২৮৯

১৭শ অঃ।—দ্বৈরথ-যুদ্ধারম্ভ, গ্রসনাসুর সহ যমের যুদ্ধ ও পরাজয়। ... ২৯৩

১৮শ অঃ।—জম্ভাসুর সহ কুবেরের যুদ্ধ, কুবের কর্ত্তৃক জম্ভাসুরের পরাজয়, কুজম্ভ সহ কুবেরের যুদ্ধ ও পরাজয়, কুজম্ভ সহ নিঋতির যুদ্ধ ও পরাজয়, বরুণ-কর্ত্তৃক-পাশদ্বারা কুজম্ভের ভুজদ্বয় বন্ধন, নিঋতি ও বরুণকে গ্রাস করিতে মহিষাসুরের আগমন, চন্দ্র-কর্ত্তৃক শীতরশ্মি বর্ষণে দৈত্যগণের শীতজনিত ব্যাকুলতা, কালনেমি কর্ত্তৃক অগ্নি-রশ্মি বিকিরণ দ্বারা শীত নিবারণ, সূর্য্য-কর্ত্তৃক শব্দরাস্ত্র দ্বারা ইন্দ্রজালোৎপাদনে দেব-দানবের রূপবিপর্য্যয় সাধন এবং তজ্জন্য কালনেমি কর্ত্তৃক দেবতাবোধে বহুদৈত্য সংহার। ২৯৭

১৯শ অঃ।—কালনেমিনন্দন নিমি কর্ত্তৃক কালনেমির সূর্য্যকৃত ইন্দ্রজালজনিত ভ্রমাপনোদন, ভ্রমহীন কালনেমি কর্ত্তৃক ব্রহ্মাস্ত্র দ্বারা ইন্দ্রজাল নিবারণ, সূর্য্য কর্ত্তৃক মহেন্দ্রজালাস্ত্র নিক্ষেপে ভীষণমূর্ত্তি ধারণপূর্ব্বক অত্যুষ্ণ-রশ্মি বিকিরণ, তজ্জন্য দৈত্য সৈন্যের বিষম ব্যাকুলতা, কালনেমি কর্ত্তৃক কালমেঘরূপে জলবৃষ্টি দ্বারা নিজ-সৈন্যের পীড়ানাশ ও শস্ত্রাস্ত্র বৃষ্টিদ্বারা দেব-সৈন্য পীড়ন, ব্যাকুল দেবসৈন্যের কাতর প্রার্থনায় ক্ষীরসাগরগত শেষপর্য্যঙ্কশায়ী বিষ্ণুর গাত্রোত্থানপূর্ব্বক গরুড়ারোহণে রণস্থলে আগমন এবং কালনেমিসহ যুদ্ধ ও কালনেমির পরাজয়। ৩০২

২০শ অঃ।—অপরাপর দৈত্যবীরগণের বিষ্ণুর সহিত যুদ্ধ ও পরাজয় এবং বিষ্ণুহস্তে বহু দৈত্যের বিনাশ, জম্ভাসুরের বিষ্ণু সহ তুমুল যুদ্ধ ও জম্ভ-সমীপে পরাজিত হইয়া বিষ্ণুর রণ-স্থল হইতে পলায়ন। ৩০৬

২১শ অঃ।—ইন্দ্র কর্ত্তৃক বিষ্ণুর স্তুতিবাদ দ্বারা উৎসাহবর্দ্ধনপূর্ব্বক পলায়নে নিবারণ, বিষ্ণুর উপদেশে জম্ভাসুরসংহারার্থ ইন্দ্রের মহাসন্নাহপূর্ব্বক জম্ভাসুর সহ তুমুল যুদ্ধারম্ভ, ইন্দ্র-কর্ত্তৃক জম্ভাসুরসংহার, তদ্দর্শনে দৈত্যসৈন্য-গণের রণস্থল হইতে পলায়নপূর্ব্বক তারকাসুর-সমীপে প্রস্থান, তারকাসুরের মহা উদ্যমে যুদ্ধ-যাত্রা ও সুমহৎ পরাক্রমপ্রকাশে দেবসৈন্য-পীড়ন,—দেববীরবর্গের তারকাসুরকরে পরাজয়, বিষ্ণু কর্ত্তৃক দেবগণের প্রতি পলায়নোপদেশ-প্রদানপূর্ব্বক পলায়ন, বিজয়ী তারকাসুরের মহা-সাগরসঙ্গমতীরস্থ স্তম্ভনগরে মহা সহারোহে রাজসিংহাসনারোহণ, সিংহাসনগত তারকাসুর-সমীপে ত্রৈলোক্যলক্ষ্মীর আগমন ও তারকা-সুরের আশ্রয় গ্রহণ, তারকের অনুচরগণ কর্ত্তৃক বিষ্ণু শক্রাদি দেবগণকে মর্কট-রূপে তারকসমীপে আনয়ন, তারকাসুর কর্ত্তৃক মর্কট-রূপী দেবগণের প্রতি অভয়দান, বিষ্ণুর উপ-

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

দেশে অভয়-প্রাপ্ত দেবগণের ব্রহ্মলোকে গমন, তারকাসুর কর্ত্তৃক ইন্দ্রাদি লোকপালকগণের পদে স্বীয় জনগণের প্রতিষ্ঠা। ... ৩১১

২ শ অঃ।—ইন্দ্রাদিদেবগণের ব্রহ্মার নিকট গমন ও ব্রহ্মার স্তুতিবাদান্তে আত্মদুঃখ নিবেদন, ব্রহ্মা কর্ত্তৃক 'তারকাসুরসংহারক বালকের শিব-বীর্য্যে ও শক্তিগর্ভে জন্ম হইবে, তদর্থ শীঘ্রই পরা শক্তি হিমালয়গৃহে জন্মিবেন' বলিয়া আশ্বাসপ্রদান ও মেনাগর্ভগতা পরাশক্তির বর্ণ-কৃষ্ণীকরণার্থ রাত্রি-দেবীর স্তুতিপূর্ব্বক হিমালয়-পত্নীর গর্ভে পরাশক্তির প্রবেশের পূর্ব্বেই রাত্রিদেবীর প্রবেশার্থ প্রার্থনা, ব্রহ্মার প্রার্থনায় রাত্রিদেবীর হিমালয়পত্নী মেনার নেত্রে আবেশ, ও মেনা-গর্ভস্থ বালিকারূপিণী শক্তির বর্ণকৃষ্ণী-করণ মেনাগর্ভ হইতে শক্তির জন্ম, পার্ব্বতীর জন্মকালে গিরিপুরে উৎসব। ... ৩২৯

২৩শ অঃ।—ইন্দ্রের কথানুসারে নারদের গিরিপুরে গমন ও পার্ব্বতীর সামুদ্রিকোক্ত প্রশস্ত লক্ষণ বর্ণন, নারদের বচনভঙ্গীতে গিরি-রাজ ও মেনার অনিষ্টাশঙ্কায় দুশ্চিন্তা, নারদ কর্ত্তৃক স্বোক্তবাক্যের বিশদ ব্যাখ্যা দ্বারা গিরি-রাজ ও মেনার প্রতি পার্ব্বতীর সর্ব্বদেবেশ শঙ্করবরলাভ কথনপূর্ব্বক আশ্বাস দান। ৩৩৩

২৪শ অঃ।—নারদ কর্ত্তৃক পার্ব্বতীর সর্ব্ব-ভূতাভয়প্রদত্ব বর্ণনপূর্ব্বক গিরিরাজের প্রতি পার্ব্বতীকে শঙ্করারাধনার্থ নিয়োগ করিতে উপদেশান্তে ইন্দ্রসমীপে গমন ও সমস্ত বৃত্তান্ত বর্ণনপূর্ব্বক শঙ্কর সহ গৌরীর সংযোগ বিষয়ে যত্ন করিতে উপদেশ, ইন্দ্রকর্ত্তৃক তদর্থ মদনের প্রতি শঙ্করকে মোহিত করিতে আদেশ, পার্ব্ব-তীর শঙ্করপরিচর্য্যা, মদনের তৎকালে শঙ্করের প্রতি বাণ নিক্ষেপ, মদনবাণাহত শঙ্করের মদনকে দর্শন ও ললাটস্থ তৃতীয় নয়নাগ্নিতে ভস্মীকরণ, রতির বিলাপ ও শঙ্করসমীপে মদ-নের পুনর্জীবন প্রার্থনা, শঙ্কর কর্ত্তৃক মদনের অনঙ্গরূপে জীবন দান। ... ৩৩৮

২৫শ অঃ।—নারদের উপদেশে পার্ব্বতীর হিমালয় পর্ব্বতে পুনরায় তপস্যা, শঙ্করের বিপ্র-বেশে পার্ব্বতীর আশ্রমে গমন ও পার্ব্বতীর পরীক্ষান্তে স্বরূপ প্রকটনপূর্ব্বক পার্ব্বতীর প্রতি আশ্বাস দান, হিমালয় কর্ত্তৃক পার্ব্বতীর স্বয়ম্বর-

বিষয়। পৃষ্ঠা।

বিবাহার্থ সর্ব্বদেবগণের নিমন্ত্রণ, স্বয়ম্বরসভায় দেব-গণের গমন, শঙ্করের বালকরূপে স্বয়ম্বরসভায় গমন, তারকপ্রমুখ দৈত্যগণের সমাগম, ও শঙ্করের হুঙ্কারদ্বারা উৎসারিত হইয়া নিজ নিজ বাসস্থানে গমন, সর্ব্বসমক্ষে পার্ব্বতীর শঙ্কর-চরণে বরমাল্য প্রদান। ... ৩৪০

২৬শ অঃ।—হরপার্ব্বতীর বিবাহ বৃত্তান্ত,—শিবের বিবাহসজ্জা, ব্রহ্মাদির সহিত গিরিপুরে যাত্রা, গিরিরাজের গৌরীদান, গোত্রকথনাসমর্থ শিবের লজ্জা, গৌরীসহ হরের মন্দরগিরিতে প্রতিগমন, ... ৩৪৮

২৭শ অঃ।—হরপার্ব্বতীর মন্দরাচলে বিহার তারকাসুরবিত্রস্ত দেবগণের স্তুতি-প্রার্থনায় গণেশোৎপত্তি, গণপতি কর্ত্তৃক দানবগণের বিঘ্নোৎপাদন, বীরকের গৌরী-পুত্রত্বলাভ, হরকর্ত্তৃক 'কালী' সম্বোধনে পার্ব্বতীর কোপোৎপাদন ৩৫৩

২৮শ অঃ।—শিবসমীপে অন্যনারী-সমাগম নিষেধার্থ বীরকের প্রতি পার্ব্বতীর আদেশ ও গণপতিকে লইয়া হিমালয়ে তপস্যার্থ গমন। ৩৫৮

২৯শ অঃ।—পথে গিরিদেবী কুসুমামোদিনীর সহিত গৌরীর সাক্ষাৎকার ও শিবসমীপে অন্য নারী-গমনবিষয়ক কথোপকথন, পার্ব্বতীর তপস্যা, শিব কর্ত্তৃক পার্ব্বতীরূপী আড়ি দানববধ, পার্ব্ব-তীর গৌরীত্বলাভ, শিবপার্ব্বতীর মিলন, ক্রোধ-রূপী সিংহের প্রাদুর্ভাব, শিবপার্ব্বতীর সুরত প্রসঙ্গ, বহ্নিমুখে রেতোদান, বহ্নিকর্ত্তৃক শরবণে রেতোনিক্ষেপ, কার্ত্তিকেয়োৎপত্তি, কৃত্তিকাদি ষড়্ঋষিপত্নী কর্ত্তৃক কার্ত্তিকেয়ের রক্ষণ, বিশ্বামিত্র কর্ত্তৃক অষ্টোত্তর শত নামকীর্ত্তনপূর্ব্বক কার্ত্তি-কেয়ের স্তুতি, কার্ত্তিকেয়ের কুমারস্বামী প্রভৃতি নাম লাভ। ৩৫৯

৩০শ অঃ।—দেবগণ কর্ত্তৃক মহীসাগরসঙ্গমে কার্ত্তিকেয়ের দেবসৈনাপত্যে অভিষেক। ৩৭২

৩১শ অঃ।—তারকাসুরবধার্থ কার্ত্তিকেয়ের প্রতিজ্ঞা, যুদ্ধার্থ তারকাসুরপুরে গমন ও নারদ-মুখে যুদ্ধবার্ত্তা প্রেরণ, গবাক্ষারূঢ় তারকের দেবগণাদিকৃত কুমার-জয়শব্দ শ্রবণ ৩৭৬

৩২শ অঃ।—যুদ্ধার্থ তারকের যুদ্ধারম্ভ, সুরসৈন্যের পরাভব, কার্ত্তিকেয়

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

সং তারকের সম্মুখসমর, শিবভক্ত তারকবধে কুমারের অপ্রবৃত্তি, শক্তিপ্রহারার্থ আকাশবাণী, শক্তিপ্রহারে কার্ত্তিকেয় কর্ত্তৃক তারকবধ ও ক্রৌঞ্চ পর্ব্বত বিদারণ, দেবগণ কর্ত্তৃক কার্ত্তিকেয়ের বিজয়স্তুতি। ... ৩৭৯

৩৩শ অঃ।—শিবভক্তবধে কার্ত্তিকেয়ের শোক ও মহাবিষ্ণুর উপদেশে লিঙ্গদ্বয় স্থাপন, কার্ত্তিকেয়স্থাপিত প্রতিজ্ঞেশ্বর ও শক্তিচ্ছিদ্রেশ্বর-মাহাত্ম্য। ৩৮৯

৩৪শ অঃ।—কুমারস্বামিকৃত কুমারেশ লিঙ্গ-স্থাপন, শিবসমীপে কার্ত্তিকেয়ের শিবপূজাবিধি শ্রবণ, কুমারেশ-শিবস্তুতি, কুমারেশ প্রভৃতির নিকট বরপ্রাপ্তি, কার্ত্তিকেয়সন্নিধানে কুমারেশের অবস্থিতি, কুমারেশ মাহাত্ম্য-বর্ণন। ৩৯৩

৩৫শ অঃ।—বিশ্বকর্ম্মনির্ম্মিত স্তম্ভে স্তম্ভেশ্বর প্রতিষ্ঠা, স্তম্ভেশ্বরের পাতাল হইতে নি মন ও মাহাত্ম্য। ৪০০

৩৬শ অঃ।—ব্রহ্মাদিদেবগণ কর্ত্তৃক মহী-সাগর সঙ্গমে বহুকোটি লিঙ্গস্থাপন, সিদ্ধাম্বিকা, সিদ্ধকূপ, সিদ্ধেশ্বরাদির মাহাত্ম্য, পঞ্চলিঙ্গো-পাখ্যান। ৪০১

৩৭শ অঃ।—বর্ব্বরী-তীর্থ-মাহাত্ম্য-প্রসঙ্গে কুমারিকোপাখ্যান, কন্যা কুমারিকার চরিত্র, ভূসং-স্থান ও পরিমাণ বর্ণন। ... ৪০৪

৩৮শ অঃ।—ব্রহ্মাণ্ড-পরিমাণপ্রসঙ্গে লোক-ব্যবস্থা বর্ণন। ৪০৯

৩৯ শ অঃ।—পাতাললোক ব্যবস্থিতি, তদ-ধোভাগস্থিত বিবিধ নরক বর্ণন, নরকস্থ পাতকি-গণের যাতনানিরূপণ, লোকপাল ও বসুধাদির প্রসঙ্গ, অনন্তকোটি ব্রহ্মাণ্ড-বিভূতিশালী মহা দেবের সর্ব্বাতিশয়িত্ব কথন, কালপরিমাণ, সমস্ত বিধাতৃপ্রপঞ্চের ব্যবস্থিতি, ভরতভূপতি-কন্যা কুমারিকার ছাগীমুখত্বপ্রাপ্তি, মহীসাগর-সঙ্গমে গমন, পূর্ব্বজন্ম স্মৃতি ও সুন্দরাননত্ব প্রাপ্তি, কুমারিকা কর্ত্তৃক বর্করীশ স্থাপন, বর্করীশ-সমীপে বরলাভ, কুমারিকাখণ্ডের প্রসিদ্ধি, ভরত-খণ্ডের দেশ, গ্রাম ও নগরাদির সংখ্যানিরূপণ, কুমারিকার স্তম্ভতীর্থে আগমন, কুমারেশ্বর কুমারীশ্বরী ও শঙ্কর প্রসাদন, সরস্বতীতীরস্থ সিদ্ধ-বিবরণ,—মহাকালপত্নীর তপস্যায় চিত্র-লেখার অপ্সরাত্ব প্রাপ্তি, বর্করেশ্বরলিঙ্গমাহাত্ম্য। ১৩

বিষয়। পৃষ্ঠা।

৪০ শ অঃ।—মহাকালচরিত্র,—শিবপ্রসাদে বারাণসীবাসী মহর্ষি মার্ষ্টি পত্নীর গর্ভ, বর্ষচতুষ্টয় গর্ভের স্থিতি, মার্ষ্টি কর্ত্তৃক পত্নীর প্রতি গর্ভ-নিঃসারণের আজ্ঞা, জন্মসংসারভয়ে বহির্নিঃসরণে গর্ভের অনিচ্ছা, তদ্দর্শনে মার্ষ্টির শিবপ্রসাদন, শিবপ্রসাদে শিশুজন্ম, কালভীত বালকের 'কাল-ভীতি' নামলাভ, বিল্বতরুতলে তপস্যা, শঙ্করের প্রীতি ও আবির্ভাব, শঙ্করপ্রসাদে কালভীতির মহাকালত্ব লাভ, মহাকালতীর্থপ্রতিষ্ঠা, মহাকাল কর্ত্তৃক করন্ধম ভূপতির প্রতি ধর্ম্মস্বরূপ ও চতুর্যুগ ব্যবস্থা কথন ও ধর্ম্মকর্ম্মোপদেশ। ৪২২

৪১শ অঃ।—করন্ধমপ্রশ্নে মহাকাল সিদ্ধ কর্ত্তৃক ব্রহ্মাদির ভক্তিবিষয়ক সংশয় নিরা-করণ, নানাবিধ কর্ম্ম-বিবরণ, সংক্ষেপে শিবপূজা-বিধি বর্ণন, নিত্যাচরণীয় সদাচার কথন, মহা-কালের শিবলোকপ্রাপ্তি বিবরণ। ... ৪৩৯

৪২ শ অঃ।—নারদপ্রতিষ্ঠিত বৃদ্ধ বাসুদেব-মাহাত্ম্য, ঐতরেয় ব্রাহ্মণচরিত,—হারীতান্বয়-সম্ভূত মাণ্ডুকি দ্বিজের ইতরা নাম্নী পত্নীর উদরে জাত হারীতের জন্মান্তরকথা, হারীতোপদেশে তদীয় মাতা ইতরার মহাজ্ঞানোৎপত্তি ও তনয়ের আনন্দপ্রাপ্তি, মাতা ও তনয়সমীপে বাসুদেবা-বির্ভাব, ঐতরেয়কৃত ভগবৎস্তুতি, স্তুতিপ্রীত বাসুদেবের ঐতরেয় দ্বিজের প্রতি বরদান, ঐতরেয়ের বিবাহ ও ভোগ-মোক্ষাদিপ্রাপ্তি। ৪৫০

৪৩শ অঃ।—নারদপ্রতিষ্ঠিত ভট্টাদিত্য মাহাত্ম্য প্রসঙ্গে সূর্য্যপূজা বর্ণন। ৪৬৪

৪৪শ অঃ।—ভট্টাদিত্য সমীপে বিবিধ দিব্য-বিবরণ। ৪৬৯

৪৫ শ অঃ।—নন্দভদ্র বণিক্ কর্ত্তৃক কপি-লেশ্বরের ত্রিকাল পূজা, নন্দভদ্রের সদাচার-প্রবৃত্তি, নন্দভদ্রের পত্নী-পুত্র-নাশ, বুদ্ধিভেদার্থ নাস্তিকের উপদেশ, নন্দভদ্র কর্ত্তৃক তৎখণ্ডন ও বহুদক কুণ্ডে গমন। ... ৪৭৪

৪৬ শ অঃ।—বহুদক তীর্থমাহাত্ম্য, নন্দ-ভদ্রের বহুদক কুণ্ডে দেহত্যাগের উদ্যম, কুষ্ঠ রোগগ্রস্ত বালক দ্বিজের নিকট সদুপদেশপ্রাপ্তি, নন্দভদ্রের প্রশ্নে বালক ব্রাহ্মণের আত্ম-চরিত কথন, ও সেই দ্বিজের নামে বালাদিত্য প্রতিষ্ঠা। ৪৮২

৪৭ শ অঃ।—নারদপ্রার্থনায় তীর্থ-

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

রক্ষার্থ মহাশক্তিসমূহের অবস্থান ও তাঁহাদের মাহাত্ম্য বর্ণন। ৪৯১

৪৮শ অঃ।—সোমনাথমাহাত্ম্য, জয়ন্ত-প্রালেয় বিপ্র বৃত্তান্ত,—সোমনাথ দর্শনার্থ বিপ্র-দ্বয়ের প্রভাসগমন, পথে দস্যুর আক্রমণ, সোম-নাথের আবির্ভাব, সোমনাথ দর্শন ও সোমকুণ্ড স্নান-মাহাত্ম্য, হাটকেশ্বর লিঙ্গ মাহাত্ম্য বর্ণন। ৪৯৭

৪৯শ অঃ।—জয়াদিত্যমাহাত্ম্য বর্ণন, সূর্য্য দর্শনার্থ নারদের সূর্য্যলোকে গমন, মহীসাগর-স্থিত দ্বিজগণের প্রশংসা, বৃদ্ধাতিথিরূপে সূর্য্য-দেবের দ্বিজগণ সমীপে আগমন, দ্বিজগণ সমীপে সূর্য্যদেবের শাস্ত্রচর্চ্চারূপ আতিথ্য প্রার্থনা, বালক কমঠ দ্বিজকর্ত্তৃক সর্ব্বশাস্ত্রসিদ্ধান্ত কথন, সূর্য্যের সন্তোষ। ... ৪৯৯

৫০শ অঃ।—সূর্য্যের জিজ্ঞাসায় কমঠকর্ত্তৃক শরীরলক্ষণ কথন, তৎপ্রসঙ্গে জীবের পরলোক গমনাদি বৃত্তান্ত। ... ৫০৩

৫১শ অঃ।—সূর্য্যপ্রশ্নে কমঠ কর্ত্তৃক বিবিধ কর্ম্মফল কথন, তৎপ্রসঙ্গে ধর্ম্মপ্রশংসা, ধর্ম্ম-শ্রবণতুষ্ট ভাস্করের নিজ পরিচয় প্রদান, দ্বিজ-গণের প্রার্থনায় জয়াদিত্যনামে সূর্য্যের মহীনগরে অধিষ্ঠান, কমঠকর্ত্তৃক জয়াদিত্যস্তুতি, সূর্য্যের বরদান, জয়াদিত্যমাহাত্ম্য। ... ৫০৯

৫২শ অঃ।—কোটিতীর্থমাহাত্ম্য, তীর্থ-সমীপস্থ অত্রি ভরদ্বাজাদির মহিমা ও শক্রকৃত অহল্যাধর্ষণ বৃত্তান্ত। ৫১৪

৫৩শ অঃ।—ত্রিশালা নাগেশ্বর দ্বারকা ও উত্তর দ্বারকার মাহাত্ম্য। ৫১৭

৫৪শ অঃ।—মহীসাগর সঙ্গমে নারদমূর্ত্তি প্রতিষ্ঠা, বাভ্রব্য ও অর্জ্জুনপ্রসঙ্গ,—বাভ্রব্যকর্ত্তৃক অর্জ্জুন সমীপে উগ্রসেনাদির সংবাদ কথন, উগ্রসেনের শঙ্কাদূরীকরণার্থ শ্রীকৃষ্ণকর্ত্তৃক নারদের স্তব ও পূজা, নারদমাহাত্ম্য। ৫১৯

৫৫শ অঃ।—বাভ্রব্যমুখে নারদমাহাত্ম্য শ্রবণে তৎসমীপে অর্জ্জুনের গুপ্তক্ষেত্রমাহাত্ম্য জিজ্ঞাসা, নারদ কর্ত্তৃক অর্জ্জুনের নিকট সবিস্তর গৌতমেশ্বর মাহাত্ম্য ও যোগতত্ত্ব ব ন ৫২০

৫৬শ অঃ।—মহীনগরের পূর্ব্বদিক্‌স্থিত ব্রহ্ম-সরোবর ও ব্রহ্মেশ্বর লিঙ্গ বর্ণন, নারদস্থাপিত জয়াদিত্যকূপ, গর্ভেশ্বর ও মোক্ষেশ্বর লিঙ্গ প্রশংসা। ... ৫৩১

বিষয়। পৃষ্ঠা।

৫৭ শ অঃ।—কেদারেশ্বর ও নীলকণ্ঠের মাহাত্ম্য। ৫৩২

৫৮ শ অঃ।—গুপ্তক্ষেত্রের নাম-নিরুক্তি,—স্বস্ব শ্রেষ্ঠতা নিরূপণার্থ অখিল তীর্থ ক্ষেত্রাদির ব্রহ্মলোকে গমন, ব্রহ্মার প্রশ্নে মহীসাগর-সঙ্গম কর্ত্তৃক আত্মপ্রশংসা কীর্ত্তন, মহীসাগরসঙ্গমের প্রতি ব্রহ্মনন্দন ধর্ম্মের শাপ প্রদান, কুমার ও নারদপ্রার্থনায় ধর্ম্ম কর্ত্তৃক মহীসাগরসঙ্গমের শাপমোচন, স্তম্ভতীর্থ নাম প্রদান ও সর্ব্বতীর্থ, শ্রেষ্ঠত্ব নিরূপণ, স্তম্ভতীর্থ মাহাত্ম্য বর্ণন, অর্জ্জুনের দ্বারকায় গমন। ৫৩৩

৫৯ম অঃ।—সিদ্ধেশ্বর লিঙ্গ ও সিদ্ধাম্বিকা মাহাত্ম্য, তীর্থযাত্রী পাণ্ডবগণের সহিত ভীম-নন্দন ঘটোৎকচের মিলন, ঘটোৎকচের বিবাহার্থ কৃষ্ণের সহিত পাণ্ডবগণের মন্ত্রণা, শ্রীকৃষ্ণকর্ত্তৃক কামকটঙ্কটানাম্নী কন্যার বর্ণন ও বিজয়পূর্ব্বক তাহার পাণিগ্রহণার্থ প্রাগ্‌জ্যোতিষপুরে ঘটোৎ-কচের প্রেরণ, ঘটোৎকচের প্রাগ্‌জ্যোতিষপুরে গমন। ৫৪২

৬০ম অঃ।—ঘটোৎকচের কামকটঙ্কটা-প্রাসাদে প্রবেশ, শ্রীকৃষ্ণস্মরণপূর্ব্বক ঘটোৎকচের ও কামকটঙ্কটাসহকথোপকথন, ঘটোৎকচের প্রশ্ন, কামকটঙ্কটার পরাজয়, কামকটঙ্কটার পৃষ্ঠে আরো-হণ করত ঘটোৎকচের পাণ্ডবসমীপে আগমন, উভয়ের বিবাহ, হিড়িম্ববনে ঘটোৎকচ কর্ত্তৃক রাক্ষসরাজ্য পালন, ঘটোৎকচের ঔরসে কাম-কটঙ্কটার গর্ভে বর্ব্বরীকের জন্ম। ... ৫২৪

৬১ম অঃ।—পুত্র সমভিব্যাহারে ঘটোৎ-কচের কৃষ্ণদর্শনার্থ দ্বারকায় আগমন, শ্রীকৃষ্ণ-কর্ত্তৃক ঘটোৎকচের প্রতি সংক্ষেপতঃ চাতুর্ব্বর্ণ্য-ধর্ম্মকথনপ্রসঙ্গে ক্ষাত্র ধর্ম্মানুসারে লৌকিক বল-সংগ্রহার্থ দেবীর আরাধন জন্য উপদেশ প্রদান, শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বর্ব্বরীকের 'সুহৃদয়' এইরূপ নাম-করণ, শ্রীকৃষ্ণোপদেশে বর্ব্বরীকের দগ্ধস্থলী আগমন ও দেবীগণের আরাধনা, প্রসন্না দেবী-গণের আদেশে বর্ব্বরীকের তথায় অবস্থান, বর্ব্বরীক কর্ত্তৃক সিদ্ধাম্বিকা মহাবিদ্যার সাধনার্থ সমাগত মাগধদ্বিজ বিজয়ের সাহায্য করণ, মহা-বিদ্যাসিদ্ধি নিমিত্ত বিজয় কর্ত্তৃক বিঘ্ননাশন গণেশ-কল্পারম্ভ। ৫৪৬

৬২ম অঃ।—গণেশ্বর ও ক্ষেত্রপালোৎপত্তি,

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়।	পৃষ্ঠা।
ক্ষেত্রপাল পূজাদিবিধি, বিজয়দ্বিজ কর্ত্তৃক বট-যক্ষিণী বিদ্যা ও অপরাজিতা মহাবিদ্যাসাধন।	৫৫০
৬৩ম অঃ।—প্রথম যামান্তে দ্বিজ বিজয়ের তপোবিঘ্নার্থ রাক্ষসী মহাজিহ্বা, দ্বিতীয় যামান্তে রেপলেন্দ্র ও তৃতীয় যামান্তে দুহদ্রুহা প্রভৃতি রাক্ষসীর আগমন, ভীমপৌত্র বর্ব্বরীক কর্ত্তৃক তাহাদের পরাভবে, সেই স্থানের দুহদ্রুহা নামে প্রসিদ্ধি, চতুর্থ প্রহরে মায়াবী সন্ন্যাসীর আগমন ও তৎকর্ত্তৃক কতিপয় কপট উপদেশ প্রদান, বর্ব্বরীকের মুষ্ট্যাঘাতে কপট সন্ন্যাসীর চৈতন্য লোপ ও মোহাপগমে তাহার দৈত্যমূর্ত্তি ধারণ-পূর্ব্বক পলায়ন ও গুহায় প্রবেশ, বর্ব্বরীকের সন্ন্যাসীর পশ্চাৎ ধাবন, দিব্য পুরীদর্শন ও দানবগণ সহ যুদ্ধ, নাগগণের নিকট বর্ব্বরীকের বরপ্রাপ্তি ও বিজয়দ্বিজ সমীপে আগমন, বিজয় দ্বিজের সিদ্ধিলাভ, দ্বিজসমীপে বর্ব্বরীকের আশীর্ব্বাদ সহকারে 'সিদ্ধসেন' নাম প্রাপ্তি।	৫৫৪
৬৪ম অঃ।—দেবারাধনার্থ সিদ্ধাম্বিকাসন্নিধানে বর্ব্বরীকের বাস, বনবাসপ্রসঙ্গে পাণ্ডবগণের তথায় আগমন, অতিতৃষার্ত্ত ভীমসেনের তত্রত্য কুণ্ডে প্রবেশ ও বর্ব্বরীকের সহিত যুদ্ধ, বর্ব্বরীককর্ত্তৃক প্রহারে জর্জ্জরিতদেহ ভীমসেনকে সাগরনিক্ষেপে উদ্‌যোগ, পথে রুদ্রাবির্ভাব ও ভীমের পরিচয় প্রদান, ভীমকর্ত্তৃক পৌত্রের আলিঙ্গন, পিতামহপ্রহারাপরাধে বর্ব্বরীকের প্রাণত্যাগার্থ সাগরতীরে গমন, ভীমকর্ত্তৃক নিষিদ্ধ ও সান্ত্বনাপ্রাপ্ত হইয়া বর্ব্বরীকের প্রত্যাগমন, বর্ব্বরীকের 'চণ্ডিল' নাম লাভ ও ভীম সহ যুধিষ্ঠিরাদি সমীপে গমন, ভীম কর্ত্তৃক অখিল বৃত্তান্ত বর্ণন, ভীমেশ্বর লিঙ্গ মাহাত্ম্য।	৫৫
৬৫ম অঃ।—যুধিষ্ঠির কর্ত্তৃক সিদ্ধাম্বিকার স্তব, তদ্দর্শনে ভীমের কটূক্তি, দেবীর অবজ্ঞায় ভীমের অঙ্গবৈকল্য, অপরাধ ক্ষালনার্থ ভীম কর্ত্তৃক সিদ্ধাম্বিকার স্তুতি, ভীমের প্রতি জগদম্বিকার বরদান, দেবীর বহুবিধ নাম-ভেদ ও ক্ষেত্রস্থিতি বর্ণন, দেবী কর্ত্তৃক পাণ্ডবগণের প্রতি বরদান, বর্ব্বরীককে তথায় স্থাপনপূর্ব্বক পাণ্ডবগণের তীর্থযাত্রা। ...	৫৬৪
৬৬ম অঃ।—ত্রয়োদশ বর্ষ বনবাসান্তে যুধিষ্ঠিরাদির যুদ্ধার্থ উদ্‌যোগ ও কুরুক্ষেত্রে আগমন, যুধিষ্ঠিরাদির আগমনে দুর্য্যোধনের যুদ্ধব্যবস্থা, যুধিষ্ঠিরের কৃষ্ণসন্নিধানে সৈন্যগণের প্রতি যুদ্ধবিষয়ক প্রশ্ন, অর্জ্জুনের আশ্বাস প্রদান, শ্রীকৃষ্ণকর্ত্তৃক অর্জ্জুনবাক্যের অনুমোদন, বর্ব্বরীকের গর্ব্বোক্তি ও দেবীবরলব্ধ বিজয়-খড়্গ প্রদর্শন, অর্জ্জুনের লজ্জা ও অন্যান্য ক্ষত্রিয় বীরগণের বিস্ময় প্রাপ্তি, কৃষ্ণকর্ত্তৃক বর্ব্বরীকের বীরত্ব পরিচয় জিজ্ঞাসা, বর্ব্বরীকের মৃত্যুমর্ম্মজ্ঞাপক শরত্যাগ, মৃত্যুমর্ম্ম বাণে পঞ্চ পাণ্ডব কৃপ ও অশ্বত্থামা ব্যতীত কুরু-পাণ্ডবসৈন্যের মরণ অবধারণ, কৃষ্ণ কর্ত্তৃক বর্ব্বরীকের মুণ্ডচ্ছেদন, ক্ষত্রিয়-বীরগণের হাহাকার, শোকাভিভূত ঘটোৎকচের মোহ, সিদ্ধাম্বিকা প্রভৃতি মাতৃগণের অবির্ভাব দর্শনে রাজগণের বিস্ময়, মাতৃকাগণ কর্ত্তৃক ঘটোৎকচের আশ্বাস প্রদানপূর্ব্বক বর্ব্বরীকের শিরশ্ছেদ, হেতু কথন, বর্ব্বরীকের ছিন্নমুণ্ডের অমৃতাভিষেক, মুণ্ডের প্রতি কৃষ্ণের বরদান, কুরু-পাণ্ডবের যুদ্ধদর্শনার্থ সমরক্ষেত্রের অনতিদূরস্থিত গিরিশৃঙ্গে বর্ব্বরীকের মুণ্ডস্থাপন ও দেহের সৎকার, কুরুপাণ্ডবের তুমুল সংগ্রাম, অষ্টাদশাহ যুদ্ধ, দ্রোণ কর্ণাদি বীরগণের বিনাশ, দুর্য্যোধনের নিধন, যুধিষ্ঠির কর্ত্তৃক কৃষ্ণের বীরশ্রেষ্ঠত্ব প্রকাশপূর্ব্বক স্তব, তদ্দর্শনে ভীমের কটূক্তি, অর্জ্জুনের প্রদত্ত প্রবোধে ভীমের উপেক্ষা, সমরে কৌরব হন্তা কে?—ইহার নিশ্চয়ার্থ ভীমার্জ্জুনের ছিন্ন বর্ব্বরীকমুণ্ড সমীপে গমন ও প্রশ্ন, মুণ্ড কর্ত্তৃক কৌরবনিহন্তার পরিচয়, আকাশ হইতে সাধুবাদ ও পুষ্পবৃষ্টি, ভীমের লজ্জাপ্রাপ্তি, ভীমসমভিব্যাহারে গরুড়ারোহণে কৃষ্ণের লঙ্কায় গমন, ভীমের দশযোজন বিস্তৃত সরোবর দর্শনে বিস্ময়, বীরত্ব পরীক্ষার্থ কৃষ্ণকর্ত্তৃক সরোবরের মৃত্তিকা আনয়নার্থ উপদেশ, ভীমের লম্ফপ্রদান, ব্যর্থপ্রযত্ন ভীমের কৃষ্ণসন্নিধানে সরোবরের গভীরতা কথন, কৃষ্ণ হাস্যসহকারে অঙ্গুষ্ঠচালনায় সরোবর উল্টাইয়া ফেলিলে ভীমের বিস্ময় ও সরোবর বিষয়ক প্রশ্ন, কৃষ্ণ কর্ত্তৃক কুম্ভকর্ণের শিরঃকপালরূপ সরোবরের উৎপত্তি বৃত্তান্ত কথন, ভীমের লজ্জা ও কৃষ্ণসমীপে ক্ষমা প্রার্থনা, ভীমসহ কৃষ্ণের বর্ব্বরীকমুণ্ডসমীপে আগমন ও বর্ব্বরীকমুণ্ডের প্রতি বর দান, বর্ব্বরীকবৃত্তান্তের উপসংহার, বর্ব্বরীকস্তব ও	

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

পূজামাহাত্ম্য, নারদের কেদার লিঙ্গস্থাপন ও জয়াদিত্য দর্শন, জয়াদিত্য ও মহীসাগর-সঙ্গম মাহাত্ম্য। ৫৮০

কুমারিকা খণ্ডসমাপ্ত।

অরুণাচলমাহাত্ম্য—পূর্ব্বার্দ্ধ।

১ম অঃ।—নৈমিষারণ্যবাসী ঋষিগণের প্রশ্নে সূত কর্ত্তৃক অরুণাচল-মাহাত্ম্যবর্ণনোপক্রমে ব্রহ্ম-সনক সংবাদ বর্ণন প্রসঙ্গে আত্ম-প্রধান্য স্থাপন জন্য পরস্পর বিবদমান বিধিবিষ্ণুর মধ্যস্থানে বহ্নিস্তম্ভ রূপে ভগবানের আবির্ভাব, বিধি-বিষ্ণু কর্ত্তৃক সেই স্তম্ভের সীমা নিরূপণার্থ গমন ও তদীয় আদ্যন্তরাহিত্য দর্শনে সবিবাদে প্রত্যাবর্ত্তন, বিধি-বিষ্ণুর আত্মবোধ, ও গর্ব্বপরিহারপূর্ব্বক ঈশ্বরের স্তুতিবাদান্তে শরণ গ্রহণ। ৫৮১

২য় অঃ।—বিষ্ণু কর্ত্তৃক বহ্নিস্তম্ভের স্তব, বিধি-বিষ্ণুর প্রার্থনায় বহ্নিস্তম্ভের অরুণাচল নামক স্থাবর লিঙ্গাকার ধারণ, স্থাবর লিঙ্গ-মাহাত্ম্য। ৫৮৫

৩য় অঃ।—অরুণাচলরূপী মহেশ্বরের চরিত্র বর্ণন প্রসঙ্গে ক্রীড়াবশে দেবীকর্ত্তৃক শিবের নিমিষার্দ্ধকাল চন্দ্র-সূর্য্যাগ্নিরূপ-নয়নত্রয়াচ্ছাদনে অকালে মহাপ্রলয়, সিদ্ধগণ কর্ত্তৃক শিবের স্তব, দেবীর প্রতি লোকশিক্ষার্থ শিবের তপশ্চরণোপদেশ, দেবীর কাঞ্চীপুরে একাম্রতলে তপস্যার্থ গমন। ৫৮৯

৪র্থ অঃ।—সখী বিজয়া কর্ত্তৃক সান্ত্ববাক্যে জগদম্বিকার প্রতি শিবদর্শনোপায় কথন, কম্পাতীরে দেবীর তপস্যা, দেবীর সৈকত-লিঙ্গারাধন, শিবকৃত দেবীর পরীক্ষা, দেবীর প্রতি আকাশবাণী, পার্ব্বতী কর্ত্তৃক আলিঙ্গন দ্বারা সৈকতলিঙ্গে কুচচিহ্নার্পণ, দেবীর শিব-সমীপে বরলাভ ও সর্ব্বদেবসহ অরুণাচলস্থ গৌতমাশ্রমে গমন, গৌতমশিষ্যগণ কর্ত্তৃক দেবীর আতিথ্য, বনান্তর-গত গৌতমের গৃহাগমন। ৫৯৩

৫ম অঃ।—গৌতম সহ দেবীর সাক্ষাৎকার, গৌতম কর্ত্তৃক স্বাগত প্রশ্ন ও পাদ্যার্ঘাদি দ্বারা দেবীর পূজা, দেবীর প্রার্থনায় গৌতম কর্ত্তৃক অরুণাচলমাহাত্ম্য বর্ণন প্রসঙ্গে বিধি-বিষ্ণুর বিবাদ, ব্রহ্মপুষ্কর মাহাত্ম্য কর্ত্তন। ৫৯৮

৬ষ্ঠ অঃ।—কল্পাবসানে ক্ষীরোদশায়ী হরির দীর্ঘ নিদ্রায় দেবগণের দুঃখ প্রকাশ ও শঙ্করের শরণ গ্রহণ, শঙ্করের শরীর হইতে ত্রয়স্ত্রিংশৎ-কোটী দেবতার আবির্ভাব ও তৎকর্ত্তৃক হরির নিদ্রাভঙ্গবিধান, হরি কর্ত্তৃক শঙ্করের স্তব, হরের বরদান কথন, শঙ্কর কর্ত্তৃক অরুণাচলে নিয়ত বাসপ্রতিজ্ঞা, ও অরুণাচলমাহাত্ম্য, হরির অরুণাচলে তপস্যা, অরুণাচলে ইন্দ্রের তপস্যা ও নষ্টপদপ্রাপ্তি, অরুণাচলে তপঃপ্রভাবে শেষনাগের কামরূপত্ব, অরুণাচল-লঙ্ঘনোদ্যত দিবাকরের গতিরোধ, ও অরুণাচলারাধনায় পুনরায় গতিপ্রাপ্তি, অরুণাচলপ্রসাদে দক্ষযজ্ঞে ভগ্নদন্ত ছিন্নশ্মশ্রু পূষা শুক্রাদির দন্তাদিলাভ এবং প্রতর্দ্দনের বানরবদন ও পুষ্করের ব্যাঘ্র-বদনত্বের অপনোদন, পঙ্গু মুনির পদলাভ এবং অরুণাচলে বিবিধ ঋষি রাজর্ষির স্থাপিত বিবিধ তীর্থের উপাখ্যান সহ তীর্থমাহাত্ম্য। ৬০২

৭ম অঃ।—অগ্নিময় অরুণাচল লিঙ্গের চতুর্যুগীয় নাম, দেবগণকৃত স্তুতিবাদে অরুণাচলের শীতলতাধারণ, তত্রত্য অষ্টলোকে অষ্টদিক্-পালস্থাপিত তীর্থমাহাত্ম্য, মার্কণ্ডেয়ের প্রর্থনায় শিবকর্ত্তৃক সর্ব্বতীর্থের একত্রীকরণ। ৬১০

৮ম অঃ।—দেবীর নিকট গৌতমের অরুণাচলরূপী মহেশের কৃপালাভাদি আত্মবৃত্তান্ত কীর্ত্তন ও শিবোক্ত আগমসম্মত অরুণাচলেশ্বরার্চ্চনাবিধি মাহাত্ম্য কীর্ত্তন। ৬১২

৯ম অঃ।—অরুণাচলের শিবোক্ত বিবিধ নাম কীর্ত্তন, ও তদীয় প্রদক্ষিণমাহাত্ম্য প্রসঙ্গে ধর্ম্মকেতুরাজার বৃত্তান্ত, বিবিধ উপচারদানমহিমা, গৌতমাশ্রমে থাকিয়া দেবীর তপশ্চরণ। ৬১৭

১০ম অঃ।—দেবীর নিকট মহিষাসুরবিত্রস্ত দেবগণের আগমন ও দুঃখকথন, দেবীর মহিষাসুরবধে প্রতিজ্ঞা, আত্মচতুর্দ্দিকে চারিটী শৈলে রক্ষার্থ চারি বটুক প্রতিষ্ঠা, ও চারি পরিচারিকার অরুণাদ্রিতে কেবলমাত্র অতিথিপ্রেরণের নিয়োগ, দেবীর তপশ্চরণ, তপঃপ্রভাবের আশ্রমের সর্ব্বত্র শান্তিময়তা, মহিষাসুরের মৃগয়াপ্রসঙ্গে অরুণাচলে আগমন, বটুকগণ কর্ত্তৃক দেবীস্থানে প্রবেশোদ্যত মহিষাসুরের নিবারণ, মহিষা-

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

সুরের বৃদ্ধাতিথিরূপে দেবীসমীপে গমন ও আত্মপরিচয়দানান্তে আপনাকে পতিত্বে বরণ করিতে দেবীর প্রতি উপদেশ, দেবীর যুদ্ধাভিপ্রায় জ্ঞাপন, মহিষাসুরের যুদ্ধোদ্যম, তদ্দর্শনে দেবীর ভীষণ দুর্গামূর্ত্তি ধারণ, মহিষাসুরের সৈন্যাহ্বান, দেবীকে দেবগণের বিবিধ অস্ত্র প্রদান, দেবীরূপদর্শনে মহিষাসুরের পলায়ন, দেবীর বানরমুখ বৃহস্পতির দ্বারা মহিষাসুরের প্রতি অরুণাচলপ্রবেশে নিষেধজ্ঞাপন, তচ্ছ্রবণে ক্রুদ্ধ মহিষাসুরের যুদ্ধার্থ অরুণাচলে সৈন্যপ্রেরণ, দেবীর বিবিধ ভূত বেতাল মাতৃকা যোগিন্যাদি সৃজন, উভয় সৈন্যে যুদ্ধ, মহিষাসুর সহ দেবীর যুদ্ধারম্ভ। ... ৬২৪

১১শ অঃ।—দেবী কর্ত্তৃক মহিষাসুরমর্দ্দন, দেবগণ কর্ত্তৃক মহিষমর্দ্দিনীর স্তব, দেবীর মহিষাসুরমস্তকস্থ শিবলিঙ্গ স্পর্শ, দেবীর হস্তে শিবলিঙ্গ আসক্ত হওয়ায়, স্বহস্তে শিবভক্তহত্যা জনিত দোষক্ষালনার্থ দেবীর গৌতমসমীপে তীর্থযাত্রাভিপ্রায় কথন, গৌতম কর্ত্তৃক দেবীর প্রতি মহিষাসুরচরিত বর্ণনপূর্ব্বক দোষক্ষালনার্থ অরুণাচলসমীপস্থ তীর্থে স্নানের উপদেশ। ৬৩০

১২শ অঃ।—আকাশবাণীশ্রবণে দেবী কর্ত্তৃক খড়্গাদ্বারা খড়্গতীর্থ নির্ম্মাণ ও তাহাতে স্নান, খড়্গতীর্থতীরে করলগ্ন শিবলিঙ্গস্খলন হওয়ায় সেই স্থানেই তাহার প্রতিষ্ঠা, দেবী কর্ত্তৃক অরুণাচলেশ্বরের স্তব, শিবের জ্যোতির্ম্ময়রূপে আবির্ভাব ও দেবীর প্রতি বরদান, উভয়ের মিলন। ৬৩৫

১৩শ অঃ।—শিবশিবার বিহারোপক্রম, দেবী-দেহে শিবকর্ত্তৃক কস্তূরীলেপন, বর্ণন কস্তূরীর উৎপত্তিপ্রসঙ্গে পুলকদৈত্য চরিতবর্ণন, দেবীর হস্তোত্থিত কমলের বিবরণপ্রসঙ্গে কাঞ্চীস্থ মহাদেবের এবং পার্ব্বতীদর্শনের মাহাত্ম্য বর্দ্ধনার্থ অনুরোধে দেবীর প্রতি শিবের বরদান, অরুণাচলেশ্বরের মহৈশ্বর্য্য কীর্ত্তন। ৬৪০

অরুণাচলমাহাত্ম্য পূর্ব্বার্দ্ধ সম্পূর্ণ।

বিষয়। পৃষ্ঠা।

অরুণাচলমাহাত্ম্য—উত্তরার্দ্ধ।

১ম অঃ।—সূত-শৌনকসংবাদে মার্কণ্ডেয়-নন্দীশ্বরসংবাদ,—শৈবক্ষেত্রমাহাত্ম্য প্রস্তাবনা, ৬৪৪

২য় অঃ।—নন্দীশ্বর কর্ত্তৃক ভূতলস্থ শিবাশ্রয়ভূত বিবিধ তীর্থ ক্ষেত্রাদি কীর্ত্তন। ৬৪৫

৩য় অঃ।—মার্কণ্ডেয়ের মহর্ষিগণ সহ নন্দীশ্বরসমীপে সর্ব্বফলদায়ক সর্ব্বশ্রেষ্ঠ গুপ্তক্ষেত্র জিজ্ঞাসা। ৬৪৫

৪র্থ অঃ।—নন্দীশ্বর-কর্ত্তৃক মার্কণ্ডেয়ের প্রশংসাপূর্ব্বক দক্ষিণদিকস্থ দ্রবিড়দেশান্তর্গত অরুণাচলেশ্বর ক্ষেত্রের সবিস্তর মাহাত্ম্য-কীর্ত্তন। ৬৫১

৫ম অঃ।—শিবভক্তির দৃঢ়তা সাধনার্থ সাত্ত্বিক-রাজস-তামসভেদে পুরুষভেদ বর্ণন প্রসঙ্গে বিবিধ কর্ম্মবিপাক বর্ণন। ... ৬৫৪

৬ষ্ঠ অঃ।—সর্ব্বমহাপাতক-ঘাতক প্রায়শ্চিত্ত কথন প্রসঙ্গে অরুণাচলে অনুষ্ঠেয় বিবিধ ধর্ম্ম কীর্ত্তন। ৬৫৬

৭ম অঃ।—অরুণাচলেশ্বরের বিভিন্ন বার তিথি নক্ষত্র রাশি পূর্ব্বাহ্ণ মধ্যাহ্ন সায়াহ্ন পক্ষ মাসাদি কালভেদে বিশেষ বিশেষ উপচারাদি দ্বারা পূজার ফল, ও কাম্যকর্ম্ম কথন। ৬৫৮

৮ম অঃ।—সবিস্তরে অরুণাচলেশ্বরের চরিত্র বর্ণনপ্রসঙ্গে শিবের দক্ষিণ-বামাঙ্গ হইতে বিধি-বিষ্ণুর উৎপত্তি, বিধি-বিষ্ণুর রজঃ-সত্ত্ব-গুণযোগ, শিবাজ্ঞায় ব্রহ্মার সৃষ্টিকার্য্যে ও বিষ্ণুর পালন কার্য্যে প্রবৃত্তি এবং স্বোৎপাদক ভগবানের বিস্মৃতি হেতু গুণকর্ম্মবশে গর্ব্ব-প্রাপ্তি। ৬৬১

৯ম অঃ।—বিধি-বিষ্ণুর আত্মপ্রধান্য বিষয়ক মহাবিবাদ আরম্ভ, বিধিবিষ্ণুর বিবাদে জগতের মহাক্ষোভ দর্শনে তন্নিবারণার্থ শঙ্করের চিন্তা। ৬৬২

১০ম অঃ।—বিবাদপরায়ণ বিধিবিষ্ণুর মধ্যস্থলে বিবাদভঞ্জনার্থ শঙ্করের তৈজস লিঙ্গরূপে আবির্ভাব, তাদৃশ লিঙ্গ দর্শনে তাহার আদ্যন্ত নির্ণয়ার্থ উভয়ের বিস্ময় ও পরামর্শ। ৬৬৪

১১শ অঃ।—তৈজসলিঙ্গের অন্তদর্শনার্থ পিতামহের হংসরূপে উর্দ্ধে ও বিষ্ণুর বরাহরূপে পাতালে গমন, এবং অন্তসীমা-অদর্শনে খিন্নমনা বিষ্ণুর স্বস্থানে প্রত্যাবর্ত্তন। ৬৬৬

১২শ অঃ।—তৈজস লিঙ্গের উর্দ্ধসীমা দর্শনার্থী হংসরূপী বিধাতার উর্দ্ধে গমনানন্তর ব্যাকুলতা-

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়। পৃষ্ঠা।

প্রাপ্তি ও অতিদূরে কেতকীসহ সমাগম এবং কেতকী সমীপে তৈজসলিঙ্গের অন্তসীমা বিবরণ শ্রবণ। ৬৬৮

১৩ অঃ।—মিথ্যাসাক্ষ্যদানার্থ বিধাতার প্রার্থনায় কেতকীর অঙ্গীকার, কেতকী সহ বিধাতার পূর্ব্বস্থানে প্রত্যাবর্ত্তন, বিষ্ণুসমীপে বিধাতার "লিঙ্গোর্দ্ধসীমা দেখিয়াছি" এইরূপ মিথ্যোক্তি, কেতকীরও ঐরূপমিথ্যাসাক্ষ্য দান। ৬৬৯

১৪শ অঃ।—বিধাতার বাক্যে সান্দিগ্ধান বিষ্ণুর তত্ত্বনির্ণয়ার্থ তৈজস লিঙ্গের স্তব। ৬৭১

১৫শ অঃ।—স্তুতিতুষ্ট শিবের তৈজস-স্তম্ভ ভেদপূর্ব্বক পঞ্চাননমূর্ত্তি প্রকাশ, তদ্দর্শনে বিষ্ণুর আনন্দ, ব্রহ্মার লজ্জা, মহেশ্বর কর্ত্তৃক ব্রহ্মাকে "তুমি অপূজ্য হইবে" এইরূপ এবং কেতকীর প্রতি "মদীয় পূজার অযোগ্য হইবে" এইরূপ অভিশাপ, ব্রহ্মার শিবস্তুতিকরণে উদ্যম। ৬৭৩

১৬শ অঃ।—বিধি কর্ত্তৃক শিবের স্তব, স্তুতিতুষ্ট শিবের বিধিবিষ্ণুর প্রতি বরদান ও অরুণাচলে বাসার্থ আদেশপূর্ব্বক অন্তর্ধান, বিধিবিষ্ণু কর্ত্তৃক অরুণাচলে সরোবর খনন, অরুণপুর নির্ম্মাণ ও অরুণাচলেশের মন্দির-নির্ম্মাণ। ৬৭৫

১৭শ অঃ।—শিবপার্ব্বতীর বিহার, পার্ব্বতীকৃত তপস্যাবর্ণনপ্রসঙ্গে বিবিধ চরিত্র কীর্ত্তনান্তে বিধিবিষ্ণুর গজানন-ষড়াননরূপে জন্মবৃত্তান্ত। ৬৭৮

১৮শ অঃ।—প্রণয়কোপবশে দেবীর গৌরীত্ব প্রাপ্তিনিমিত্ত তপস্যার্থ সখীগণসহ গৌতমাশ্রমে গমন ও গৌতমোপদেশে তদীয়াশ্রমসমীপে তীব্রতর নিয়ম সহকারে অরুণাচলেশ্বরের পরিচর্য্যারূপ তপশ্চরণ। ... ৬৮০

১৯শ অঃ।—তপঃপরায়ণা দেবীর প্রলোভনার্থ তৎসমীপে মহিষাসুরের দূতপ্রেরণ, দেবীসখীকর্ত্তৃক তপঃস্থান হইতে দূতের বিতাড়ন, মহাসৈন্য সহ মহিষাসুরের দেবীসমীপে আগমন, দেবী কর্ত্তৃক সমাগত দৈত্যসংহারার্থ দুর্গার প্রতি আদেশ, দুর্গা কর্ত্তৃক নিজদেহ হইতে বিবিধ যোগিনী মাতৃকাদি সৈন্য সৃজন, উভয় সৈন্যে তুমুল যুদ্ধ, মহিষাসুরের অজেয়ত্ব দর্শনে যোগিন্যাদি কর্ত্তৃক দেবীর স্তুতি, মহিষাসুর সহ দুর্গার যুদ্ধ ও মহিষাসুরসংহার! ... ৬৮৪

২০শ অঃ।—দুর্গার হস্তে মহিষাসুরের মস্তক সংলগ্ন হওয়ায় দেবীর উপদেশক্রমে খড়্গাঘাতে খড়্গতীর্থ নির্ম্মাণপূর্ব্বক তাহাতে স্নান, স্নানকালে মহিষাসুরমস্তকস্থ লিঙ্গের পতন, খড়্গতীর্থতীরে 'পাপনাশন' নাম করণপূর্ব্বক সেই লিঙ্গের স্থাপন, উন্মজ্জন কালে হস্ত হইতে মহিষাসুর-মস্তকের পতন, দেবীর শিবভক্ত মহিষাসুরহত্যাজনিত পাপাপনোদনার্থ গৌতমের নিকট প্রায়শ্চিত্ত জিজ্ঞাসা, গৌতমের কার্ত্তিকপূর্ণিমায় অরুণাচলেশের জ্যোতিদর্শন পর্য্যন্ত কাল তপস্যার্থ উপদেশ, দেবীর তপশ্চর্য্যা, কার্ত্তিকপূর্ণিমায় অরুণাচলশিখরে জ্যোতিদর্শনে স্তুতি, শিবের নিজ মূর্ত্তি ধারণপূর্ব্বক দেবীসমীপে আবির্ভাব ও দেবীর সান্ত্বনা ... ৬৮৮

২১শ অঃ।—শিবকর্ত্তৃক পার্শ্বোপবেশিতা দেবীর 'স্তন্যার্থী কার্ত্তিকেয়কে ছাড়িয়া তপস্যার্থ নির্গমণ হেতু' 'অপীতকুচা' নামকরণ, মহিষমর্দ্দিনী দুর্গার দেবীসমীপে অবস্থান, ও দেবীর খড়্গতীর্থ গৌতম ও মাতৃকাগণের প্রতি বরদান। ৬৯১

২২শ অঃ।—পাণ্ড্যদেশীয় সার্ব্বভৌম বজ্রাঙ্গদ রাজার চরিত,—মৃগানুসারী বজ্রাঙ্গদ রাজার অরুণাচলে গমন, পথিমধ্যে তদীয় বাহন তুরঙ্গের পতন, তৎসহ রাজারও পতন, তুরঙ্গ ও মৃগের অরুণাচলে মরণহেতু খেচরত্বলাভ, রাজার খেচরদ্বয়ের প্রতি তাদৃশ-গতিলাভের হেতু জিজ্ঞাসা, খেচর-দ্বয়ের মধ্যে কান্তিশালী নামক বিদ্যাধরের আত্মচরিত কীর্ত্তন,—নিজের প্রতি দুর্ব্বাসার শাপহেতু কথন প্রসঙ্গে অরুণাচলের প্রদক্ষিণমাহাত্ম্য,—অরুণাচলরূপী শিবের আত্মপ্রদক্ষিণকারী হেরম্বের প্রতি বরদান ও অরুণাচল প্রদক্ষিণমাহাত্ম্য কীর্ত্তন। ৬৯৩

২৩শ অঃ।—কলাধর নামক অপর বিদ্যাধরের নিজ শাপবিবরণ কথন, বিদ্যাধরদ্বয়ের উপদেশে বজ্রাঙ্গদ রাজার অরুণাচলের প্রতি দৃঢ় ভক্তি স্থাপন। ৬৯৬

২৪শ অঃ।—বজ্রাঙ্গদ রাজার অরুণাচলসেবার্থ যথাসর্ব্বস্ব বিপ্রসাৎ করণান্তে গৌতমাশ্রমসমীপে স্বীয় তপোবন বিধানপূর্ব্বক সর্ব্বতীর্থস্নান

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

বিষয়।	পৃষ্ঠা।
ও সর্ব্বশিব-দেবার্চ্চন সহকারে তপশ্চরণ, শিবের বজ্রাঙ্গদের প্রতি বরদান, তৎপ্রভাবে বজ্রাঙ্গদের মহতী ভুক্তি ও সদ্‌গতিলাভ, অরুণাচলের সর্ব্বাধিক উৎকর্ষ-কীর্ত্তনপূর্ব্বক অরুণাচলমাহাত্ম্যের উপসংহার। ...	৬৯৭

অরুণাচলমাহাত্ম্য উত্তরার্দ্ধ সমাপ্ত।

মহেশ্বরখণ্ড সমাপ্ত ॥ ১ ॥

CC-0. Public Domain. Jangamwadi Math Collection, Varanasi

Digitized by eGangotri and Sarayu Trust. Funding by of-IKS

স্কন্দপুরাণের সূচী পত্র।

বিষ্ণু-খণ্ড।

বিষয় পৃষ্ঠা

বেঙ্কটাচলমাহাত্ম্য।

